( *A Text Book of School Final Sanskrit Grammar & Composition* )

## AIDS TO

# THE STUDY OF SANSKRIT

PARTS 1—IV

[ **For Classes VII—X** ]



BY


## *Pandit Siva Sankar Sastri*

Kavya-Vyakaran-Paninitirtha ( Gold Medalist )
Senior Teacher of Sanskrit, Mitra Institution, Bhowanipur
Prof, Sreekanta Vidyapitha, Howrah
Examiner, Calcutta University
Paper-setter & Examiner of Panini Govt. Title
Examination, Ex-Member, Govt. Central
Organisation, Sanskrit Collage,
Calcutta



## Publishers' Syndicate

**2D, Shyama Charan Dey Street,**
**Calcutta.**




**Price Rs. 2/12/-**

Published by
**N. Mukherjee**
6, College Row,
Calcutta

*To be had of :—*
**BANI BHABAN**
**506, Diamond Harbour Rd,**
Behala, Calcutta—34



# DEDICATED

**To**

**My Grandfather,**
**Late Pandit Sreekanta Vidyaratna**
Of revered memory

Printed by—
**KALIGANGA PRESS**
**K. K. Bhattacharjee**
46/1, Bechu Chatterje street,
Calcutta

| Subjects | Page No |
|---|---|
| Elementary Knowledge of (সমাস) | 159 |
| Translation—Examples | 163 |
| PART III | |
| Pronoun (সর্ব্বনাম) | 173 |
| Change of ন into ণ ( ণত্ববিধান ) | 178 |
| Change of স into ষ ( ষত্ববিধান ) | 179 |
| Tense and Mood ( লকারার্থনির্ণয় ) | 181 |
| Present tense ( লট্ ) | 181 |
| Imperative mood ( লোট্ ) | 182 |
| Translation --Examples | 183 |
| Past tense (লঙ্, লিট্, লুঙ্) | 184 |
| Translation—Examples | 186 |
| Future tense ( লৃট ও লুট ) | 187 |
| Subjunctive mood (বিধিলিঙ্ ) | 188 |
| Benedictive ( আশীর্লিঙ্ ) | 189 |
| Conditional ( লৃঙ্ ) | 189 |
| Translation—Examples | 190 |
| Indeclinable ( A ) ( অব্যয় ) | 195 |
| Translation—Examples | 197 |
| Indeclinable (B ) | 198 |
| Translation—Examples | 199 |
| Indeclinable (C) | 200 |
| Translation—Examples | 202 |
| Indeclinable (D) | 203 |
| Translation—Examples | 204 |
| Indeclinable (E) | 205 |
| Translation—Examples | 207 |
| Preposition (উপসর্গ) | 209 |
| Numerals ( সংখ্যাবাচক শব্দ ) | 209 |
| Causative verbs (ণিজন্ত ধাতু) | 212 |

| Subjects | Page No |
|---|---|
| Desederative verbs (সনন্ত ধাতু) | 217 |
| Frequentative verbs (যঙন্ত ধাতু) | 219 |
| Nominal verbs (নাম ধাতু) | 220 |
| Feminine Suffixes (স্ত্রীপ্রত্যয়) | 223 |
| Translation—Examples | 227 |


## PART IV


| | |
|---|---|
| পরস্মৈপদ বিধান | 232 |
| আত্মনেপদ বিধান | 933 |
| Additional Examples | 239 |
| Translation—Examples | 242 |
| Nominal Suffixes (তদ্ধিত) | 244 |
| Compounds ( সমাস ) | 257 |
| Determinative compound (তৎপুরুষ) | 258 |
| Appositional Compound (কর্ম্মধারয়) | 260 |
| Translation—Examples | 262 |
| Numeral Compound ( দ্বিগু সমাস ) | 264 |
| Attributive Compound ( বহুব্রীহি সমাস ) | 264 |
| Translation—Examples | 268 |
| Copulative Compouud (দ্বন্দ্ব সমাস) | 270 |
| Adverbial Compound (অব্যয়ীভাব সমাস) | 271 |
| সুপ্‌সুপা, অলুক, নিত্য সমাস ও উপপদ সমাস | 275 |
| Translation—Examples | 276 |
| Miscellaneous Exercises | 276 |
| Similar words distinguished | 308 |
| The synthesis of sentences—(বাক্য সংযোজন) | 312 |
| Additional hints on correction | 313 |
| University Papers—1948—1952 | 321 |
| A Glossary | 324 |

# AIDS TO
# THE STUDY OF SANSKRIT

## PART I

### Introductory Chapter.

§ 1. ইংরাজীর কোন বাক্যকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে প্রথমে সেই বাক্যটিকে মাতৃভাষায় পরিবর্ত্তিত করিয়া পরে উহাকে সংস্কৃতে অনুবাদ করিতে হয়। কারণ, মাতৃভাষার সাহায্য না লইয়া সংস্কৃতে মনোভাব প্রকাশ করা প্রথম শিক্ষার্থীর পক্ষে কষ্টকর। এজন্য তাহাদের প্রতি উপদেশ, তাহারা যেন ইংরাজী বাক্যটিকে প্রথমে মাতৃভাষায় পরিবর্ত্তিত করে এবং পরে উহার সংস্কৃত অনুবাদ করে। ইংরাজী হইতে সংস্কৃতে অনূদিত বাক্যটি যাহাতে শ্রুতিমধুর হয়, সে বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে। ইংরাজীতে বাক্য-বিন্যাস-প্রণালীর বিন্দুমাত্র ব্যতিক্রম হইলে যেমন ব্যাকরণ দুষ্ট হয়, এক্ষণে বাংলা ভাষায় ঐরূপ বাক্য-বিন্যাস-রীতির বিন্দুমাত্র ব্যতিক্রমে কেহ দোষ ধরেন না। অতএব সংস্কৃতেও ঐরূপ বিশেষ কোন নিয়ম না থাকায় ইংরাজী বাক্যটীকে প্রথমে বাংলা ভাষায় অনুবাদ করিয়া লইয়া পরে উহার যথাযথ অনুবাদ করা যাইতে পারে। "I read the Ramayana" এই বাক্যটির বাংলা ভাষায় অনুবাদ হইবে "আমি রামায়ণ পড়ি"। এখানে 'আমি' এই পদটির সংস্কৃত 'অহম্', 'রামায়ণ' পদটি কর্ম্মকারক বলিয়া উহার সংস্কৃত 'রামায়ণম্' এবং 'পড়ি' ইহার সংস্কৃত 'পঠামি'। এক্ষণে পদগুলি একত্র সাজাইলে "অহং রামায়ণং পঠামি" এরূপ একটি সম্পূর্ণ বাক্যে পরিণত হইবে।

§ 2. ইংরাজীর কোন অংশকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে উপর্য্যুক্ত নিয়মানুসারে প্রথমে বাংলা ভাষায় পরিবর্ত্তিত করিয়া পরে তাহার সংস্কৃতে অনুবাদ করাই ছাত্রগণের পক্ষে সহজ উপায়।

ইংরাজীর কোন বাক্যের কথা ধরিয়া সর্ব্বত্র অনুবাদ করা চলে না, অর্থ ধরিয়াই অনুবাদ করিতে হয়। যথা :—"He has a dog" ইহার সংস্কৃত 'তস্য একঃ কুক্কুরঃ অস্তি' এইরূপ :—

(a) It is a beautiful picture. (বঙ্গানুবাদ) ইহা সুন্দর আলেখ্য (সংস্কৃতানুবাদ) ইদং সুন্দরম্ আলেখ্যম্।

(b) The air is cool. (বাং) পবন হয় শীতল। (সং) পবনঃ হি শীতলঃ।

(c) The cows lie down on the soft grass. (বাং) ধেনুসকল কোমল তৃণের উপরি শয়ন করে। (সং) ধেনবঃ কোমলস্য তৃণস্য উপরি শেরতে।

(d) A brisk bee hums near me. (বাং) একটি চপল মক্ষিকা আমার নিকট গুঞ্জন করিতেছে। (সং) একঃ চপলঃ ষট্পদঃ মম অন্তিকে গুঞ্জতি।

(e) The bright moon and stars will soon rise and give us light. (বাং) উজ্জ্বল চন্দ্র ও নক্ষত্রসকল শীঘ্র উঠিবে এবং আমাদিগকে আলোক দান করিবে। (সং) উজ্জ্বলশ্চন্দ্রো নক্ষত্রাণি চ শীঘ্রম্ উদেষ্যন্তি অস্মভ্যং চ আলোকং দাস্যন্তি।

(f) "On a dark night the king heard a pitiful wail. He called his servants and ordered them to ascertain the cause of the cry."

ইহার বাংলা অনুবাদ যথা :—

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| "একদা | তমসাচ্ছন্ন | রাত্রিতে | নরপতি | করুণ | বিলাপ | শুনিলেন। |
| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| তিনি | তাঁহার | ভৃত্যদিগকে | ডাকিলেন | এবং | বিলাপের | কারণনিরূপণের জন্য |
| 15 | 16 | | | | | |

তাহাদিগকে আদেশ করিলেন।" এই অংশের সংস্কৃতে আক্ষরিক অনুবাদ যথা :—

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
|---|---|---|---|---|---|---|
| একদা | তমসাচ্ছন্নায়াং | রাত্রৌ | নরপতিঃ | করুণং | বিলাপম্ | অশৃণোৎ। |

| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
|---|---|---|---|---|---|---|---|---|
| স | তস্য | ভৃত্যান্ | আজুহাব | বিলাপস্য | চ | কারণনিরূপণায় | তান্ | আদিদেশ। |

§ 3. ভাষার সৌন্দর্য্যরক্ষার জন্য কখন কখন ইংরাজীর দুই তিনটি বাক্যকে একটি বাক্যে পরিণত করিতে হয়, কখনও বা একটি বাক্যকে ভাঙ্গিয়া দুই বা ততোধিক বাক্যে পরিণত করিতে হয়। ইহার উদাহরণস্থল উপরের সংস্কৃত বাক্যটি। উপরের অংশটির মধ্যে 'স তস্য......আদিদেশ' এই বাক্যদ্বয়ের সৌন্দর্য্যরক্ষার জন্য "স তস্য ভৃত্যানাহূয় বিলাপস্য কারণনিরূপণায় আদিদেশ" এইরূপ একটি মাত্র বাক্যেও লেখা যাইতে পারে।

§ 4. ইংরাজীতে বাক্যে পদস্থাপনের নিয়ম আছে। কিন্তু সংস্কৃতে পদস্থাপনের কোন নির্দ্দিষ্ট নিয়ম নাই। ইংরাজীতে যেমন প্রথমে nominative, তাহার পর verb এবং তাহার পর object বসে, সংস্কৃতে সেইরূপ কোন বিশেষ নিয়ম নাই। অতএব পদস্থাপনের ব্যতিক্রম হইলেও উহা দোষ বলিয়া গণ্য হয় না। যথা :—He is seeing the moon. এই ইংরাজী বাক্যটির সংস্কৃত অনুবাদ নানাপ্রকারে করা যাইতে পারে। স চন্দ্রং পশ্যতি, চন্দ্রং স পশ্যতি, পশ্যতি স চন্দ্রম্ এই সমস্ত প্রকারই হইতে পারে। উপরের ইংরাজী বাক্যটির সংস্কৃত বাক্যটিকে ইচ্ছামত সাজান গেল বটে, কিন্তু উহাদের অর্থের কোন ব্যতিক্রম হয় নাই। সংস্কৃতে অন্বয় করিয়া লইবার রীতি থাকায় ঐরূপ ভাবে পদস্থাপনে কোন দোষ হয় না।

§ 5. সংস্কৃতে অনুবাদ অথবা বাক্য রচনা করিতে হইলে শব্দরূপ, ধাতুরূপ ও বিভক্তির জ্ঞান একান্ত আবশ্যক। তবে প্রথম শিক্ষার্থীর পক্ষে সাধারণ শব্দ, ধাতু এবং বিভক্তির সাধারণ জ্ঞানই যথেষ্ট। নিম্নে সাতটি বিভক্তিরচিহ্ন বিবৃত হইল। শিক্ষার্থিগণ ঐ চিহ্নগুলির সাহায্যে সাধারণভাবে অনুবাদক্রিয়া সম্পন্ন করিতে পারিবে।

(a) কর্ত্তৃকারকে, কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে এবং সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। প্রথমা বিভক্তির চিহ্ন—অ, এ, তে, য়। যথা—বালকঃ পঠতি ( বালক পড়িতেছে ); লোকাঃ বদন্তি ( লোকে বলে ); গাবঃ ঘাসং খাদন্তি ( গরুতে ঘাস খায় ); অশ্বাঃ শকটং বহন্তি ( ঘোড়ায় গাড়ী টানে ); চন্দ্রো দৃশ্যতে ( চন্দ্র দেখা যাইতেছে ); হে রাম! ( ওহে রাম! )।

(b) কর্ম্মকারকে, ক্রিয়ার বিশেষণে, ব্যাপ্তি অর্থে এবং ধিক্ ও বিনা শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। দ্বিতীয়া বিভক্তির চিহ্ন—কে, রে, য়, অ। যথা—রামং বদ ( রামকে বল ); পিতরং প্রণম ( পিতারে প্রণাম কর ); স মাম্ অবদৎ ( তিনি আমায় বলিলেন ); জ্ঞানং দেহি ( জ্ঞান দাও )।

ক্রিয়ার বিশেষণ যথা—স সুন্দরং পঠতি ( সে সুন্দর পড়িতেছে )।

ব্যাপ্তি অর্থে যথা—স মাসং পঠতি ( সে একমাস ব্যাপিয়া পড়িতেছে )।

ধিক্ শব্দ যোগে যথা—পাপিনং ধিক্ ( পাপীকে ধিক্ )।

বিনা শব্দ যোগে যথা—যত্নং বিনা বিদ্যা ন ভবতি ( যত্ন বিনা বিদ্যা হয় না )।

(c) করণকারকে, কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে কর্ত্তৃকারকে এবং উনার্থ, সহার্থ ও প্রয়োজনার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। তৃতীয়া বিভক্তির চিহ্ন—দ্বারা, দিয়া, এ, তে, য়, কর্ত্তৃক, র। যথা—করণকারকে যথা—ছুরিকয়া ছিনত্তি ( ছুরি দ্বারা কাটিতেছে );

হস্তেন গৃহাণ ( হাত দিয়া ধর );

চক্ষুষা পশ্যতি ( চোখে দেখিতেছে );

উড়ুপেন তরতি ( ভেলাতে অথবা ভেলায় পার হইতেছে );

কর্ম্মবাচ্যে—রামেণ শাস্ত্রং পঠ্যতে ( রামকর্ত্তৃক শাস্ত্র পঠিত হইতেছে );

ভাববাচ্যে—ময়া গন্তব্যম্ ( আমার যাওয়া হইবে );

উনার্থ—বিদ্যয়া হীনঃ ( বিদ্যায় হীন );

সহার্থ—পিতা পুত্রেণ সহ গচ্ছতি ( পিতা পুত্রের সহিত যাইতেছে );

প্রয়োজনার্থ—বিবাদেন প্রয়োজনং নাস্তি ( বিবাদে প্রয়োজন নাই );

(d) সম্প্রদানকারকে ( অর্থাৎ যাহাকে কোন বস্তু দান করা যায় তাহাতে), প্রণাম এবং নমস্ প্রভৃতি শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। চতুর্থী বিভক্তির চিহ্ন দ্বিতীয়া বিভক্তির ন্যায়। যথা দরিদ্রায় ধনং দেহি ( দরিদ্রকে ধন দাও ); পিত্রে প্রণামঃ ( পিতায় প্রণাম ); গণেশায় নমঃ ( গণেশকে নমস্কার )।

(e) অপাদানকারকে ও ভিন্নার্থ ( ভিন্ন, অন্য, পৃথক্ ) প্রভৃতি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। পঞ্চমী বিভক্তির আকৃতি—হইতে, থেকে ইত্যাদি। যথা—বৃক্ষাৎ পত্রং পততি ( বৃক্ষ হইতে পত্র পড়িতেছে ); গ্রামাৎ আগচ্ছতি ( গ্রাম থেকে আসিতেছে ); মিত্রাৎ অন্যঃ ক ইদং করিষ্যতি ( মিত্র ভিন্ন কে ইহা করিবে )।

(f) সম্বন্ধপদে এবং তুল্যার্থ ও নির্দ্ধার অর্থে ষষ্ঠী বিভক্তি হয়। ষষ্ঠী বিভক্তির চিহ্ন—'র', তুল্যার্থ—তুল্য, সদৃশ, সম ইত্যাদি।

নির্দ্ধার—একজাতীয় অনেক পদার্থের মধ্যে একটিকে পৃথক্ করিয়া বলা। ক্রমিক উদাহরণ যথা—রামস্য বস্ত্রম্ ( রামের বস্ত্র ); শিক্ষকঃ জনকস্য তুল্যঃ ( শিক্ষক জনকের তুল্য ); পর্ব্বতানাং হিমালয়ঃ শ্রেষ্ঠঃ ( হিমালয় পর্ব্বতের শ্রেষ্ঠ )।

(g) অধিকরণকারকে সপ্তমী বিভক্তি হয়। সপ্তমী বিভক্তির চিহ্ন—এ, তে, য়। যথা—জলে মৎস্যাঃ সন্তি ( জলে মৎস্যসকল আছে ); নদ্যাং প্লবতে ( নদীতে ভাসিতেছে ); লতায়াং পুষ্পম্ ( লতায় পুষ্প )।

নিম্নে ইংরাজী চিহ্নের সহিত উপরি লিখিত বাংলা চিহ্নগুলির তালিকা প্রদত্ত হইল :—

| কারক ( Case ) | বিভক্তি | বাংলা চিহ্ন | ইংরাজী চিহ্ন |
|---|---|---|---|
| কর্ত্তৃকারক (Nominative) | ১মা | অ, এ, তে | — |
| কর্ম্মকারক (Accusative) | ২য়া | কে, রে, য়, অ | To |
| করণকারক (Instrumental) | ৩য়া | দ্বারা, দিয়া | By, with |
| সম্প্রদানকারক (Dative) | চতুর্থী | কে, রে | To |
| অপাদানকারক (Ablative) | ৫মী | হইতে, থেকে | From |

| কারক ( Case ) | বিভক্তি | বাংলা চিহ্ন | ইংরাজী চিহ্ন |
|---|---|---|---|
| সম্বন্ধপদ (Genitive) | ৬ষ্ঠী | 'র' | Of |
| অধিকরণকারক ( Locative) | ৭মী | এ, তে, য় | In, on, upon |

§ 6. সাধারণতঃ দেখিতে পাওয়া যায় বালকেরা অনুবাদকালে Introductory 'there' এর পরিবর্ত্তে 'তত্র' এই পদ প্রয়োগ করিয়া থাকে। কিন্তু তাহাদের জানিয়া রাখা উচিত যে, বাংলা ভাষায় অনুবাদকালে যেমন 'there' এর অর্থে কিছু বলিতে হয় না, তদ্রূপ সংস্কৃতেও উহার পরিবর্ত্তে 'তত্র' প্রয়োগ করিতে হয় না। যথা—There lived in Mithila a King Janaka by name.—মিথিলায়াং জনকো নাম নরপতিঃ প্রতিবসতি স্ম।

There is a town Subarnabaty by name in the Deccan.—অস্তি দাক্ষিণাত্যে সুবর্ণবতী নাম নগরী।

## Exercise 1

1. Translate into Sanskrit :—

( a ) To the poor boy. Of a blind man. From a poor ( দরিদ্রায়াঃ ) mother. For the beautiful boys. To the honest man. On a large ( বিশাল ) tree. Of the lovely forest. The blue sky. For the lame man. By the intelligent friend. In the bright stars. From a deep pond. Of the virtuous king. In the beautiful garden. Of the clear sky. On the high mountains. To the kind king. With the sweet flowers. Sweet milk. For terrible famine. By a good doctor. Of the high tree. The most fearful tiger. From the kind hermit. For pure fame. For the wild animal. By a poor man.

( b ) অন্ধ বালকটিকে। দরিদ্র লোকটির পুত্র। নীল আকাশে। সুন্দর বালক হইতে। ধার্ম্মিক রাজার। শীতল পবনের জন্য। চন্দ্রের শোভাহেতু। বিদ্যালয়ে বালকগণ। পূর্ণ চন্দ্রের। উন্নত পর্ব্বতটিতে। মধুর গীত দ্বারা।

# Chapter 1

## LESSON I

## Definition ( পরিভাষা )

§ 7. **প্রকৃতি**।—ক্রিয়াবাচক কিংবা বস্তুবাচক অথবা বস্তুর বিশেষণ বাঁচককে প্রকৃতি ( Radicals ) বলে। প্রকৃতি দুই প্রকার—(i) ধাতু ও (ii) প্রাতিপদিক।

(i) **ভূবাদয়ো ধাতবঃ**—ভূ, স্থা, গম্ প্রভৃতিকে ধাতু (verbal roots) বলে।

(ii) **অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্**—[ ধাতুং প্রত্যয়ং প্রত্যয়ান্তঞ্চ বর্জ্জয়িত্বা অর্থবৎ শব্দস্বরূপং প্রাতিপদিকসংজ্ঞং স্যাৎ। ] যাহা ধাতু, প্রত্যয় ও প্রত্যয়ান্ত নহে এবং যাহার অর্থ আছে, তাহাকে প্রাতিপদিক (nominal bases) কহে। যথা—সূর্য্য, চন্দ্র, লতা, জল, প্রবল, সুন্দর ইত্যাদি।

§ 8. **পদ**—বর্ণাঃ পদং প্রয়োগার্হানন্বিতৈকার্থবোধকাঃ—

প্রয়োগযোগ্য অনন্বিত ও একার্থবোধক বর্ণসমূহকে পদ বলে। যথা ঘটঃ; এখানে 'ঘটঃ' এই পদ ঘটত্ববিশিষ্ট বস্তুর বোধক; ইহার যথাবস্থিত বর্ণসমূহ উক্ত অর্থের জ্ঞাপক। 'প্রয়োগার্হ' এই বিশেষণ দ্বারা বিভক্তিশূন্য প্রাতিপদিকের পদত্ব নিরাশ করা হইল। নতুবা 'ঘট' এই প্রাতিপদিক অনন্বিত একার্থবোধক বর্ণসমষ্টি বলিয়া উহার পদলক্ষণ হইত। কিন্তু উক্ত বিশেষণ থাকায় তাহা নিবারিত হইয়াছে। কারণ—

**"নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত"**

এই নিয়মানুসারে বিভক্তিবিহীন শব্দের প্রয়োগ করিতে নাই।

§ 9. (i) **বিভক্তি**—ধাতুর উত্তর তিপ, তস, অন্তি প্রভৃতি ও প্রাতিপদিকের উত্তর সু, ঔ, জস্ প্রভৃতি প্রত্যয়কে বিভক্তি বলে।

(ii) **কৃৎ**—ধাতুর উত্তর তব্য, অনীয় প্রভৃতি যে সকল প্রত্যয় হয় তাহাকে কৃৎপ্রত্যয় বলে।

(iii) **তদ্ধিত**—প্রাতিপদিকের উত্তর ষ্ণ, ষ্ণেয় প্রভৃতি যে সকল প্রত্যয় হয় তাহাদিগকে তদ্ধিত প্রত্যয় বলে।

§ 10. (i) **গুণ**—ই, ঈ স্থানে এ; উ, ঊ স্থানে ও; ঋ, ৠ স্থানে অর্ এবং ঌ স্থানে অল্ হওয়ার নাম গুণ।

(ii) **বৃদ্ধি**—অ স্থানে আ; ই, ঈ, এ, ঐ স্থানে ঐ; উ, ঊ, ও, ঔ স্থানে ঔ; ঋ, ৠ স্থানে আর্ হওয়ার নাম বৃদ্ধি।

(iii) **সবর্ণ**—"**তুলাস্যপ্রযত্নং সবর্ণম্**"—যে সকল বর্ণের উচ্চারণ স্থান এক এবং যাহাদের উচ্চারণে সমান প্রযত্নের প্রয়োজন, তাহারা পরস্পর সবর্ণ। অর্থাৎ অবর্ণ (অ, আ) অবর্ণের; ইবর্ণ (ই, ঈ) ইবর্ণের; ঋবর্ণ (ঋ, ৠ) ঋবর্ণের এবং ঌবর্ণ ঌবর্ণের সবর্ণ।

**উপধা**—"**আলোঽন্ত্যাৎ পূর্ব্ব উপধা**"—শব্দের অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণকে শব্দের উপধা বলে। যথা—রাম শব্দের অন্ত্যবর্ণ 'অ' এবং উহার পূর্ব্ববর্ত্তী বর্ণ 'ম্'। অতএব এখানে 'ম্' এইটাই উপধা।

## Exercise 2

1. Difine প্রাতিপদিক, পদ, সবর্ণ and উপধা।
2. Distinguish between কৃৎ and তদ্ধিত।
3. What do you know about গুণ and বৃদ্ধি।
4. Translate into Sanskrit :—

(a) By the brother of Jadu. The roar of the ocean. By the hand of Rama. Of the powerful man. On the top of a mountain. From deep wells. To a big tree. In the beautiful face of the boy.

(b) Boys love noise. The dogs of this village (অস্য গ্রামস্য) are strong. The students of this class are lazy. The ass is a useful animal. Charity is a great virtue.

## LESSON 2

### Important rules of the declension of nominal bases.

§ 11. সংস্কৃত শিক্ষার্থী বালকগণের বাক্যরচনায় সাধারণতঃ অনেক প্রকার শব্দের ভুল দেখিতে পাওয়া যায়। এজন্য উদাহরণস্বরূপ নিম্নে কতকগুলি প্রদত্ত হইল। বালকগণ সেইগুলির প্রতি দৃষ্টি রাখিলে বিশেষ উপকৃত হইবে।

(a) স্বরান্ত এবং ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দের প্রথমার বহুবচনে বিসর্গ থাকে।

(b) প্রায় সকল শব্দেরই তৃতীয়া, চতুর্থী ও পঞ্চমীর বহুবচনে, পঞ্চমী ও ষষ্ঠীর একবচনে এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনে বিসর্গ থাকে। কেবল অকারান্ত শব্দের পঞ্চমী ও ষষ্ঠীর একবচনে বিসর্গ থাকে না।

(c) ইকারান্ত ও উকারান্ত শব্দের প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে শেষ স্বর দীর্ঘ হয়। যথ—মুনী, পতী, সাধূ, মতী, বারিণী, মধূনী।

(d) দ্বিতীয়ার বহুবচনে যে সকল পদ গঠিত হয়, তাহাদের শেষে যদি 'ন্' থাকে, তাহা হইলে ঐ 'ন্' এর পূর্ব্ববর্ত্তী স্বর দীর্ঘ হয়। যথা—গজান্, অরীন্, পতীন্, শত্রূন্, সখীন্ ইত্যাদি।

(e) ষষ্ঠীর বহুবচনে যে সকল শব্দের শেষে "নাম্" হয়, সেই সকল স্থলে 'নাম্' এর পূর্ব্ববর্ত্তী স্বর দীর্ঘ হয়। যথা—নরাণাম্, অরীণাম্, পতীনাম্, সখীনাম্ ইত্যাদি।

N. B.—কিন্তু অন্ ও ইন্ ভাগান্ত শব্দের স্বর দীর্ঘ হয় না। যথা—আত্মনাম্, গুণিনাম্। কিন্তু নৃ শব্দ—নৃণাম্ ও নৃণাম্ এই দুইটি পদ হয়।

(f) অকারান্ত ভিন্ন স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দসমূহের প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে 'হ্রস্বদীর্ঘ' এবং বহুবচনে 'দীর্ঘহ্রস্ব' হয়, যথা—(দ্বিবচনে) বারিণী, মধূনী; (বহুবচনে) বারীণি, মধূনি ইত্যাদি।

(g) সুধী, শ্রী ও স্ত্রী শব্দের এবং ইহাদের তুল্য যাহাদের রূপ তাহাদের পরে 'য়' থাকিলে ইকার হইবে, অন্যত্র ঈকার। যথা--সুধিয়ঃ; সুধিয়াম্, স্ত্রিয়ঃ; অন্যত্র সুধীভ্যাম, শ্রীভিঃ, স্ত্রীণাম্।

(h) ভ্রূ, ভূ, সুভ্রূ ও যুবন্ শব্দের 'ব' পরে থাকিলে উকার হয়। যথা—ভ্রুবাম্, অন্যত্র ভ্রূণাম্; যুবানম্, অন্যত্র যূনঃ ইত্যাদি।

(i) রাজা পদটি 'রাজন্' শব্দের প্রথমার একবচনে নিষ্পন্ন; সুতরাং ষষ্ঠীর একবচনে 'রাজ্ঞঃ' পদ হয়। **রাজা আকারান্ত শব্দ নহে।**

(j) সম্রাট্ অথবা সম্রাজ অকারান্ত শব্দ নহে। উহা জকারান্ত সম্রাজ শব্দ; সুতরাং ষষ্ঠীর বহুবচনে সম্রাটস্য অথবা সম্রাজস্য না হইয়া 'সম্রাজঃ' এই পদ হয়।

(k) আকারান্ত অম্বা (mother) শব্দের সম্বোধনের একবচনে 'অম্ব' এই পদ হয়, এই মাত্র বিশেষ। আর সমুদায় বিভক্তিতে লতা শব্দের তুল্য।

(l) বিদ্বান্, সত্যবান্ এবং হনুমান্—ইহারা অকারান্ত শব্দ নহে। ইহারা যথাক্রমে বস্, বৎ ও মৎ প্রত্যয়ান্ত শব্দ। অতএব 'বিদ্বস্' শব্দের ষষ্ঠীর একবচনে 'বিদুষঃ,' সত্যবৎ এবং হনুমৎ শব্দের তৃতীয়ার একবচনে যথাক্রমে 'সত্যবতা' ও 'হনুমতা' পদ হয়।

(m) **পতি মুনিবৎ সমাসে**—অন্য শব্দের সহিত সমাস হইলে পতি শব্দের রূপ মুনি শব্দের তুল্য হয়। কিন্তু সখি শব্দের রূপ মুনি শব্দের মত নহে।

(n) পতি শব্দের রূপ মুনি শব্দের তুল্য নহে। উহার তৃতীয়ার একবচনে 'পতিনা' না হইয়া 'পত্যা' পদ হয়।

N. B.—হিরণ্যকশিপু শব্দ সাধু শব্দের ন্যায়।

(o) পথ, রাত্র, দিক্, জন্ম, কর্ম্ম, চন্দ্রমা, মাতা, পিতা, মহিমা, ধর্ম্মাত্মা, সুহৃদ ও মন ইহারা যথাক্রমে পথিন্ রাত্রি, দিশ্, জন্মন্, কর্ম্মন্, চন্দ্রমস্, মাতৃ, পিতৃ, মহিমন্, ধর্ম্মাত্মন্, সুহৃদ্ ও মনস্ শব্দ।

(p) দধি, অক্ষি, অস্থি ও সক্থি শব্দের রূপ 'বারি' শব্দের তুল্য নহে।

অন্য ও ইতর শব্দের রূপ অবিকল সর্ব্ব শব্দের মত হইলেও ক্লীবলিঙ্গের প্রথমা ও দ্বিতীয়ার একবচনে 'ম্' স্থানে 'দ্' হয়।

(q) মাতৃ শব্দের দ্বিতীয়ার বহুবচনে 'মাতৄঃ' এই পদ হয়। প্রকৃতি শব্দের অর্থ প্রজা। উহার রূপ স্ত্রীলিঙ্গ 'মতি' শব্দের তুল্য। আর প্রজা শব্দ স্ত্রীলিঙ্গ আকারান্ত লতা শব্দের তুল্য।

(r) সংখ্যাবাচক ত্রি (three), চতুর্ (four) প্রভৃতি শব্দ বহুবচনান্ত ও তিন লিঙ্গে ইহাদের রূপ ভিন্ন আর অষ্টন্ শব্দের তিন লিঙ্গে সমান রূপ।

(s) স্বাদু শব্দের প্রথমা ও দ্বিতীয়ার একবচনে 'ম্' থাকে না।

N. B.—নদী শব্দের সম্বোধনের একবচনে 'নদি' পদ হয় এবং প্রথমার একবচনে বিসর্গ নাই। কিন্তু অবী (a woman in her monthly course), তন্ত্রী ( lute ), তরী ( body ), লক্ষ্মী ( the goddess of fortune ) শব্দের প্রথমার একবচনে বিসর্গ হয়।

## Lesson 3

### Person ( পুরুষ )

§ 12. (a) ইংরাজীর ন্যায় সংস্কৃতেও তিনটি পুরুষ আছে। ইংরাজীর First personকে সংস্কৃতে উত্তম পুরুষ, Second personকে মধ্যম পুরুষ এবং Third personকে প্রথম পুরুষ বলে। অস্মদ্ শব্দ উত্তম পুরুষ, যুষ্মদ্ শব্দ মধ্যম পুরুষ এবং তদ্ভিন্ন সমস্ত শব্দ প্রথম পুরুষ।

(b) **যুষ্মদর্থো ভবদ্যোগে মধ্যমো নেষ্যতে বুধৈঃ।**

সংস্কৃতে ভবৎশব্দটি যুষ্মদর্থবোধক হইলেও প্রথম পুরুষ (First person); সুতরাং ইহার সহিত প্রথম পুরুষের ক্রিয়া ব্যবহৃত হইয়া থাকে। যথা—আগচ্ছতু ভবান্।

(c) কোন উচ্চপদস্থ ব্যক্তিকে সম্বোধন করিতে হইলে ইংরাজীর ন্যায় সংস্কৃতে কিন্তু মধ্যম পুরুষ ব্যবহৃত হয়। যথা—আজ্ঞাপয়তি দেবঃ—As your majesty pleases.

## LESSON 4

## Concord of Substantive and Adjective

§ 13. **গুণাদিভিস্তু যদ্ভেদ্যং তদ্বিশেষ্যমুদাহৃতম্ ।**

যাহা দ্বারা কোন ব্যক্তি, বস্তু, জাতি, গুণ অথবা ক্রিয়ার প্রতীতি হয়, তাহাকে বিশেষ্যপদ বলে। যথা,—

(i) ব্যক্তিবাচক—রামঃ, শ্যামঃ. বিষ্ণুঃ।

(ii) বস্তুবাচক—শিলা, পটঃ, জলম্।

(iii) জাতিবাচক—মনুষ্যঃ, পশুঃ, কীটঃ।

(iv) গুণবাচক—শুক্লত্বম্, লঘুতা, দৃঢ়তা।

(v) ক্রিয়াবাচক—দর্শনম্, গমনম্, ভ্রমণম্।

§ 14. **বিশিষ্যতে অনেন ইতি বিশেষণম্।**

যাহা দ্বারা অন্য কোন বস্তুকে বিশিষ্ট অর্থাৎ প্রধান করা হয়, তাহাকে বিশেষণ বলে। যথা—সুন্দরঃ বালকঃ, সুন্দরী বালিকা, সুন্দরং জলম্।

N. B.—"When two connected works are of the same gender, number, person or tense, they are said to be in concord."

§ 15. বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তিবচনে চ যে।
তানি সর্ব্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি ॥

বিশেষ্য পদের যে লিঙ্গ, যে বচন ও যে বিভক্তি, বিশেষণ পদেরও সেই লিঙ্গ, সেই বচন ও সেই বিভক্তি হয়। যথা—

A good natured boy—সুশীলঃ বালকঃ।

A good natured girl—সুশীলা বালিকা।

A good natured child—সুশীলম্ অপত্যম্।

He called a good natured boy—স সুশীলং বালকম্ আহ্বয়তি স্ম।

By a good natured boy—সুশীলেন বালকেন।

To a good natured boy—সুশীলায় বালকায়।

From a good natured boy—সুশীলাৎ বালকাৎ।

Of a good natured boy—সুশীলস্য বালকস্য।

In a good natured boy—সুশীলে বালকে।

§ 16. কোন বাক্যে Participle adjective বিধেয়রূপে প্রযুক্ত হইলে এবং কোন বিধেয় বিশেষণ উদ্দেশ্যের পরে ব্যবহৃত হইলে উক্ত Participle adjectiveটি উদ্দেশ্যের সহিতই অন্বিত হইবে এবং বিশেষণ পদটি উদ্দেশ্যের অনুযায়ী হইবে না। যথা,—মালবিকা উপায়নং প্রেষিতা—Malavika was sent as a present. এখানে 'প্রেষিতা' এই বিশেষণটি 'উপায়নং' এই বিধেয়ের বিশেষণ না হইয়া 'মালবিকা' এই উদ্দেশ্যের বিশেষণ হইল।

§ 17. সংস্কৃতে যখন দুই বা বহু বিশেষ্য পদ একই বিশেষণ পদের সহিত অন্বিত হয়, তখন বিশেষণ শব্দটি দ্বিবচনান্ত অথবা বহুবচনান্ত হইয়া থাকে এবং বিশেষ্য পদগুলির মধ্যে যখন কোনটি পুংলিঙ্গ, কোনটি স্ত্রীলিঙ্গ হয়, তখন বিশেষণ পদটি পুংলিঙ্গ হইয়া থাকে এবং যখন কোনটি পুংলিঙ্গ কিংবা স্ত্রীলিঙ্গ অথবা কোনটি ক্লীবলিঙ্গ হয়, তখন বিশেষণ পদটি ক্লীবলিঙ্গ হইয়া থাকে। যথা—

পক্ষপাতিনৌ অনয়োঃ অহং দেবী চ—I and the queen are interested in these two.

নাপরাদ্ধৌ অহং দেবী চ—I and the queen are not to blame.

"তস্মিন্ সত্যং ধৃতির্জ্ঞানং তপঃ শৌচং দমঃ শমঃ।
ধ্রুবানি পুরুষব্যাঘ্রে লোকপালসমে নৃপে॥"

—Truth, courage, knowledge, religions, austerities, purity,

self-control and tranquillity are firm in that king, prominent among men and resembling the guardians of the worlds.

§ 18. কখন কখন বিশেষণ পদটি সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী বিশেষ্য পদের **লিঙ্গ** ও **বচন** গ্রহণ করিয়া থাকে। যথা—

যস্য বীর্য্যেণ কৃতিনো বয়ঞ্চ ভুবনানি চ (উ)—By whose valour we are rendered happy as also the three worlds.

কামশ্চ জৃম্ভিতগুণো নবযৌবনঞ্চ (মা)—Love has displayed its power as also the blooming youth.

§ 19. **ক্লীবলিঙ্গং ভবেন্নিত্যমব্যয়স্য বিশেষণম্।**

অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ হইয়া থাকে। যথা—মধুরং হি প্রাতঃ—Sweet is the morning.

### Exercise 3

1. Define the terms বিশেষ্য and বিশেষণ and show how they are interrelated in respect of gender and number.

2. Select suitable adjectives from column I for the nouns in column 2.

| 1 | 2 |
|---|---|
| বেগবতী | ব্যাঘ্রস্য |
| বিদুষী | দৃশ্যেন |
| ভীষণস্য | বালকাৎ |
| সুশীলাৎ | প্রতিমা |
| সুরম্যম্ | নারী |
| মৃন্ময়ী | কাননম্ |
| মনোহরেণ | নদী |

3. Correct :—

মনোহরা গীতম্। বিদ্বান্ ললনা। মহৎ বৃক্ষেণ। শীতলঃ জলম্। দীর্ঘাণাম্

বালকৈঃ। কৃষ্ণস্য গজাৎ। ধনবত্যা নরেণ। উজ্জ্বলানি তারকাঃ। তীক্ষ্ণৈ করৈঃ। পূজনীয়ায় মাতরি। গহনা অরণ্যম্। বুদ্ধিমান্ নারী। মহান্তং প্রতিভাম্। স্নেহময্যা পিত্রা। অগাধায়াং সমুদ্রে। ভবান্ গ্রামং গচ্ছ।

4. Translate into Sanskrit :—

(a) In an auspicious (শুভ) day. By a kind king. A mad man. From the clear sky. Of the cruel boy. In a dark cloud. With a powerful soldier. From an obedient boy. To a virtuous woman. By an affectionate father. In a famous town. A nice picture. Of the Royal glory.

From the lord ( অধিপ ) of the earth. For the treatment ( বৃত্তি ) to the subjects ( প্রজাসু ). From the path of duty. With a poor man. In the great man. Of the strong ( বলবৎ ) animal. In the clear ( নির্ম্মল ) sky.

(b) সুশীল বালিকাকে। বেগবতী নদীতে। ভয়ঙ্কর সিংহ হইতে। গুণী লোকদিগের। বিজন কাননে রামের বাস। দীর্ঘ বৃক্ষ হইতে পতন। ধনী মানবের গৃহ। সুরম্য উদ্যানে সরোবর। ক্ষুদ্র লতায় পুষ্প।

Learn :—

1. Sister-in-law—প্রজাবতী।
2. Nephew—ভ্রাতৃব্যঃ।
3. Sister—জামিঃ, যামিঃ।
4. Brother-in-law—শ্বশুর্য্যঃ।
5. Child—সন্ততিঃ, অপত্যম্।
6. Daughter-in-law—বধূঃ।
7. Co-wife—সমানপতিকা।
8. Fostr-mother—উপমাতা।

## LESSON 5

### Concord of Subject and Verb

§ 20. (a) **যদুদ্দিশ্য ক্রিয়া প্রবর্ত্ততে তদুদ্দেশ্যম্**—যাহাকে লক্ষ্য করিয়া কিছু বলা যায় তাহাকে উদ্দেশ্য বলে

(b) বিধীয়তে যৎ তদ্বিধেয়ম্—যাহার সম্বন্ধে যাহা বলা যায়, তাহাকে বিধেয় বলে।

যথা শোভনো বালকঃ—এখানে বালককে লক্ষ্য করিয়া শোভন বলা হইয়াছে। অতএব 'বালকঃ' উদ্দেশ্য এবং 'শোভনঃ' বিধেয়।

(c) বিশেষণ ক্রিয়াপদের সহিত ব্যবহৃত হইলে তাহাকে বিধেয় বিশেষণ বলে। যথা—স আনন্দিতঃ অভবৎ।

§ 21. "উদ্দেশ্যে চ বিধেয়ে চ বিভক্তিস্তু সমা ভবেৎ।
কদাচিজ্জায়তে তত্র বৈষম্যং লিঙ্গসংখ্যয়োঃ॥"

—সংস্কৃতে উদ্দেশ্য ও বিধেয়ের বিভক্তি সর্ব্বত্র একরূপ হইয়া থাকে; কিন্তু কোন কোন স্থানে লিঙ্গ ও বচনের পার্থক্য দেখা যায়। যথা—
ঈশ্বরঃ সর্ব্বেষাং পিতা ( এখানে লিঙ্গ, বচন ও বিভক্তি সমান )
উদারচরিতানাং তু বসুধৈব কুটুম্বকম্ ( লিঙ্গের পার্থক্য )
দরিদ্রাঃ মে কৃপাপাত্রম্ ( বচনের পার্থক্য )।

§ 22. **প্রকৃতিবিকৃত্যোঃ প্রকৃতিবচ্চ**

উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যে প্রকৃতি ও বিকৃতিভাব থাকিলে উদ্দেশ্যের যে বচন ক্রিয়ারও সেই বচন হয়; যথা—পঞ্চ বৃক্ষাঃ একা নৌকা ভবন্তি। সুবর্ণং কুণ্ডলানি ভবতি। এখানে 'বৃক্ষাঃ' ও 'সুবর্ণং' প্রকৃতি এবং 'নৌকা' ও 'কুণ্ডলানি' বিকৃতি। অতএব প্রকৃতির অনুযায়ীই ক্রিয়ার বচন হইয়াছে।

§ 23. কোন বাক্যে শরণ, কারণ, নিদান, প্রমাণ, পাত্র, আলয়, স্থান, পদ ও ভাজন প্রভৃতি কতকগুলি পদ বিধেয়রূপে ব্যবহৃত হইলেও উদ্দেশ্যে যে বচন ও যে লিঙ্গই প্রযুক্ত হউক না কেন উহারা সর্ব্বদা ক্লীবলিঙ্গে ও একবচনে প্রযুক্ত হয় এবং উদ্দেশ্যের অনুরূপ ক্রিয়াটি হইয়া থাকে। ইহাদিগকে অজহল্লিঙ্গ অব্যয় বলে। যথা—

অমিতাচারঃ রোগোৎপত্তেঃ কারণম্—Intemperence is the root of diseases.

স হি বিবাদস্য নিদানম্—He is the root of the quarrel.

অত্র মহারাজ এব প্রমাণম্—Here your majesty is an authority.

কন্যা পিতুঃ স্নেহপাত্রম্—A daughter is an object of affection of her father.

আস্পদং ত্বমসি সর্ব্বসম্পদাম্—You are the abode of all prosperity.

গুণাঃ পূজাস্থানং গুণিষু (উ)—In the meritorious merits are the objects of worship.

অবিবেকঃ পরমাপদাং পদম্—Indiscretion is the source of great peril.

স হি মম স্নেহভাজনম্—He is the object of my affection.

N. B.—(i) বিশেষ্য অথবা বিশেষণ 'be', 'become', 'grow', 'appear', 'seem' প্রভৃতি Incomplete verb-এর Complement রূপে ব্যবহৃত হইলে তাহাতে কর্ত্তৃকারক প্রযুক্ত হয়। যথা—If this be thy resolution ?—যদি সর্গ এষ তে। Wishing to become the lord of the three worlds—প্রভুঃ বুভূষুঃ ভুবনত্রয়স্য।

(ii) The same rule holds good in passive construction of the transitive verbs of incomplete predication, such as 'call', 'name', 'make', 'consider', 'think', 'choose', 'appoint', etc. as—"কুক্কুরো ব্যাঘ্রঃ কৃতঃ (হি)—The dog was made a tiger. নায়ং মূর্খো মন্তব্যঃ—He should not be considered a fool etc.

§ 24. যদি দুইটি অথবা বহু বিশেষ্য পদ 'তথা', 'চ' প্রভৃতি অব্যয় দ্বারা যুক্ত থাকে তাহা হইলে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে ক্রিয়াটিকে প্রায়ই দ্বিবচনান্ত অথবা বহুবচনান্ত করিয়া দিতে হইবে। যথা—Rama and Shyama are going—রামঃ শ্যামশ্চ গচ্ছতঃ।

The king and the queen of Magadha seized their feet—"তয়োর্জগৃহতুঃ পাদান্ রাজা রাজ্ঞী চ মাগধী।"

§ 25. কোন বাক্যে Nominativeগুলি পৃথকভাবে প্রযুক্ত হইলে অথবা একই অর্থ প্রকাশ করিলে ক্রিয়া একবচনান্তই হইয়া থাকে। যথা—'ন মাং ত্রাতুং তাতঃ প্রভবতি ন বা মে মাতা'—My father cannot save me, neither can my mother.

কোন কোন স্থানে সংস্কৃতে ক্রিয়াটি সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী Nominativeএর সহিত অন্বিত হয়। যথা—

আদিত্যচন্দ্রাবনিলানলৌ চ দ্যৌর্ভূমিরাপো হৃদয়ং যমশ্চ।
অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে, ধর্ম্মোঽপি জানাতি নরস্য বৃত্তম্॥

—The sun and the moon, the air and the fire, heaven, earth and water, the heart and the God of death, day and night, both the twilights and Dharma also knows the action of men.

§ 26. বাক্যমধ্যে উত্তম, মধ্যম অথবা প্রথম পুরুষ থাকিলে ক্রিয়া উত্তম পুরুষের এবং মধ্যম ও প্রথম পুরুষ থাকিলে ক্রিয়া মধ্যম পুরুষের হইয়া থাকে। যথা—You, Rama aud I shall go—রামঃত্বম্অহঞ্চ গমিষ্যামঃ।

You and I shall go—ত্বম্অহঞ্চ গমিষ্যাবঃ;

Gopal and you do it—গোপালঃ ত্বঞ্চ ইদং কুরুতম্।

§ 27. দুই বা ততোধিক singular nominative or কিংবা nor দ্বারা যুক্ত হইলে ক্রিয়ার বচন ও পুরুষ সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী nominativeএর বচন ও পুরুষের অনুরূপ হইবে। যথা—Either Rama or Shyama will go—রামঃ শ্যামো বা গমিষ্যতি।

Either Jadu or you will go—যদুঃ বা ত্বং বা গমিষ্যসি।

Neither Govinda nor we can do this difficult work—ন চ গোবিন্দো নাপি বয়ম্ ইদম্ দুষ্করং কর্ম্ম সম্পাদয়িতুং শক্নুমঃ।

## Exercise 4

1. Define উদ্দেশ্য and বিধেয়।

2. Give an example of বিধেয় বিশেষণ and অজহল্লিঙ্গ অব্যয়।

3. Write notes on :—(i) পঞ্চ বৃক্ষাঃ একা নৌকা ভবন্তি।

   (ii) বসুধৈব কুটুম্বকম্।

4. Correct—(i) বালকোঽসৌ কৃপাপাত্রঃ। (ii) গুণাঃ পূজাস্থানং ভবতি। (iii) হরিস্ত্বমহঞ্চ গ্রামং গচ্ছন্তি। (iv) ত্বং বা অহং বা ইদং করিষ্যথঃ। (v) ন চ রামো ন বা শ্যামো গমিষ্যতঃ।

5. Translate into Sanskrit :—(a) Of the idle boy. In a dense forest. From the mountain. With the rich merchant. For the bright stars. In a sincere friend. Of the white elephant. To the wild elephant. With the fine cloth. For the sweet fruit.

(b) The beautiful trees at the hermitage of Valmiki. The offerings of the king Dasaratha to Vishnu. The burning fire in the mountain. The defeat of Ravana by the armies of the powerful Rama. The protection of the poor girl by a rich man. The abduction of the wife of Rama by the vile Ravana from the forest of Panchavati.

(c) দরিদ্র ভিক্ষুককে অর্থদান। পূর্ব্বগগনে ভানুর উদয়। সমুদ্রে তরঙ্গের দর্শন। রাত্রিতে বিহঙ্গমগণের শাখায় বাস। গোপালের প্রকৃতি মধুর।

Learn :—

| | |
|---|---|
| 1. Male—পঞ্চজনঃ, পুমান্। | 6. Uvula—অলিজিহ্বা। |
| 2. Body—দেহঃ। | 7. Elbow—কফোণিঃ। |
| 3. Hair—কেশঃ, শিরোরুহঃ। | 8. Wrist—মণিবন্ধঃ। |
| 4. Forehead—কপালঃ, অলীকং, কর্পরঃ। | 9. Armpit—কক্ষঃ। |
| 5. Eye-brow—চিল্লিকা। | 10. Heel—গুল্ফঃ, ঘুটিকা। |

## Chapter 2

### LESSON I

### Number ( বচন )

§ 28. ইংরাজীতে ও বাংলায় Noun এবং Pronounএর Number দুইটি—Singular ও Plural, কিন্তু সংস্কৃতে Number তিনটি—Singular ( একবচন ), Dual ( দ্বিবচন ) ও Plural ( বহুবচন )। অতএব ইংরাজীতে সে স্থানে দুইটি সংখ্যাবোধক শব্দ প্রযুক্ত হইয়া থাকে। যথা—A man—নরঃ, Two men—নরৌ, অথবা দ্বৌ নরৌ ; Men—নরাঃ।

§ 29. আপঃ সুমনসো বর্ষা অপ্সরঃ সিকতা সমাঃ।

এতে স্ত্রিয়াং বহুত্বে স্যুরেকত্বেঽপ্যুত্তরে ত্রয়ঃ ॥

—অপ্ ( জল ), সুমনস্ ( পুষ্প ), বর্ষা, অপ্সরস, সিকতা ( বালুকা ), সমা ( বৎসর ) এই ছয়টি শব্দ নিত্য স্ত্রীলিঙ্গ ও বহুবচনান্ত।

অপ্সরস্, সিকতা ও সমা শব্দ স্থলবিশেষে একবচনেও প্রযুক্ত হইয়া থাকে। সুমনস্ শব্দ দেবতা বাচক হইলে পুংলিঙ্গ।

§ 30. The dual implies 'two' অশ্বিনৌ—The two Aswins ; দম্পতী—A pair ( husband and wife ).

But words meaning a 'couple' or 'pair' ; such as দ্বয়, দ্বিতয়, যুগল, যুগ, দ্বন্দ্ব etc. are always singular, except when several pairs are indicated ; as—

বাহুদ্বয়ম্—a pair of arms, সুকুমারচরণযুগলম্—A pair of delicate feet.

§ 31. **পুংসি গৃহাশ্চ।**

গৃহশব্দ পুংলিঙ্গ হইলে নিত্য বহুবচনান্ত হয়। যথা—ইমে নো গৃহাঃ—This is my house.

§ 32. **অন্যত্র চ গৌরবে।**

গৌরব বুঝাইলে একবচনের পরিবর্ত্তে বহুবচন প্রযুক্ত হয়। যথা—শ্রীচরণেষু। ভবন্তো ধর্ম্মং শ্রোতুমিহাগতোঽস্মি (হি)—I have come here to hear religion from you.

## LESSON 2

## Gender ( লিঙ্গ )

§ 33. সংস্কৃতে শব্দের লিঙ্গ নির্ণয় করা বড়ই কঠিন। অর্থ দেখিয়া ইহা নির্ণয় করা যায় না। ইংরাজীতে প্রায়ই অর্থ দেখিয়া শব্দের লিঙ্গ নির্দ্দিষ্ট হয়, কিন্তু সংস্কৃতে প্রত্যেক শব্দেরই লিঙ্গ নির্দ্দিষ্ট আছে। সাধারণতঃ আমরা পুরুষবাচক শব্দগুলিকে পুংলিঙ্গ, স্ত্রীবাচক শব্দগুলিকে স্ত্রীলিঙ্গ এবং অচেতন পদার্থগুলিকে ক্লীবলিঙ্গ বলিয়া বুঝিয়া থাকি; সংস্কৃতে সে নিয়মের ব্যতিক্রম দেখা যায়। যথা—দার শব্দ পুংলিঙ্গ, ভার্য্যা শব্দ স্ত্রীলিঙ্গ এবং কলত্র শব্দ ক্লীবলিঙ্গ; যদিও ইহাদের সকলেরই অর্থ স্ত্রী ( wife )। সেইরূপ শরীর শব্দ ক্লীবলিঙ্গ, তনু শব্দ স্ত্রীলিঙ্গ ও কায় শব্দ পুংলিঙ্গ, ইহাদের সকলেরই অর্থ দেহ (body).



## LESSON 3

## Masculine Gender পুংলিঙ্গ

§ 34. (i) **নঙন্ত**—নঙ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা—যজ্ঞঃ (Sacrifice), স্বপ্নঃ (Dream), প্রশ্নঃ (Question) কিন্তু যাচ্ঞা (Asking) শব্দ স্ত্রীলিঙ্গ।

(ii) **ক-ষ-ণ-ভ-ম র রোপান্তা যত্বদন্তা অমী অর্থ।**

যে সকল অকারান্ত শব্দের উপধায় ক, ষ, ভ, ম এবং র থাকে, তাহারা পুংলিঙ্গ। যথা—অর্কঃ, রোষঃ, পাষাণঃ, গর্দ্দভঃ, গ্রামঃ, সমীরঃ।

(iii) **পথনযসটোপান্তাঃ**—যে সকল অকারান্ত শব্দের উপধায় প,থ,ন,য, স, এবং ট থাকে, তাহারা পুংলিঙ্গ। যথা—স্তূপঃ, স্বার্থঃ, জনঃ, প্রণয়ঃ, রসঃ, পটঃ।

(iv) **কান্তসূর্য্যেন্দুপর্য্যায়পূর্ব্বোঽয়ঃপূর্ব্বকোঽপি চ**—

সূর্য্যবাচক, চন্দ্রবাচক ও অয়স্ ( লোহ ) বাচক শব্দের পরস্থিত কান্ত শব্দ পুংলিঙ্গ। যথা সূর্য্যকান্তঃ, চন্দ্রকান্তঃ, সোমকান্তঃ, অয়স্কান্তঃ, লোহকান্ত

(v) পুংস্ত্বে সভেদানুচরাঃ সপর্য্যায়াঃ সুরাসুরাঃ।
স্বর্গযাগাদ্রিমেঘাব্ধিদ্রু-কালাসিশরারয়ঃ।
করগণ্ডৌষ্ঠদোর্দন্তকণ্ঠকেশনখস্তনাঃ।
মাসর্ত্তু রসবর্ণাগ্নিশব্দবায়ুনরাহয়ঃ॥
মৎস্যকচ্ছপকুম্ভীরভেকপ্রস্তরনিঃস্বনাঃ।

—সুর, অসুর ও তাহাদের অনুচরবাচক শব্দ, ( দিব্ দ্যো-স্ত্রী, ত্রিপিষ্টপ—ক্লী, স্বর্—অব্য ), যাগ, অদ্রি ( পর্ব্বত ), মেঘ, অব্ধি ( সমুদ্র ), দ্রু ( বৃক্ষ ), কাল, অসি ( খড়্গ ), শর, অরি ( শত্রু ), কর ( রশ্মি ), গণ্ড, ওষ্ঠ, দোস্ ( বাহু ), দন্ত, কণ্ঠ, কেশ, নখ, স্তন, মাস, ঋতু, ( শরৎ, বর্ষা—স্ত্রী ) রস, বর্ণ, অগ্নি, শব্দ, বায়ু, নর, অহি ( সর্প ), মৎস্য, কচ্ছপ, কুম্ভীর, ভেক, প্রস্তর ও নিঃস্বন বাচক শব্দ সকল পুংলিঙ্গ।

## LESSON 4

### Feminine Gender ( স্ত্রীলিঙ্গ )

§ 35. (i) **ক্ত্যন্তঃ**—ক্তি প্রত্যয়ান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—মতিঃ, রতিঃ।

(ii) **আবীপৌ স্ত্রিয়াম্**—আপ্ ও ঈপ্ প্রত্যয়ান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—জরা, বিদ্যা, নদী।

(iii) **মিন্ত্যন্ত ঃ**—মি ও নি প্রত্যয়ান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—ভূমিঃ, হানিঃ। কিন্তু বহ্নি, বৃষ্ণি ও অগ্নি শব্দ পুংলিঙ্গ। শ্রোণি, যোনি (cause) ও উর্ম্মি (wave) শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

(iv) **নাম বিদ্যুন্নিশাবল্লীবীণাদিগ্ভূনদীহ্রিয়াম্**ঃ—বিদ্যুৎ, নিশা, বল্লী ( লতা ), বীণা, দিক্, ভূ ( পৃথিবী ), নদী ও হ্রী ( লজ্জা ) বাচক শব্দ স্ত্রীলিঙ্গ।

## LESSON 5

## Neuter Gender( ক্লীবলিঙ্গ )

§36. (i) **ভাবে অনডন্তঃ**—ভাববাচ্যে নিষ্পন্ন অনট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—ভোজনম্, গমনম্, দানম্।

(ii) **ইত্রং নপুংসকে**—ইত্রপ্রত্যয়ান্ত সকল শব্দ ক্লীবলিঙ্গ। যথা—চরিত্রম্, পবিত্রম্।

(iii) **ত্রান্তঃ**। যাহাদের অন্তে ত্র থাকে, তাহারা ক্লীবলিঙ্গ। যথা—পাত্রম্, মিত্রম্ (friend)। **কলত্রম্** ( ভার্য্যা ), দাত্রম্। কিন্তু মিত্র শব্দ সূর্য্যার্থে পুংলিঙ্গ হয়। অমিত্র শব্দ পুংলিঙ্গ।

(iv) **দ্ব্যচ্কমসিসুসন্নন্তম্**—( দ্বি+অচ্+কম্+অস্+ইস্+উস্+অন্+অন্তম্ ) —দ্বিস্বরযুক্তঅস, ইস্, উস্ ও অন্ ভাগান্ত শব্দ সকল ক্লীবলিঙ্গ হয়। যথা,—পয়ঃ, তেজঃ, সর্পিঃ, হবিঃ, ধনুঃ, বপুঃ, চর্ম্ম, সাম।

(v) **মন্ দ্ব্যচ্কঃ ক্লীবে**—মন্ প্রত্যয়ান্ত শব্দসকল দ্বিস্বরযুক্ত হইলে ক্লীবলিঙ্গ হয়। কর্ম্ম, শর্ম্ম (Happiness), ভস্ম (Ashes)। দুইয়ের অধিক স্বর থাকিলে হয় না। যথা—লঘিমা, গরিমা।

(vi) **ক্রিয়াব্যয়োর্বিশেষণম্**।

ক্রিয়ার ও অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ হয়। যথা—সত্বরং ধাবতি।

( vii ) **ব্রহ্মন্ পুংসি চ।**

ব্রহ্মন্ শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ! যথা, অয়ং ব্রহ্মা, ইদং ব্রহ্ম।

( viii ) **দ্বিহীনেঽন্যচ্চ খারণ্যপর্ণ-শ্বভ্র-হিমোদকম্।**

শীতোষ্ণমাংসরুধিরমুখাক্ষিদ্রাবিণং বলম্।
ফলহেমশুল্বলোহং সুখদুঃখশুভাশুভম্।
জল-পুষ্পানি লবণং ব্যঞ্জনান্যনুলেনম্ ॥

যে সকল শব্দ পুংলিঙ্গ অথবা স্ত্রীলিঙ্গ প্রকরণে উক্ত হয় নাই তাহারা এবং খ ( আকাশ ), অরণ্য, পর্ণ, শ্বভ্র ( ছিদ্র ), হিম, উদক, শীত, উষ্ণ, মাংস, রুধির, মুখ, অক্ষি, দ্রবিণ ( ধন ), বন, ফল, হেম ( স্বর্ণ ), শুল্ব ( তাম্র ), লৌহ, সুখ, দুঃখ, শুভ, অশুভ, জল, পুষ্প, লবণ, ব্যঞ্জনম্, অনুলেপন—এই ২৬টি বস্তুবাচক শব্দ এবং উহাদের পর্য্যায় বাচক শব্দসকল ক্লীবলিঙ্গ ।

( ix ) **ভয়মুখবর্ষপদানি নপুংসকে।**

ভয়, মুখ, বর্ষ ও পদ এই কয়েকটি শব্দ ক্লীবলিঙ্গ।

## LESSON 6

### Conjugation of verbs in common use.

### ( সাধারণ তিঙন্ত প্রকরণ )

§ 37. ( i ) **ভূবাদয়ো ধাতবঃ**—ভূ, স্থা, গম্, দৃশ্ প্রভৃতিকে ধাতু বলে । ধাতুসমূহের অর্থকে ক্রিয়া বলে। যথা—অহং গচ্ছামি; ত্বং তিষ্ঠসি ; স জলং পিবতি। এখানে 'গচ্ছামি', 'তিষ্ঠসি' ও 'পিবতি'—এগুলি ক্রিয়াপদ । ধাতুর উত্তর যে সকল বিভক্তি হয়, তাহাদের নাম তিঙ্। এজন্য ক্রিয়াবাচক পদকে তিঙন্ত পদ বলে।

(ii) ক্রিয়ার তিনটি কাল আছে। বর্ত্তমান, অতীত ও ভবিষ্যৎ। যে ক্রিয়া হইতেছে বা হইয়া থাকে তাহাকে বর্ত্তমান কাল বলে। যথা, হসতি—হাসিতেছে বা হাসে; বদসি—বলিতেছ বা বল। যে সময় ক্রিয়া সম্পন্ন হইয়া গিয়াছে, তাহাকে অতীত বা ভূত কাল বলে। যথা—অহসৎ—হাসিল, হাসিয়াছে, হাসিয়াছিল।

অবদৎ—বলিল, বলিয়াছে, বলিয়াছিল।

যে সময়ে ক্রিয়া ঘটিবে তাহাকে ভবিষ্যৎ কাল বলে। যথা—দ্রক্ষ্যামি—দেখিব; গমিষ্যতি—যাইবে।

(iii) বিধি অথবা অনুজ্ঞা বুঝাইলে বিধিলিঙ্ প্রযুক্ত হয়। যথা—কুর্য্যাৎ—করা উচিত; করোতু—করুক্।

(iv) ইংরাজীর imperative moodএর verbকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে লোট্ বিভক্তি প্রয়োগ করিতে হয়। Drink the milk—দুগ্ধং পিব। Avoid bad company—অসৎসংসর্গং ত্যজ।

(v) ক্রিয়ার তিন বচন; একবচন, দ্বিবচন ও বহুবচন। প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষে ধাতুর উত্তর ভিন্ন ভিন্ন বিভক্তি হয়। এক এক পুরুষে বিভক্তির তিন তিন বচন।

(vi) বিভক্তির সকল দুই ভাগে বিভক্ত—(a) পরস্মৈপদ, (b) আত্মনেপদ,

(vii) ক্রিয়াপদ তিন প্রকার।

(a) অকর্ম্মক ক্রিয়া, (b) সকর্ম্মক ক্রিয়া, (c) দ্বিকর্ম্মক ক্রিয়া।

(a) যে সকল ক্রিয়ার কর্ম্মপদ থাকে না তাহাদিগকে অকর্ম্মক ক্রিয়া (intransitive verb) বলে। যথা—স তিষ্ঠতি—সে আছে। গৌঃ ধাবতি—গরু দৌড়াইতেছে।

(b) যে সকল ক্রিয়ার কর্ম্মপদ থাকে তাহাদিগকে সকর্ম্মক ক্রিয়া (transitive verb) বলে। যথা—অহং চন্দ্রং পশ্যামি—আমি চন্দ্র দেখিতেছি। রাজা শত্রূন্ অহন্—রাজা শত্রুদিগকে বধ করিয়াছিলেন।

(c) যে সকল ক্রিয়ার দুইটি করিয়া কর্ম্ম থাকে তাহাদিগকে দ্বিকর্ম্মক ধাতু বলে। যথা—দরিদ্রো ধনিনং ধনং যাচতে—দরিদ্র ব্যক্তি ধনীর নিকট হইতে ধন যাচ্ঞা করিতেছে। এইরূপ রামঃ শ্যামং গ্রামং নয়তি, পিতা পুত্রং ধর্ম্মং ব্রূতে।

N. B.—'স্ম' এই অব্যয় শব্দের যোগে অতীতকাল অর্থে বর্ত্তমান কালের প্রয়োগ হইয়া থাকে। যথা—স গ্রামং গচ্ছতি স্ম—সে গ্রামে গিয়াছিল।

§ 38. **পাঘ্রাধ্মাস্থাম্নাদাণ্দৃশ্যর্ত্তিসর্ত্তিশদসদাং পিবজিঘ্রধমতিষ্ঠ-মন-যচ্ছপশ্যর্চ্ছধৌ-শীয়-সীদাঃ** (৭।৩।৭৮)

লট্ প্রভৃতি চারি বিভক্তিতে গম্ ধাতুস্থানে গচ্ছ্, দৃশ্ ধাতুস্থানে পশ্য, ক্রম্ ধাতুস্থানে ক্রাম্, সদ্ ধাতুস্থানে সীদ্, ও ষ্টিব্ ধাতুস্থানে ষ্ঠীব্ হয়

ভ্বাদিগণীয় কয়েকটি প্রচলিত ধাতুর লট, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃট্ বিভক্তির রূপ প্রদত্ত হইল।

1. অট্ (—to go) অটতি, অটতু, আটৎ, অটেৎ, অটিষ্যতি।
2. অর্চ্চ—(to worship) অর্চ্চতি, অর্চ্চতু, আর্চ্চৎ, অর্চ্চেৎ, অর্চ্চিষ্যতি।
3. অর্জ্জ—(to earn) অর্জ্জতি, অর্জ্জতু, আর্জ্জৎ, অর্জ্জেৎ, অর্জ্জিষ্যতি।
4. অব্—(to protect) অবতি, অবতু, আবৎ, অবেৎ, অবিষ্যতি।
5. কূজ্—(to worble) কূজতি, কূজতু, অকূজৎ, কূজেৎ, কূজিষ্যতি।
6. কৃষ্—(to plough) কর্ষতি, কর্ষতু, অকর্ষৎ, কর্ষেৎ, ক্রক্ষ্যতি, (কর্ক্ষ্যতি)।
7. ক্রন্দ্—(to cry) ক্রন্দতি, ক্রন্দতু, অক্রন্দৎ, ক্রন্দেৎ, ক্রন্দিষ্যতি।
8. ক্রীড়্—(to play) ক্রীড়তি, ক্রীড়তু, অক্রীড়ৎ, ক্রীড়েৎ, ক্রীড়িষ্যতি।
9. ক্ষল্—(to wash) ক্ষলতি, ক্ষলতু, অক্ষলৎ, ক্ষলেৎ, ক্ষলিষ্যতি।
10. খাদ্—(to eat) খাদতি, খাদতু, অখাদৎ, খদেৎ, খাদিষ্যতি।
11. গদ্—(to speak) গদতি, গদতু, অগদৎ, গদেৎ, গদিষ্যতি।
12. গর্জ্জ—(to roar) গর্জ্জতি, গর্জ্জতু, অগর্জ্জৎ, গর্জ্জেৎ, গর্জ্জিষ্যতি।
13. গৈ—(to sing) গায়তি, গায়তু, অগায়ৎ, গায়েৎ, গাস্যতি।

14. ঘ্রা—( to smell ) জিঘ্রতি, জিঘ্রতু, অজিঘ্রৎ, জিঘ্রেৎ, ঘ্রাস্যতি।
15. চর্—(to walk ) চরতি, চরতু, অচরৎ, চরেৎ, চরিষ্যতি।
16. চল্—( to walk ) চলতি, চলতু, অচলৎ, চলেৎ, চলিষ্যতি।
17. চুম্ব্—( to kiss ) চুম্বতি, চুম্বতু, অচুম্বৎ, চুম্বেৎ, চুম্বিষ্যতি।
18. জি—(to conquer ) জয়তি, জয়তু, অজয়ৎ, জয়েৎ, জেষ্যতি।
19. জীব—(to live ) জীবতি, জীবতু, অজীবৎ, জীবেৎ, জীবিষ্যতি।
20. জ্বল্—( to burn ) জ্বলতি, জ্বলতু, অজ্বলৎ, জ্বলেৎ, জ্বলিষ্যতি।
21. তর্জ্জ—(to threaten) তর্জ্জতি, তর্জ্জতু, অতর্জ্জৎ তর্জ্জেৎ, তর্জ্জিষ্যতি।
22. তৃ—(to cross) তরতি, তরতু, অতরৎ, তরেৎ, তরিষ্যতি, তরীষ্যতি।
23, ত্যজ্—(to give up) ত্যজতি, ত্যজতু, অত্যজৎ, ত্যজেৎ, ত্যক্ষ্যতি।
24. দন্শ—(to bite) দশতি, দশতু, অদশৎ, দশেৎ দংক্ষ্যতি।
25. দহ্—(to burn ) দহতি, দহতু, অদহৎ, দহেৎ, ধক্ষ্যতি।
26. দা—(to give ) যচ্ছতি, যচ্ছতু, অযচ্ছৎ, যচ্ছেৎ, দাস্যতি।
27. দৃশ্—( to see ) পশ্যতি, পশ্যতু, অপশ্যৎ, পশ্যেৎ, দ্রক্ষ্যতি।
28. ধ্মা—(to blow) ধমতি, ধমতু, অধমৎ, ধমেৎ, ধ্মাস্যতি।
29. নিন্দ্—(to blame) নিন্দতি, নিন্দতু, অনিন্দৎ, নিন্দেৎ, নিন্দিষ্যতি।
30. পত্—(to fall) পততি, পততু, অপতৎ, পতেৎ, পতিষ্যতি।
31. ভ্রম্—(to walk) ভ্রমতি, ভ্রমতু, অভ্রমৎ, ভ্রমেৎ, ভ্রমিষ্যতি।
32. শুচ্—(to weep) শোচতি, শোচতু, অশোচৎ, শোচেৎ, শোচিষ্যতি।
33. রক্ষ্—(to protect) রক্ষতি, রক্ষতু, অরক্ষৎ, রক্ষেৎ, রক্ষিষ্যতি।
34. আ+রুহ্—(to climb) আরোহতি, আরোহতু আরোহৎ, আরোহেৎ, আরোক্ষ্যতি।
35. বদ্—( to say ) বদতি, বদতু, অবদৎ, বদেৎ, বদিষ্যতি।
36. বস্—( to dwell ) বসতি, বসতু, অবসৎ, বসেৎ, বৎস্যতি।
37. স্থা—( to stand ) তিষ্ঠতি, তিষ্ঠতু, অতিষ্ঠৎ, তিষ্ঠেৎ, স্থাস্যতি।

38. হস্—( to smile ) হসতি, হসতু, অহসৎ, হসেৎ, হসিষ্যতি।

39. হৃষ্—( to be delighted ) হর্ষতি, হর্ষতু, অহর্ষৎ, হর্ষেৎ, হর্ষিষ্যতি।

## Exercise 5

1. How many genders are there in Sanskrit and what are they ?

2. Cite the important rules determining Masculine gender.

3. Mention some words that are used in the Feminine gender and the Plural number.

4. What penultimate letters do determine Masculine gender ? Give some examples.

5. Write grammatical notes on :—

ইমে নো গৃহাঃ ; শ্রীচরণেষু ; সুকুমারচরণযুগলম্।

6. What words endiag in কান্ত are used in the Masculine gender ? Give examples.

7. Determine the gender of an adverb in Sanskrit.

8. Determine the genders of the following and cite rules :—স্বপ্ন, গর্দ্দভ, জ্ঞান, শর, কণ্ঠ, জরা, বহ্নি, বল্লী, নদী, কচ্ছপ।

9. Explain "ভয়মুখবর্ষপদানি নপুংসকে," "ভূবাদয়ো ধাতবঃ"।

10. Translate into Sanskrit :—

(a) To the dog. On the horse. Of the tutor. For the friends. The song of a bird. The fruits of a tree. The eye of a needle. On the river bank. The evils of idleness. From the sun's rays. To the friends of Hari. To the windows of a room. The boy's books. Cows eat grass. I have an umbrella. He gave me two rupees. Hari Babu teaches us mathematics. I shall send him a book. The bird has wings.

(b) They are going. His brother is earning money. You

two play. We go home. The girls are laughing. Fruits fell from the tree. The birds are singing. The Brahmins are cooking. Krishna was the friend of Arjuna. Modesty is the best virtue. He is a friend of mine.

(c) রাজার দূত হইতে ; যদুর পুত্রেরা ; সরোবরে মৎস্য সকল ; দুইটি কুকুর দ্বারা ; পবনের প্রবাহ হইতে ; বিধুর উদয়হেতু ; বায়ুর প্রবাহের জন্য ; ঋতু-সমূহের সমাগমের হেতু ; ব্রাহ্মণের কমনীয় মূর্ত্তি ; নীল আকাশে নক্ষত্রগুলিকে।

11. Correct :—

বয়ম্ গচ্ছসি। নৃপঃ রক্ষসি। ত্বং হসতি। বালিকে অটামঃ। শিশবঃ খাদসি। স অর্জ্জন্তি। আবাম্ গচ্ছামি। তে পিবতি। অমৌ পশ্যন্তি। মুনয়ঃ জিঘ্রতি। যুবাম্ স্মরসি।

Learn :—1. Shoemaker—পাদকৃৎ। 2. Scavenger—মলশোধকঃ। 3. Snake-charmer—অহিতুণ্ডিকঃ। 4. Watchman—নাগরিকঃ। 5. Paid worshipper—দেবলঃ। 6. Sculptor—সুধাজীবী। 7. Tailor—শৌচিকঃ। 8. Cultivator—কৃষীবলঃ।

## LESSON 7.

### Translation.

Rama is truly polite—রামস্তত্ত্বতো বিনয়ী।

The cloth is very coarse—অতীব স্থূলং হি বসনম্।

Our garden is five yards broad—পঞ্চগজদঘ্নমিদম্ উদ্যানম্।

The stick is yours—যষ্টিরিয়ং তে।

This servant is particulary careful—ভৃত্যোঽয়ং বিশেষেণ যত্নবান্।

You are leaving your umbrella behind—তব আতপত্রং পশ্চাৎ ত্বং পরিত্যজসি।

Please put out the lamp—দীপং নির্ব্বাপয়িতুমর্হসি।

Do not give out this secret—রহস্যমিদম্ মা প্রকাশয়।

We shall set out at 5 P. M.—অপরাহ্ণে পঞ্চবাদনসময়ে বয়ং প্রস্থানং করিষ্যামঃ।

The boy fainted at the news of his father's death—পিতুর্মরণ-সন্দেশাৎ বালকঃ মূর্চ্ছামগচ্ছৎ।

Go to bed at nine and get up at five—নবমঘটিকায়াং গৃহাণ শয্যাং পঞ্চমঘটিকায়াঞ্চ উত্তিষ্ঠ শয়নাৎ।

The pupil attends to the instruction of his teacher—শিষ্যঃ শিক্ষকস্য উপদেশং শৃণোতি।

He is seeing the full moon in the sky—স গগনে পূর্ণচন্দ্রং পশ্যতি।

In summer the peat of the Sun becomes scorching—গ্রীষ্মে রবেরাতপঃ প্রখরো ভবতি।

Satyavana was born at Benares—বারাণস্যাং সত্যবান্ অজায়ত।

I walked through the thick forest—গহনবনমধ্যে অহম্ অভ্রমম্।

Let him stay at home with his brother—যে তস্য ভ্রাত্রা সার্দ্ধং গৃহে তিষ্ঠতু।

সেই সভায় লোকগণ উচ্চ হাস্য করিয়াছিল—তস্যাং সভায়াং নরাঃ উচ্চৈঃ অহসন্।

গোপালের মাতা প্রত্যহ মহাদেবের অর্চ্চনা করিয়া থাকেন—গোপালস্য মাতা প্রত্যহং মহাদেবম্ অর্চ্চতি।

বৃক্ষের শুষ্ক পত্রগুলি একে একে পড়িয়া যাইতেছে—বৃক্ষস্য শুষ্কাণি পত্রাণি একৈকশঃ পতন্তি।

রাম বনে একটি সুন্দর মৃগ দেখিয়াছিল—রামঃ বনে একং সুন্দরং মৃগম্ অপশ্যৎ।

গতকল্য আমি কলিকাতা গিয়াছিলাম—গতেঽহনি or হ্যঃ অহম্ কলিকাতাম্ অগচ্ছম্।

তিনি এখন গান করিতেছেন—অধুনা স গায়তি।

অনন্তর তিনি তাহাকে বলিলেন—অথ স তম্অবদৎ।

সে চোর বলিয়া কেহই তাহাকে বিশ্বাস করে না—স চোর ইতি ন কোঽপি তস্মিন্ বিশ্বাসং করোতি।

N. B.—(i) ধাতু জানা না থাকিলে কেবল কৃ ধাতুর সাহায্যে verb-এর অনুবাদ ক্রিয়া চলিতে পারে। কিন্তু এইমাত্র মনে রাখা উচিত যে, কৃ ধাতুটি দ্বিকর্ম্মক নহে। অতএব দুইটি কর্ম্মের সম্ভাবনা থাকিলে প্রথমটিকে কর্ম্ম না করিয়া উহাতে ষষ্ঠী বিভক্তির প্রয়োগ করিতে হয়। যথা—

সে পুষ্প চয়ন করিতেছে—এখানে বালকেরা হয়ত 'স পুষ্পাণি চয়নং করোতি' লিখিয়া বসিবে। কিন্তু তাহা ভুল। অতএব শুদ্ধ করিয়া লিখিতে হইলে 'স পুষ্পাণাং চয়নং করোতি' এরূপ বাক্য হইবে।

(ii) যাহাকে বিশ্বাস করা যায় তাহাতে সপ্তমী বিভক্তি হয়।

(iii) Interrogative Sentenceকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে সাধারণতঃ কিম্, কথম্, অপি, কচ্চিৎ প্রভৃতি প্রশ্নবাচক অব্যয় শব্দের প্রয়োগ করিতে হয়; যথা—

Has she given you these fruits?—কিং সা তুভ্যম্ এতানি ফলানি অযচ্ছৎ?

Is father well along with all the members of his household?—কচ্চিৎ কুশলী তাতঃ সহ সর্ব্বেণ পরিজনেন?

Is this the river Godabari?—অপি সরিদিয়ং গোদাবরী?

Why is she so sad?—কথং সা ঈদৃশী দুঃখিতা?

How beautiful is the sun ?—কীদৃশঃ সুন্দরো রবিঃ।

What a large tree it is !—কীদৃশো দীর্ঘো বৃক্ষোঽয়ম্!

(iv) নিম্নে কতকগুলি প্রচলিত ইংরাজী শব্দের সংস্কৃত প্রতিশব্দ প্রদত্ত হইল :—

Again—পুনঃ, ভূয়ঃ; Again and again—অসকৃৎ; Ah, Alas—অহো; fie—ধিক্; For ever—চিরায়; Tomorrow—শ্বঃ; Soon—দ্রুতম্; Otherwise—অন্যথা; Without—অন্তরেণ, বিনা; Between—অন্তরা; Or—বা; Neithee···nor—নহি···ন বা; In the evening—সায়ম্; In the day time—দিবা; In ancient times—পুরা; At night—নক্তম্। Don't tell a lie—মিথ্যা বা বদ।

উপরে যে সমস্ত প্রতিশব্দ প্রদত্ত হইল উহারা অব্যয়।

তিন লিঙ্গে, সমস্ত বিভক্তিতে এবং সকল বচনে যাহার কোন রূপান্তর হয় না তাহাকে অব্যয় বলে।

## Lesson 8

### Simple Parsing (পদপরিচয়)

§ 39. (i) বাক্যের অন্তর্গত পদসমূহের সম্বন্ধ ও ব্যাকরণ ঘটিত কতকগুলি বিষয়ের উল্লেখ করাকে পদপরিচয়, পদব্যাখ্যা অথবা পদান্বয় বলে।

(ii) কোন বাক্যের পদপরিচয় দিতে হইলে প্রথমে যে পদটি থাকিবে, সম্পূর্ণরূপে তাহার পরিচয় প্রদান করিয়া ক্রমে ক্রমে তাহার পরবর্তী পদ সকলের পরিচয় দিতে হয়। তাহা হইলে সেই বাক্যের পদপরিচয় দেওয়া হইবে।

(iii) পদপরিচয়কালে পদসম্বন্ধে যাহা বলিতে হয়, তাহা নিম্নে লিখিত হইল :—

(a) বিশেষ্য পদের লিঙ্গ. বচন, পুরুষ, কারক ও বিভক্তি বলিতে হয়। কর্তৃকারক হইলে কোন ক্রিয়ার কর্তা এবং কর্ম্মকারক হইলে কোন ক্রিয়ার কর্ম্ম তাহাও বলিতে হয়।

(b) বিশেষণ পদের পরিচয় দিতে হইলে ঐ বিশেষ্য পদটি কাহার বিশেষণ এবং উহা কোন লিঙ্গ তাহা বলিতে হয়।

(c) সর্ব্বনাম পদ যে বিশেষ্যের পরিবর্ত্তে বসে তাহার লিঙ্গ ও বচন অনুসারে লিঙ্গ ও বচন হয়। কেবল পুরুষ ও কারকে প্রভেদ থাকিতে পারে।

(d) অব্যয়—বিশেষ্য অথবা বিশেষণ না হইলে কেবল অব্যয় বলিলেই চলে।

(e) ক্রিয়াপদ—সমাপিকা কি অসমাপিকা, সকর্ম্মক কি অকর্ম্মক, কি দ্বিকর্ম্মক, কাল, বাচ্য, পুরুষ, বচন, কর্ত্তা কে, সকর্ম্মক স্থলে] কর্ম্ম কি বলিতে হয়।

(f) অসমাপিকা ক্রিয়া সকর্ম্মক কি অকর্ম্মক,সকর্ম্মক হইলে কর্ম্মের উল্লেখ করিতে হয়।

(g) সম্বন্ধপদের কেবল কাহার সহিত সম্বন্ধ তাহাই বলিতে হয় ; যথা—সুন্দরঃ বালকঃ চন্দ্রং পশ্যতি—এই বাক্যটিতে

সুন্দরঃ—বিশেষণ পদ, 'বালকঃ' এই পদের বিশেষণ এবং পুংলিঙ্গ।

বালকঃ—বিশেষ্য পদ, পুংলিঙ্গ, একবচন, কর্ত্তৃকারক, 'পশ্যতি' এই ক্রিয়ার কর্ত্তা।

চন্দ্রম্—বিশেষ্য পদ, পুংলিঙ্গ, একবচন, কর্ম্মকারক,'পশ্যতি' এই ক্রিয়ার কর্ম্ম।

পশ্যতি—ক্রিয়াপদ, সমাপিকা ক্রিয়া, সকর্ম্মক, বর্ত্তমানকাল, কর্ত্তৃবাচ্য প্রথমপুরুষ, একবচন, 'কর্ত্তা' "বালকঃ" এবং কর্ম্ম "চন্দ্রম্"—এরূপই রীতিতে সমস্ত বাক্যেরই পদপরিচয় দিতে হয়।

## Miscellaneous Exercise 1

1. Determine the genders of the following stating the reason in each case :—প্রশ্ন, গ্রাম, মতি, সুখ, জরা, ভয়, সর্প, স্বর, হানি, প্রস্তর, অরণ্য, ব্রহ্মা, কর্ম্ম, বপুঃ, অর্ক।

2. Give an example of "গৌরবে বহুবচনম্।"

3. Parse "কাচিৎ হরিণী ব্যাধমেকং কদাচিৎ অরণ্যে অপশ্যৎ।"

4. Define উপধা and সংহিত্যা।

5. Correct :—গুণবতী রাজা। মধুরং বাণীঃ। দরিদ্রং ধনং প্রযচ্ছ। স হি মে অমিত্রম্। রামো বারিমানয়তি। বালিকা আকাশে চন্দ্রমাং পশ্যতি। অহং নরপত্যাগৃহমগচ্ছং। তস্য মনে সুখঃ নাস্তি। গোপালঃ বৃক্ষে আরোহং। পথে কশ্চিৎ মৃগী চরতি। অহং স্বাদুং জলং পিবামি। বৃদ্ধো জনো দিবায়াং নিদ্রাং গচ্ছন্তি। সাবিত্রী সত্যবানেন সহ বনমগচ্ছৎ। রাজা প্রজান্ পালয়তি। নারী পতিনা সহ নদীং গচ্ছতি। কতয়োঽত্র মানবকাঃ (C. U.)। ভীতাঃ শিশুঃ গচ্ছতি। অহং চন্দ্রং পশ্যসি। সখিনাং বচনম্। বালক চন্দ্রং পশ্যসি। রাজা শত্রুন্ জয়ন্তি। অত্র নৃনাম্ সভা অভবন্। তে রাজাং পশ্যতি। হে নারী। অত্রাগচ্ছ। অন্ধং বস্ত্রং দেহি। তে মাতৃন্ প্রণমতি। ধর্মাত্মাং পুচ্ছ। সদা কর্ম্মং কুরু। রাত্রে চন্দ্রমাং পশ্য। পথে গচ্ছতি তে। পিতায়ৈ নমঃ। সুহৃদেন সহ আগচ্ছতি। স প্রাণং অত্যজন্। সা হি মে কলত্রঃ।

রামেন চন্দ্রঃ দৃশ্যতে। রামশ্চ গোপালশ্চাহং গ্রামং গচ্ছতঃ। দারিদ্রাঃ সদৈব কৃপাপাত্রাণি ভবন্তি। সম্পদো যশাংসি চ জগতে দুর্ল্লভাঃ। মা কদা মৃষাং বদ। জ্ঞানবানো নরঃ কর্ম্মং কুর্ব্বন্তি। অনেন পথেন গচ্ছ ভবান্। রাজাঃ পুণ্যকর্ম্মেণ জয়তি। পূর্ব্বস্মিন্ দিকে সূর্য্যঃ উদেতি। রামো মাতৃন্ প্রণমতি।

6. Translate into Sanskit :—

(a) By the sun. To the husband. Of a sister. Of great men. In an enemy. From the deep forest. With the help of the ministers. To the pious man from the shop.

In the spring time. Of the rogue (জাল্ম)। In the day time (বাসর)। With the income (আয়)। From the chariot (স্যন্দন) of Arjuna. To the crab (কুলীরক)। In the water of the lake. From a clever friend. To the headman of the village (গ্রামণী)।

(b) You weep. I go. They see. Boys sing. Rama played. They two laugh. The birds sing. I went to the village. You and I shall read. The minister walks in the garden. Jadu, you and I shall go to the village. Either Shyam or you will sing. They will go there tomorrow. My father is ill. There is no cloud. Bhima is the brother of Yudhisthira.

(c) Sweet words of my affectionate mother. Contentment is the source of happiness. By the proud man. Beautiful parrot of the forest. Valuable advice of the elder brother. With the garland of the white flowers. Sita was the goddess of fortune in the house of Dasaratha. This is a beautiful picture.

(d) The air is cool. There is no cloud in the blue sky. The boy told him everything ( সর্ব্বম্ ) । It is the time of dawn. The sun will soon rise. How the birds sing on the tree ! What fine hues are seen in the east ? It is a beautiful picture. Observe the moon to-night. The birds sang among the branches of the tree. The river is flowing rapidly ( বেগেন ) । I saw the moon behind the tree. Countless birds were making noise in every direction ( সর্ব্বাসু দিক্ষু ) । God is the father of us all. Sweet is the morning. Wind blows gently. His intellect was keen, his learning was great. These good books were sent as present to my friend. By the valour of the King Asoke, we, as the loyal subjects of his Kingdom, were rendered happy ( কৃতিনঃ ).

(e) চিঠির কাগজ। লুকাইবার জায়গা। গৃহের দ্বার। খেলিবার তাস। রূপার কলম। লিখিবার মেজ। হুগলীর পুল। কলার পাতা। পুস্তকের দোকান। কাঁচের দোয়াত। দাঁতের বেদনা। লোহার সিন্ধুক। শুইবার ঘর।

বিশ্রামের স্থান। দারুণ শীতল। সম্পূর্ণ নির্দ্দোষ। যথার্থ হিতকর। খুব মিহি। নিতান্ত অনিচ্ছুক। চারি হাত লম্বা। এক ক্রোশ দূরবর্ত্তী। বিশেষ অনুকূল। হরি অতিশয় রুগ্ন। বালকটি নিরতিশয় অসহায়। এ সংবাদ সম্পূর্ণ মিথ্যা। ঘটনাটি অতি আশ্চর্য্য। আমি তোমার নিতান্ত অনুগত ভৃত্য। এটি খুব সহজ বিষয়। সে ফলটি খাইয়া ফেলিল। তুমি এই শ্লোকটী মুখস্থ কর। ছাদ হইতে নামিয়া আইস।

Learn:—1. Pen—লেখনী। 2. Ink-stand—মস্যাধারঃ। 3. Blotting paper—মসীশোষক। 4. Letter—লেখ্যং, লেখঃ। 5. Slate—প্রস্তরফলকম্। 6. Slate-pencil—দৃশপ্লেখনী। 7. Lead pencil—সীসলেখনী। 8. Pencil—কুর্চ্চিকা। 9. Chalk—কঠিনী, খড়িকা। 10. Tape—দীর্ঘবন্ধনী। 11. Signature—নামনিবেশনম্। 12. Ruler—রেখালেখনী। 13. Map—দেশলিখ্যম্। 14. Tol—ছাত্রনিলয়ঃ। 15. Plumber—হর্ম্ম্যকারঃ। 16. Lodging—বাসগৃহম্। 17. Cottage—উটজঃ। 18. Drawing-room—সভাজনকোষ্ঠ। 19. Parlour—সংলাপকোষ্ঠঃ। 20. Harem—অবরোধঃ। 21. Orchard—ফলবৃক্ষবাটিকা। 22. Pleasure garden—আরামঃ। 23. Stair—নিঃশ্রেণিকা। 24. Pillar—স্থূনা। 25. Wall—কুড্যম্। 26. Window—গবাক্ষঃ। 27. Lime—কর্করম্। 28. Screen—এড়ুকম্, যবনিকা। 29. Floor—গৃহভূমিঃ। 30. Roof—ছদিঃ, পটলম্। 31. Yard—চত্বরম্। 32. Cook-shed—মহানসম্। 33. Duster—মার্জ্জনী। 34. Comb—কঙ্কতিকা। 35. Casket—সম্পুটকঃ। 36. Clock, watch—ঘটিকা, যমনালী। 37. Smallbell—কিঙ্কিনী। 38. Bottle—কাচকূপী। 39. Lantern——আবৃতদীপিকা।

---

# PART II

## Chapter III

### LESSON 1

### Masculine Gender

§ 40. (i) **ঘঞব্লৌপুংসি**—ঘঞ্ ও অল্ প্রত্যয়ান্ত শব্দসকল পুংলিঙ্গ। যথা—ত্যাগঃ, সঞ্চয়ঃ।

(ii) **ক্যন্তোঘু**—কি প্রত্যয়ান্ত দা ও ধা ধাতুসম্পন্ন শব্দ পুংলিঙ্গ। যথা—উদধি—ocean. নিধি—receptacle. কিন্তু—

(iii) **ইষুধিঃ স্ত্রী চ**—ইষুধি ( quiver ) শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

(iv) **ঘাজন্তশ্চ**—ঘ ও অচ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা গোচরঃ—pasturage. জয়ঃ—victory. চয়ঃ—collection.

(v) **অহ্নাহান্তাঃ**—অহ্ন ও অহ ভাগান্ত শব্দ সকল পুংলিঙ্গ। যথা—পূর্ব্বাহ্নঃ, অপরাহ্নঃ, মধ্যাহ্নঃ, পরমাহঃ, পঞ্চাহঃ, সপ্তাহঃ। কিন্তু পুণ্যাহ শব্দ ক্লীবলিঙ্গ।

(vi) **রাত্রান্তাঃ প্রাগসংখ্যকাঃ**—সংখ্যাবাচক ভিন্ন শব্দের পরস্থিত 'রাত্র' ভাগান্ত শব্দ পুংলিঙ্গ। যথা—অহোরাত্রঃ, সর্ব্বরাত্রঃ। কিন্তু একরাত্রম্, পঞ্চরাত্রম্, সপ্তরাত্রম্।

(vii) **ণাথ্বিমন্**—ণ, অথু ও ইমন্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা—শ্বাসঃ, ব্যাধঃ, বেপথুঃ, গরিমন্। কিন্তু 'প্রেমন্' শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

### LESSON 2

### Feminine Gender

§ 41. (i) **তান্তঃ**—সমূহ ও ভাবার্থে বিহিত তা প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—জনতা, শুক্লতা, গ্রাম্যতা।

(ii) **য্বন্তমেকাক্ষরম্**—একস্বরবিশিষ্ট ঈকারান্ত ও উকারান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—ভীঃ, ভূঃ, হ্রীঃ, শ্রীঃ, ভ্রূঃ।

(iii) **অদন্তৈর্দ্বিগুরেকার্থঃ** – সমাহার দ্বিগুসমাস নিষ্পন্ন অকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ ও ঈকারান্ত হয়। যথা—ত্রিলোকী; পঞ্চবটী; চতুষ্পাঠী।

(iv) **ন স পাত্রযুগাদিভিঃ**—দ্বিগুসমাসে পাত্র, যুগ প্রভৃতি অকারান্ত শব্দ পরে থাকিলে সমস্ত পদগুলি স্ত্রীলিঙ্গ ও ঈকারান্ত হয় না। যথা—ত্রিপাত্রম্, চতুর্যুগম্, ত্রিভুবনম্।

(v) **স্ত্রী স্যাৎ কাচিন্মৃণাল্যাদির্বিবক্ষাপচয়ে যদি**।—
অপচয় ( অল্পত্ব ) বুঝাইলে মৃণাল প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ হয়।
যথা—মৃণালী ( অল্প মৃণাল ), প্রণালী, পটী, মঠী, বনী ( ক্ষুদ্রবন )।

(vi) **হিমারণ্যয়োর্ম হত্ত্বে**—আধিক্য বুঝাইলে হিম ও অরণ্য শব্দের উত্তর আনুযুক্ত ঈপ্ হয় স্ত্রীলিঙ্গে। যথা হিমানী ( মহৎ হিম ), অরণ্যানী ( মহৎ অরণ্য )।

(vii) **বিংশত্যাদিরানবতেঃ**—বিংশতি হইতে নবনবতি পর্য্যন্ত সমস্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—বিংশতিঃ, ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টিঃ, সপ্ততিঃ, অশীতিঃ, নবতিঃ, নবনবতিঃ—এই সকল শব্দ একবচনে প্রযুক্ত হয়। কোটি শব্দও স্ত্রীলিঙ্গ।

## LESSON 3

## Neuter Gender

§ 42. (i) **নিষ্ঠা চ**।—ভাববাচ্যে ক্ত প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—জীবিতম্ (life), হসিতম্ (laugh), গীতম্ (song)।

ক্ত ও ক্তবতু প্রত্যয়কে নিষ্ঠা বলে।

(ii) **ভাবে কৃত্যম্**—ভাববাচ্যে কৃত্য ( তব্য, অনীয়, য, ণ্যৎ, ক্যপ ) প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—দাতব্যম্, ভাব্যম্।

( iii ) **অদন্তাঃ প্রত্যয়া ক্লীবে সমূহে ভাবকর্ম্মণোঃ**।
সমূহ, ভাব ও কর্ম্ম অর্থে অকারান্ত তদ্ধিত প্রত্যয়ান্ত পদসকল ক্লীবলিঙ্গ। যথা—সাধুত্বম্, মৃদুত্বম্, যৌবনম্, আলস্যম্।

(iv) **পথঃ সংখ্যাব্যয়াৎ পরঃ**।—সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী সমাসনিষ্পন্ন 'পথ' ক্লীবলিঙ্গ হয়। যথা—ত্রিপথম্, চতুষ্পথম্, বিপথম্।

(v) **নংপুসকমব্যয়ীভাবে**।—অব্যয়ীভাব সমাসনিষ্পন্ন পদ ক্লীবলিঙ্গ। যথা—উপগঙ্গম্, নির্ব্বিঘ্নম্।

(vi) **নপুংসকৈকবচনেসমাহারে**।—সমাহারদন্দ্ব সমাসনিষ্পন্ন পদ ক্লীবলিঙ্গ। যথা—পাণিপাদম্, অহিনকুলম্।

(vii) **কতি যুষ্মদস্মন্নযান্তসংখ্যাঃ সদৃশাস্ত্রিষু**।—

কতি, যুষ্মদ্, অস্মদ্, নকারান্ত ও যকারান্ত সংখ্যাবাচক শব্দ তিন লিঙ্গে একরূপ। যথা—কতি বালকাঃ, কতি বালিকাঃ, কতি ফলানি। ত্বং পুমান্, ত্বম্ স্ত্রী। অহং রাজা, অহং রাজ্ঞী। সপ্ত বালকাঃ, সপ্ত বালিকাঃ, সপ্ত পুষ্পানি।

N. B.—(i) ত্রি হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দ সকল সর্ব্বদা বহুবচনে প্রযুক্ত হয়। যথা—ত্রয়োঽশ্বাঃ, চত্বারি পুষ্পানি, অষ্টৌ নার্য্যঃ।

(ii) 'উনবিংশতি' হইতে 'পরার্দ্ধ' পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দ সকল কেবল একবচনে ব্যবহৃত হয়। যথা—উনবিংশতিঃ বালকাঃ, ত্রিংশৎ তরবঃ, পঞ্চাশৎ কুসুমানি কিন্তু দ্বিত্ব ও বহুত্ব বুঝাইলে দ্বিবচনেও বহুবচন প্রযুক্ত হয়। যথা—দ্বে শতে ফলানি—Two hundred fruits. ত্রীনি সহস্রাণি পুষ্পানি—Three thousend flowers. অনেক (many) শব্দ সর্ব্বদা বহুবচনে প্রযুক্ত।

### Exercise 6

1. How many genders are there in Sanskrit and what are they ?

2. Determine the genders of the following referring to the rules in each case :—

বর্ষ, বৎসর, স্বপ্ন, উদধি, সংশয়, পুণ্যাহ, আনন, পাদপ, বেপথু, পাষাণ, রতি, চরিত্র, অহোরাত্র, অঘস্, পয়োধর, জীবিত, ভোজক, কোটি, দার, শরীর, সাম, অমিত্র, মিত্র, আলস্য, ব্রহ্মা।

3. What penultimate letters do determine masculine gender ? Give two examples.

4. Explain and illustrate "ত্যান্ত"।

5. Comment on the dictum :—

"স্ত্রী স্যাৎ কাচিন্মৃণাল্যাদিবিবক্ষাপচয়ে যদি"

6. Write short notes on :—ঘু, নিষ্ঠা and কৃত্য।

7. Distinguish between :—( i ) হিমম্ and হিমানী। (ii) অরণ্যম্ and অরণ্যানী।

8. Explain and illustrate :—(i) অন্যত্র চ গৌরবে। (ii) ব্রহ্মন্ পুংসি চ।

9. Frame sentences to illustrate the following :—

(i) The use of the plural to denote countries.

A. গতোঽহং কদাচিৎ কলিঙ্গান্।

( ii ) The use of the singular number representing the whole class.

A. সিংহঃ শ্বাপদেষু বলিষ্ঠঃ।

( iii ) The use of plural to speak of a person with reverence.

( iv ) The use of a plural proper noun to denote a family or race.

A. রঘূণামন্বয়ং বক্ষ্যে—I shall describe the family of the race of Raghu.

(v) The plural in the first person denoting a high personage.

A. বয়মপি ভবত্যৌ সখীগতং কিমপি পৃচ্ছামঃ।

10. Make necessary corrections in the following :—

(a) সম্রাটস্য আজ্ঞা মাননীয়া (1910)। (b) অষ্টানি ফলানি অত্র সন্তি (1911)। (c) এষো ভগবান্ ভবানীপতিঃ (1911)। (d) ধনিনা-সর্ব্বে

তৃপ্যন্তি (1912)। (e) দিকে দিকে লোকাঃ পলায়ন্তে (1912)। (f) জ্ঞাপয় মে প্রিয়ম্ সখিম্ (1913)। (g) একবিংশতয়ঃ পুরুষা গৃহে আসন্ (1913)। (h) চত্বারি পক্ষীরত্র সন্তি (1913)। (i) ইয়ং বারাকী ইয়বঞ্চ অশ্বী (1915)। (j) ইতরং নাস্তি কিঞ্চিৎ কারণম্ (1915)। (k) এতেষু লতাসু পুষ্পাঃ জায়ন্তে (1917)। (l) প্রজাসু সম্রাজস্য মহানন্দয়া (1918)।

11. Translate into Sanskrit :—

(a) Go to the forest. The sun is just set. The corn looks fresh and green. Do you know him ? All men love and praise him. Let us go to Rama's house. He is a good child. He is brave and kind to all. A brisk bee hums near me. Her day's toil is done. One cold night he saw a poor sick man on the road. The man was weak.

(b) Come, O Devadutta ! We two ( আবাম্ দ্বাবেব ) will play in the garden. Later on ( পশ্চাৎ or অনন্তরম্ ) my mother will give us fruit and bread ( ফলং রোটিকাঞ্চ or পিষ্টকঞ্চ ). Go to the forest and collect ( আহর or সংগৃহান ) fruit and dry wood ( শুষ্কেন্ধনানি ); after that ( তদনু or ততঃ ) return home and light ( প্রজ্বালয় ) a fire. How bright are the drops of dew on the blades of grass ( তৃণপত্রেষু ) ! Wicked men are always miserable. In a calm sea every one is a pilot. None are completely happy. Never tell an untruth. Avoid bad company. Cows eat grass. The wind blows gently. It is spring. The birds are singing sweetly in the bush. In a village on the bank of the Ganges lived a Brahmin named Devadutta. He had five sons of handsome appearance ( প্রিয়দর্শনাঃ ). A Brahmin of great learning came to the house of Devadutta. He saw the youths and was much pleased with them ( নিতরাং প্রীতিমবাপ ). God dwells everywhere ( সর্ব্বত্র ). Listen only to the voice ( বাণীম্ ) of God.

(c) Birds lay eggs. Cats like to eat fish. Fever has made him weak. The birds have wings. I have a new umbrella. I have nothing to give you. You have still many things to learn. My father has leisure. He placed the books in the desk. This boy has worked out the sum. This boy prepares his lessons carefully. I saw his friend in the room. He may now leave this place. Oils destroy bad smell. We have a garden near Serampore. His friend has a pony. I shall teach you Geometry. I sat for the B. A. Examination. This boy is fond of flying the kite. Fortune smiled on the shepherd. What books do you read now ? I do not know anything about it.

(d) প্রাতঃকালে ভ্রমণ স্বাস্থ্যকর। বঙ্গের রাজা যুদ্ধে প্রাণত্যাগ করিলেন। পূজার ছুটিতে আমি কাশী গিয়াছিলাম। কাশী গঙ্গা নদীর তীরে অবস্থিত। অনেক বাঙ্গালী কাশীতে বাস করিতেছেন। ইহা হিন্দুদিগের একটি প্রধান তীর্থস্থান। এখানে অনেক মন্দির আছে। বহুদূর হইতে ছাত্র সকল কাশীতে সংস্কৃত পড়িতে আসে।

রাম হরিকে প্রহার করিয়াছিল। তাহাকে একখানি পত্র লিখিয়াছি। পিতা সন্তানদিগকে প্রতিপালন করেন। চাকরটিকে এক সপ্তাহের বিদায় দিয়াছি। তাঁহারা এরূপ সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন। মন্দ অভ্যাস ত্যাগ কর। হত্যা প্রকাশ হইবে। আমার কথাগুলি লিখিয়া রাখুন। হরি অসৎসঙ্গ ত্যাগ করিয়াছে। তিনি কাশী যাত্রা করিয়াছেন। হরি ফাঁপড়ে পড়িয়াছে। সে দ্বারে দ্বারে ভিক্ষা করে। দিন দিন চন্দ্রের বৃদ্ধি হইতেছে। তাহারা তিন তিন জন করিয়া আসিতে লাগিল। একে একে আইস। সারি সারি দশটি বাড়ী আছে। তুমি হাতে হাতে ইহার ফল পাইবে। আমি তাহাকে সে দিন দেখিয়াছি। একদা এক সিংহের গলায় হাড় আটকাইয়াছিল। আমি তোমাকে বারবার বলিতেছি। এই বুধবারের পরের বুধবার আমাদের পরীক্ষা আরম্ভ হইবে। হঠাৎ রাম পড়িয়া গেল।

Learn :—1. Sheet (চাদর)—প্রাবারকম্। 2. Spectacles—উপনেত্রম্। 3. Umbrella—আতপত্রম্। 4. Stockings—অনুপদীনা। 5. Gloves—করচ্ছদঃ। 6. Ring—ঊর্ম্মিকা। 7. Cap—শিরস্ত্রম্। 8. Shirt—কঞ্চুকঃ, বারবাণঃ।

## Chapter IV

### LESSON 1

### Case (কারক)

§ 43. (a) **ক্রিয়ান্বয়ি কারকম্**—ক্রিয়ার সহিত যাহার অন্বয় আছে তাহাকে কারক বলে। যথা—রামঃ করোতি, গ্রামং গচ্ছতি, অসিনা ছিনত্তি ইত্যাদি। এই সকল স্থলে 'করোতি,' 'গচ্ছতি' ও 'ছিনত্তি' এই ক্রিয়া তিনটির সহিত যথাক্রমে 'রামঃ', 'গ্রামম্' ও 'অসিনা' ইহাদের অন্বয় আছে; সুতরাং ইহারা কারক।

(b) **ষট্ কারকাণি**—সংস্কৃতে কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ এই ছয়টি কারক আছে।

(c) ইংরাজীতে Possessive (সম্বন্ধ পদ) এবং Vocative case (সম্বোধন পদ) এই দুইটিকে কারক বলে। কিন্তু সংস্কৃতে ক্রিয়ার সহিত উহাদের অন্বয় হয় না বলিয়া সম্বন্ধ ও সম্বোধনকে পদ বলে।

### LESSON 2

### Nominative Case (কর্তৃকারক)

§ 44. (a) **ক্রিয়াসম্পাদকঃ কর্ত্তা**। যাহার প্রযত্নে ক্রিয়া সম্পন্ন হয়, তাহাকে কর্তৃকারক বলে। যথা, বালকো হসতি, চন্দ্রো ভাতি, গ্রামং যাতি।

(b) **তৎপ্রয়োজকশ্চ** (২।৪।৫৫)*

* কর্ত্তুঃ প্রয়োজকো হেতুসংজ্ঞঃ কর্তৃসংজ্ঞশ্চ স্যাৎ।

কর্ত্তার যে প্রয়োজক ( প্রেরক ) তাহার হেতুসংজ্ঞা ও কর্ত্তৃসংজ্ঞা হয়। গৃহং গময়তি শ্যামং রামঃ—এখানে গ্রামে যাওয়ার কর্ত্তা শ্যাম, রাম তাহার প্রয়োজক ; অতএব রামের হেতুসংজ্ঞা ও কর্ত্তৃসংজ্ঞা হইয়াছে।

## LESSON 3

### Accusative Case ( কর্ম্মকারক )

§ 45. (a) **কর্ত্তুরীপ্সিততমং কর্ম্ম** ( ১।৪।৪৯ )।*

কর্ত্তা ক্রিয়া দ্বারা যাহাকে সমধিকভাবে পাইতে অভিলাষ করে তাহাকে কর্ম্ম বলে।

(b) **কর্ম্মণি দ্বিতীয়া** ( ২।৩।২ )।†

অনুক্ত কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—সঃ হরিং ভজতি—He is worshipping Hari. শিশুঃ দুগ্ধং পিবতি—The child is drinking milk.

(c) **অধিশীঙ্‌স্থাসাং কর্ম্ম** (১।৪।৪৬ )।

অধিপূর্ব্বক শী, স্থা, আস্ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—সঃ শয্যাম্ অধিশেতে—He lies down on the bed. রামঃ গৃহম্ অধিতিষ্ঠতি—Rama is at home. গোপালঃ গ্রামম্ অধ্যাস্তে—Gopal resides in the village. এখানে 'শয্যায়াম্', 'গৃহে' ও 'গ্রামে' এইরূপ অধিপূর্ব্বক শী, স্থা ও আস্ ধাতুর অধিকরণ কারকগুলি কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হইয়াছে। রামো গৃহমধিতিষ্ঠতি ; গোপালো গ্রামমধ্যাস্তে। cf. চন্দ্রাপীড়ো মুক্তাশিলাপট্টমধিশিশ্যে ( কাদম্বরী )।

(d) **অভিনিবিশশ্চ** ( ১।৪।৪৭ )।

অভি পূর্ব্বক ও নি পূর্ব্বক বিশ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—অভিনিবিশতে সন্মার্গম্—He resorts to a good path.

* কর্ত্তুঃ ক্রিয়য়া আপ্ত মিষ্টতমং কারকং কর্ম্ম-সংজ্ঞং স্যাৎ।

† অনুক্তে কর্ম্মণি দ্বিতীয়া স্যাৎ

অভিনিবিশতে ধৰ্ম্মম্। cf. (i) সৈব ধন্যা, যাম্ এবং ভবন্মনোঽভিনিবিশতে (দশকুমার)। (ii) ভয়ং তাবৎসেব্যাদভিনিবিশতে সেবকজনম্ (মুদ্রারাক্ষস)।

ক্বচিন্ন। কোন কোন স্থলে হয় না; যথা—পাপে অভিনিবিশতে।

(e) **ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম্ম** (১।৪।৩৮)

উপসর্গ পূর্ব্বক ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর সম্প্রদান কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—পিতা পুত্রম্ অভিদ্রুহ্যতি বা পরিক্রুধ্যতি—The father is angry with (his) son. স মচ্ছরীরম্ অভিদ্রুহ্যতি—He is doing injury to my person. উপসর্গ না থাকিলে—স ভৃত্যায় ক্রুধ্যতি। এরূপ প্রয়োগ হইবে।

(f) **উপান্বধ্যাঙ্বসঃ** (১।৪।৪৮)

উপ, অনু, অধি ও আঙ্ পূর্ব্বক বস্ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—স গৃহমুপবসতি, অনুবসতি, অধিবসতি, আবসতি—He dwells at home.

দ্রষ্টব্য :—উপবাস অর্থে কর্ম্মসংজ্ঞা হয় না, যথা—

স বনে উপবসতি—He is fasting in the forest.

(g) **অকথিতঞ্চ** (১।৪।৫১)

দুহাদি ও নী প্রভৃতি ধাতুর প্রয়োগে যাহাতে অপাদানাদি কারক হইতে পারিত তাহাতে কর্ম্মসংজ্ঞা হয়। যথা—স গাং দুগ্ধং দোগ্ধি—He milks the cow. এস্থলে 'গাম্' এই পদে অপাদান কারক হইতে পারিত কিন্তু তাহা না হইয়া দ্বিকর্ম্মক দুহ্ ধাতুর যোগে গৌণকর্ম্মরূপে প্রযুক্ত হইল।

## Verbs having double accusatives

### (দ্বিকর্ম্মক ধাতু)

(h) **দুহ্যাচ্—পচ্—দণ্ড্—রুধি—প্রচ্ছি—চি—ব্রূ—শাসু—জি—মন্থ্—মুষাম্।**

**কর্ম্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্নী—হৃ—কৃষ্—বহাম্॥**

সংস্কৃতে দুহ, যাচ, পচ, দণ্ড, রুধ প্রচ্ছ, চি, ব্রূ, শাস, জি, মন্থ, মুষ না, হৃ

কৃষ্ ও বহ্—এই ষোলটি ধাতু দ্বিকর্ম্মক। যথা—দুহ্ (to milk)—গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি—The milkman milks the cow.

যাচ্ (to beg)—বামনঃ বলিং বসুধাং যাচতে—Vamana begs the Earh of Bali.

পচ্ (to cock)—স তণ্ডুলাং ওদনং পচতি—He cooks food from rice.

দণ্ড্ (to punish)—সঃ গর্গান্ শতং দণ্ডয়তি—He fines the Garges one hundred rupees.

রুধ্ (to obstrct)—গোপঃ হি অরুণৎ গান্—The milkman confined cow in cow pen.

প্রচ্ছ্ (to ask)—মানবকঃ বালকং পন্থানং পৃচ্ছতি—The lad asks the boy the way.

চি ) to pluck )—সঃ বৃক্ষম্ অবচিনোতি ফলানি—He plucks the fruit from the tree.

ব্রূ (to tell)—গুরুঃ শিষ্যং ধর্ম্মং ব্রূতে—The preceptor tells the holy law to his pupil.

শাস্ (to instruct)—গুরুঃ মানবকং ধর্ম্মং শাস্তি—The preceptor instructs the holy law to the lad.

জি (to win)—সঃ দেবদত্তং শতং জয়তি—He wins one hundred rupees from Devadutta.

মন্থ্ (to churn)—দেবাঃ সুধাং ক্ষীরনিধিং অমন্থন্—The gods churned nectar from the ocean. মুষ্ (to steal)—চোরঃ দেবদত্তং শতং মুষ্ণাতি—The thief robs Devadutta of hundred rupees.

নী, হৃ, কৃষ্ and বহ্। (ইহারা একার্থক) means take to or to

carry—বিপ্রঃ গ্রামম্ অজাং নয়তি, হরতি, কর্ষতি,বহতি বা—The Brahman leads the cow to the village.

(i) ইংরাজীতে যে সকল ক্রিয়া দ্বারা 'to name', 'to call,' 'to know', 'to appoint,' 'to make,' 'to choose,' এবং 'to consider' প্রভৃতি অর্থপ্রকাশ পায়, তাহাদের দুইটি করিয়া কর্ম্ম থাকে। যথা—ত্বামামনন্তি প্রকৃতিম্ ( কুমার )—They consider thee to be prakriti.

জানামি ত্বাং প্রকৃতিপুরুষম্ ( মেঘদূত )—I know thee to be the chief person. কামপি গণিকামবরোধমকরোৎ ( দশকুমার )—He made a certain courtezan his wife.

(j) গত্যর্থ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—গতোঽহং ত্রিলোচনায়তনম্—I went to the temple of Trilochana. গত্যর্থ ধাতুসমূহ প্রায়ই জ্ঞানার্থক ও প্রাপ্ত্যর্থক হইয়া থাকে এবং সকর্ম্মক হয়। যথা—স পরং বিষাদমগচ্ছৎ (পঞ্চতন্ত্র)—He was greatly dejected. পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম (কুমার)—The fair-faced lady afterwards went by the name Uma. cf. ন তৃপ্তিমাযযৌ ( রঘু )

## Exercise 7

1. Construct sentences illustrating the use of :—

(a) A verb signifying 'to consider' governs a factitive object. ( b ) অধি+আস্ taking an accusative of place. (c) অধি+শী taking an accusative of place. ( d ) অভিনি+বিশ্ governing an accusative case. (e) The verbs আস্ and মন্থ্ governing an accusative ( 1920 ). ( f ) The verb যাচ্ বা প্রচ্ছ্ governing double accusatives ( 1921 ). (g) Verb আস্ or শী governing an object (1921+1922). (h) যাচ with two objects ( 1925 ).

2. Correct :—(i) সো বনেঽধিতিষ্ঠতি (1916). (ii) প্রভুর্ভৃত্যায় অভিক্রুধ্যতি (1919 ). (iii) অরণ্যেঽধিবস্তুং যতয় ইচ্ছন্তি ( 1922 ) (iv) শিক্ষকায় অভিক্রুহ্যতি। (v) একাদশীমুপবসতি রাম:। (vi) শ্যামো নগর্য্যামধিবসতি।

3. Translate into Sanskrit :—

(a) The birds sing sweetly. They are going to the village. Ramesh drinks milk. Anil reads his book. The son bows down to his mother. The baby is lying down on the ground. He resides in the village. You should resort to a good path. The master is angry with me. Sages fast in the forest. Rama went to the forest. I consider you to be a fool. I know him to be the Head Master.

(b) There lived in Madra a very pious king Sudarsana by name. He lives in a wood ( বনমধিবসতি ), he gathers ( অবচিনোতি ) fruits from the trees and cooks food from rice. The king and the minister mounted their horses and speedily (দ্রুতম্) enterd the dense forest ( গভীরবনম্ ). His mother was worshipping Hari. Rama's brother is now ( অধুনা ) residing in the town. Why are you so angry with me ? Jadu took his mother to the house of his maternal uncle. Rama dwelt on the Chitrakuto mountain. The night was awfully dark ( ঘোরতিমিরাবৃতা বা ভীষণতিমিরাচ্ছন্না ). No birds were charping ( অকুজন্ ). All creatures had gone to their rest ( বিশ্রামসুখং লেভিরে ). The king resides in Delhi along with his soldiers.

(c) দেবতাসকল স্বর্গে বাস করেন। বিপদেও অসৎ পথ অবলম্বন করা উচিত নহে। শিক্ষক ছাত্রের প্রতি ক্রুদ্ধ হইবেন। একাদশীর দিন অনেকে উপবাস করিয়া থাকেন। মহাদেব হিমালয়ে বাস করেন। আমি তাহাকে

বিদ্বান্ বলিয়া জানি। শত্রুরা রাজার প্রতি বিদ্বেষ পোষণ করিতেছে। যদু উদ্যানে বৃক্ষ হইতে পুষ্প চয়ন করিতেছে।

Learn :—1.—He was abandoned to his fate—স দৈবাধীনঃ কৃতঃ।

2. What actually took place—যদ্ যদ্ বৃত্তম্।

3. Adopted son—কৃতকঃ পুত্রঃ।

4. He advances against his enemy—স শত্রোরভিমুখং যাতি।

5. Advanced in age and in knowledge—পরিণতবয়াঃ জ্ঞানবৃদ্ধশ্চ।

## LESSON 4

### Instrumental Case ( করণকারক )

§ 46. (a) **সাধকতমম্ করণম্** ( ১।৪।৪২ )

ক্রিয়াসাধনবিষয়ে যাহা প্রকৃষ্টতম উপকারক তাহা করণকারক।

(i) উপকারক অর্থাৎ কর্ত্তার ক্রিয়াসাধনে যাহা প্রধান উপায়।

(ii) **প্রকৃষ্ট**—'যদ্ব্যাপারানন্তরং ফলনিষ্পত্তিস্তৎপ্রকৃষ্টমিতি জ্ঞানেন্দ্রঃ।' যাহার ব্যাপারের পরই ফল নিষ্পন্ন হয় তাহাই প্রকৃষ্ট।

(b) **তৃতীয়া করণে**--করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—রামঃ কুঠারেণ বৃক্ষং ছিনত্তি—Ram is cutting the tree with an axe. চক্ষুষা রূপং পশ্যতি—He is seeing the beauty with an eye. স বাণেন মৃগং হতবান্—He killed a deer with an arrow.

cf. সংচূর্ণয়ামি গদয়া ন সুযোধনোরূহ ( বেণী )

(c) **কর্ত্তৃকরণয়োস্তৃতীয়া** ( ২২।৩।৩৮ )

---

ক্রিয়াসিদ্ধৌ প্রকৃষ্টোপলারকং করণংসজ্ঞং স্যাৎ।

অনভিহিতে কর্ত্তরি করণে চ তৃতীয়া স্যাৎ।

অনুক্ত কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—রামেণ হতো রাবণঃ। তেন বিষ্ণুঃ সেবিতঃ ; cf. ততো দেব্যা কিমভিহিতম্। ( বে )

(d) যে মূল্যে কোন বস্তু ক্রীত হয় তাহা করণকারকে প্রযুক্ত হয়। যথা—কিয়তা মূল্যেন ক্রীতং পুস্তকম্? At what price was the book bought?

(e) যাহা দ্বারা গতি উৎপন্ন হয় তাহা করণকারকে ব্যবহৃত হয়। যথা—আত্মনঃ পদং বিমানেন বিগাহমানঃ ( র )—While entering with the celestial car, the region which was covered by his own faet.

(f) যে পথে গমন করা যায় তাহাতে করণকারক হয়। যথা—কতমেন দিগ্ভাগেন গতঃ স জাল্মঃ ( বি )—In what direction did the rogue go?

(g) বহনার্থ ও স্থাপনার্থ ধাতুর প্রয়োগে যাহা দ্বারা কোন বস্তু বাহিত অথবা যাহার উপর কোন বস্তু স্থাপন করা যায়, তাহা করণকারকে ব্যবহৃত হয়। যথা—সঃ শ্বানং স্কন্ধেনোবাহ ( হি )—He bore the dog on his shoulder.

ভর্ত্তুরাজ্ঞাং মূর্দ্ধ্না আদায় ( কু )—Placing his master's orders on his head.

(h) শপথার্থক ধাতুর প্রয়োগে যাহার নামে শপথ করা যায় তাহা করণকারকে ব্যবহৃত হইয়া থাকে। যথা—মম জীবিতেনৈব শপামি তে ( কা ) —I swear to thee by my very life.

(i) **দিবঃ কর্ম্ম চ।** ( ১।৪।৪৩ )

দিব্ (to play) ধাতুর করণকারক বিকল্পে করণসংজ্ঞা প্রাপ্ত হয়, যথা—অক্ষৈঃ অক্ষান্ বা দীব্যতি—He is playing at dice.

(j) **গম্যমানাপি ক্রিয়া কারকবিভক্তৌ প্রয়োজিকা।**

কোন কোন স্থলে ক্রিয়া গম্যমান ( উহ্য ) থাকিলেও কারক বিভক্তির

প্রয়োজক হইয়া থাকে। যথা—কুতস্তম্ ? এস্থলে 'আগতঃ' এই ক্রিয়াটি উহ্য থাকিয়া এই ক্রিয়ার অপাদান বলিয়া 'কুতঃ' এখানে পঞ্চমী বিভক্তি হইয়াছে। এখানে অলম্, কিম্ প্রভৃতি শব্দের যোগেও করণে তৃতীয়া বুঝিতে হইবে। যথা—শ্রমেণালম্ শ্রমেণ সাধ্যং নাস্তীত্যর্থঃ। এস্থলে শ্রম শব্দটি উহ্য 'সাধ্য' এই ক্রিয়াটির করণ।

## Exercise 8

1. Illustrate the use of :—

(a) An instrumental denoting price at which a thing is bonght.

(b) A verb denoting 'motion' taking the instrumental.

(c) A verb signifying 'coming or placing' takes the instrumental.

2. Correct :—(i) স কুক্কুরং স্কন্ধে অবহৎ। (ii) কস্মিন্ দিগ্বিভাগে যাতঃ স মূর্খঃ ? (iii) আত্মায়াঃ মঙ্গলায় প্রবিতুং প্রবর্ত্তে। (1922)। (iv) শিক্ষকো ন কদাপি সুশীলং বালকং ক্রুধ্যতে। (1923) (v) অধিশয়ন্তে তরুমূলেষু পান্থাঃ [1927). (vi) রামঃ অক্ষায় দীব্যতি। (vii) অল্পমূল্যাৎ ক্রতং পুস্তকম্। (viii) অহং কুলদেবতায়াঃ শপামি।

3. Translate into Sanskrit :—

(a) The man took the dog on his shoulder. O blind man ! What is the use of this lamp to you ? We should save the life of our friend even at the cost of our own lives ( স্বীয়প্রাণ-ব্যয়েনাপি ). He took the road to a distant town ( সুদূরনগরগামিনা মার্গেণ ). The rains have set in ( সম্প্রবৃত্তঃ ). The sky is overcast with clouds. Bani has struck me with his stick. A man can

overcome dangers and difficulties ( সঙ্কটানি ) by patience and fortitude ( সহিষ্ণুতয়া ). These words of kindness softened the culprit's heart. "Madhu" said to his son, "who has done this ?" The villager cuts fire-wood by means of an axe. His wife milks the cow. We see him by meaus of the eyes, we hear by means of the ears, we smell by means of the nose and touch by means of the hands.

(b) রাম শরের দ্বারা বানররাজকে বিদ্ধ করিয়াছিলেন ( অবিধ্যৎ )। রাজা নল আপন ভ্রাতা পুষ্করের সহিত পাশা খেলিয়াছিলেন। বালকগণ ক্ষেত্রে বল খেলিতেছে। রাম বনপথে গমন করিলেন। লুব্ধ ব্যক্তিকে অর্থ দ্বারা বশীভূত করিবে।

Learn :—1. Absent-minded—অন্যমনস্কঃ। 2. It is about mid-day—মধ্যাহ্নকালঃ। 3. Affected by fate—দৈবোপহতঃ। 4. All in all of one's life—জীবিতসর্ব্বস্বম্। 5. Rightly dressed—উদারনেপথ্যভৃৎ।

## LESSON 5.

### Dative Case ( সম্প্রদান কারক )

§ 47. (a) **যস্মৈ দানং সম্প্রদানম্।**

যাহাকে কোন বস্তু দান করা যায় তাহাকে সম্প্রদান কারক বলে। যথা—রাজা দরিদ্রায় ধনং দদাতি—The king gives riches to the poor. Cf. কিং বস্তু বিদ্বন্ গুরবে প্রদেয়ম্ ( রঘু )—Oh learned Sir, what is to be given to the preceptor ?

(b) সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়।

(c) **রুচ্যর্থানাং প্রীয়মাণঃ** ( ১।৪।৩৩ )—রুচ্যর্থ ধাতুর প্রয়োগে প্রীয়মান অর্থাৎ যাহার প্রীতি সম্পাদন করা যায় তাহার উত্তর সম্প্রদান কারক হয়।

যথা—যৎ প্রভবিষ্ণবে রোচতে ( শকু· )—What pleases your Lordship ? বিষ্ণবে রোচতে ভক্তিঃ—Devotion pleases Vishnu. ইদং মহ্যং স্বদতে—It pleases me. Cf. "ইদমিষ্টগুণায় রোচতাম্"—( ভা )

(d) **ধারেরুত্তমর্ণঃ** ( ১।৪।৩৫ )—ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ ( ঋণদাতা ) অর্থাৎ যাহার নিকট হইতে ঋণ গ্রহণ করা যায় তাহার সম্প্রদান কারক হয়। যথা—রামঃ শ্যামায় সহস্রং ধারয়তি—Ram owes thousand rupces to Shyama.

বৃক্ষসেচনে দ্বে ধারয়সি মে ( শকু )—Thou owest me two springlings of trees.

(e) **স্পৃহেরীপ্সিতঃ** (২।৭।৩৬)

স্পৃহি ( to long for ) ধাতুর প্রয়োগে কর্তার অভিলষিত বিষয়ের সম্প্রদান সংজ্ঞা হয়। যথা—অহমর্থায় স্পৃহয়ামি—I long for wealth.

স্পৃহয়ামি খলু দুর্ললিতায়াস্মৈ—I really long for this naughtily disposed boy.

পরিক্ষীণো যবানাং প্রসৃতয়ে স্পৃহয়তি—An impoverished person desires a handful of barley-corn.

অত্যন্ত ঈপ্সিত হইলে হয় না। যথা—পুষ্পাণি ভ্রমরাঃ স্পৃহয়ন্তি।*

(f) **ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্**—( বা )

ক্রিয়াদ্বারা যাহাকে অভিপ্রেত করে অর্থাৎ যাহার প্রীতিজননাদির উদ্দেশ্যে ক্রিয়া অনুষ্ঠিত হয় তাহার সম্প্রদান কারক হয়। যথা—শিশবে চন্দ্রং দর্শয়তি—He shows the moon to the child.

পুত্রায় ক্রীড়নকমানয়তি—He brings a toy for his son.

ইহাকে ক্রিয়াযোগে চতুর্থী বলে।

Cf. "তত্তৎ ভূমিপতিঃ পত্ন্যৈ দর্শয়ন্ প্রিয়দর্শনঃ।

অপি লঙ্ঘিতমধ্বানং বুবুধে স বুধোপমঃ॥" ( র )

The king as erudite as Budha himself, thus went on showing many things to his wife and was quite unaware of the way already gone over.

(g) **ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ** ( ১।৪।৩৭ )

দ্রোহ—অপকার ( to injury ); অসূয়া—গুণেষু দোষাবিষ্করণম্ ( to detract ) ক্রোধ্, দ্রুহ, ঈর্ষ্য ও অসূয়ার্থ ধাতুর প্রয়োগে যাহার প্রতি ক্রোধাদি প্রকাশ করা যায় তাহার উত্তর সম্প্রদান কারক হয়। যথা—স রামায় দ্রুহ্যতি—He bears hatred towards Rama.

হরিঃ গোপালায় ক্রুধ্যতি, কুপ্যতি বা—He is angry with Gopal. এইরূপ :—ক্ষত্রিয়ঃ বিপ্রায় অসূয়তি।

(h) **প্রত্যাঙ্ভ্যাম্ শ্রুবঃ পূর্ব্বস্য কর্ত্তা** ( ১।৪।৪০ )

প্রতি ও আঙ্ পূর্ব্বক শ্রু ধাতুর প্রয়োগে প্রবর্ত্তক ( যে প্রতিজ্ঞা করিতে প্রবৃত্তি দান করে ) সম্প্রদান কারক হয়। যথা—রাজা দরিদ্রায় বালকায় বস্ত্রং প্রতিশৃণোতি বা—The king promises cloth to the poor boy. প্রতিশুশ্রাব কাকুৎস্থস্তেভ্যো বিঘ্নপ্রতিক্রিয়াম্ ( র )—Kakutstha promised them the removal of obstacles.

পূর্ব্বস্য প্রবর্ত্তনাব্যাপারস্য—অর্থাৎ প্রবর্ত্তনাব্যাপারের।

## Exercise 9

1. Frame sentences to illustrate :—

(a) A verb indicating 'swearing' ( শপথ ) taking the in, strumental. (b) অলম্ taking the instnumental case. (c) প্রতি +শ্রু taking the dative. (d) The dative of indirect object. ক্রিয়াযোগে চতুর্থী )। (e) চতুর্থী with the root ক্রুধ্।

2. Correct :—(a) মাং সর্ব্বং সমর্পয় (1910)। (b) সদ্‌ব্রাহ্মণং ধনং দত্ত্বাৎ (1916)। (c) মাং শতং দেহি (1925)। (d) বিপ্রান্ ধনমদদাৎ রাজা (1927)। (e) কুসুম স্তং ন রোচতে। (f) অহং রামং শতং ধারয়ামি। (g) বালকো গুরবেঽভিক্রধ্যতি। (h) সো মিত্রঃ দ্রুহ্যতি।

3. (a) Translate into Sanskrit :—

The king Nala desired Damaranti to be his bride. I do not long for wealth but for immortal glory. The Asura-vana had a daughter famous under the name of Usha (উষেতি প্রসিদ্ধা). And she propitiated—(প্রসাদয়ামাস) Gouri, who granted her a boon in order that she might obtain a husband suitable to her (তস্যা অনুরূপম্). The children love to play on the bank of the stream. Then the old hare showed that well to the lion. This sweet mango is palatable to me. Your brother owes me a hundred rupees. My subjects bear hatred (অসূয়্) towards me and plot against (দ্রুহ্) my life. Hari had two sons, one of whom owed me hundred rupees. The rich man was very angry with his servant.

(b) এই দুষ্ট বালিকাটিকে আমার ভাল লাগে। তিনি দরিদ্রকে একখানি বস্ত্র দিলেন। আমি এক সৎ বালককে একটি পুস্তক দিব বলিয়াছিলাম। এই লোকটি রামের পাঁচশত টাকা ধারে। শঠ লোকের প্রতিও সাধু লোকেরা দ্বেষ পোষণ করেন না। চিনি কাহার না ভাল লাগে?

Learn :—

1. It is almost dawn now—অধুনা প্রভাতকল্পা শর্ব্বরী। 2. This will do for me—ইদং মে ইষ্টসিদ্ধয়ে কল্পতে। 3. I feel assured—অহং দৃঢ়ং মন্যে।

4. I am better to day—অস্তি মে বিশেষোঽদ্য। 5. A body guard—আসন্নপরিচারকঃ।

## Ablative case (অপাদান কারক)

§ 48. (a) **ধ্রুবমপায়েঽপাদানম্** ( ১।৪।২৪ )

অপায়ো বিশ্লেষঃ। তস্মিন্ সাধ্যে ধ্রুবমবধিভূতং কারকমপাদানং স্যাৎ।

কোন একটি বস্তু হইতে অপর একটি বস্তু অপায় অর্থাৎ বিভাগ হইলে যেটি নিশ্চল হইয়া থাকে তাহাকে অপাদান কারক বলে।

N. B.—প্রকৃতধাত্বর্থানাশ্রয়ত্বে সতি তজ্জন্যঃ বিভাগাশ্রয়ো ধ্রুবম্ তচ্চার্থাৎ অবধিরেব ( জ্ঞানেন্দ্রসরস্বতী )

যে ধাতুতে অপায়ের কারণ গতিক্রিয়াকে বুঝায় তাহা প্রকৃত ধাতু।

যে প্রকৃত ধাতু দ্বারা প্রতিপাদিত অর্থের ( স্পন্দনাদিক্রিয়ার ) আশ্রয় না হইয়া স্পন্দনাদি জন্য অপায়ের আশ্রয় হয়, তাহাকে ধ্রুব বলে। যথা—বৃক্ষাৎ পত্রং পততি। পত্ ধাতুটি প্রকৃত ধাতু। উহা দ্বারা প্রতিপাদিত অর্থ চলন, বৃক্ষ উহার আশ্রয় না হইয়া সেই চলন জনিত বিভাগের আশ্রয় হইয়াছে। অতএব বৃক্ষ ধ্রুব।

ধাবতোঽশ্বাৎ পতিতঃ—বিভাগজনকীভূতস্পন্দনাদিক্রিয়ানাশ্রয়ত্বে সতি বিভাগাশ্রয়ত্বমবধিত্বমিতি—সুষেণাচার্য্যঃ।

[ অশ্বের স্পন্দন ক্রিয়া বিদ্যমান থাকিলেও উক্ত ক্রিয়া পতনের সাক্ষাৎ কারণ নহে। আরোহী ব্যক্তির স্পন্দনই পতনের সাক্ষাৎ কারণ। সুতরাং পতন ক্রিয়ার সাক্ষাৎ কারণ যে আরোহীর স্পন্দন, অশ্ব তাহার আশ্রয় না হওয়ায় উহার অপাদানত্ব সিদ্ধ হইল। ]

(b) **ভীত্রার্থানাং ভয়হেতুঃ** ( ১।১।২৫ )

ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে ভয়ের হেতু অপাদান কারক হয়। যথা :—চৌরাৎ বিভেতি। Cf. "গুরোঃ কৃশানুপ্রতিমাদ্বিভেষি" ( র )—ভীমাদহং যমাদিব বিভেমি—ভীমকে আমি যমের মত ভয় করি।*

---

*The cause of lrrm or anxiety or trouble takes পঞ্চমী in connectino with root implying danger or liberation.

(c) **জনিকর্ত্তুঃ প্রকৃতিঃ** ( ১।১৪।৩০ )

জায়মান বস্তুর প্রকৃতি ( উপাদান কারণ ) অর্থাৎ উৎপত্তির কারণ অপাদান কারক হয়। যথা ঃ—ব্রহ্মণঃ জনাঃ প্রজায়ন্তে—Men are born from Brahma. বীজাদঙ্কুরো জায়তে।

(d) **ভুবঃ প্রভবঃ** ( ১।৪।৩১ )

ভূ ধাতুর প্রভাবস্থান অর্থাৎ আবির্ভাবভূমি অপাদান কারক হয়। যথা ঃ—হিমবতো গঙ্গা প্রভরতি—The Ganges issues out of the Himalayas. cf. বল্মীকাগ্রং প্রভবতি ধনুঃ খণ্ডমাখণ্ডলস্য—( মে )।

(e) **জুগুপ্সা—বিরামপ্রমদার্থানামুপসংখ্যানম্** ( বা )

জুগুপ্সার্থ ( নিন্দার্থ ), বিরামার্থ ও প্রমাদার্থ ( অনবধানার্থ ) ধাতুর প্রয়োগে জুগুপ্সাদি বিষয় অপাদান কারক হয়। যথা ঃ—ধার্ম্মিকঃ অধর্ম্মাৎ জুগুপ্সতে—The pious man shrinks from sin.

বালকোঽধ্যয়নাদ্বিরমতি—The boy desists from his study. Cf বৎসৈতস্মাদ্বিরম ( উ )—Desist from this, O child.

ধর্ম্মাৎ প্রমাদ্যতি পাপী—The sinful man lapses from virtue.

(f) **পরাজেরসহ্যম্** (১।৪।৩৬ )

পরা-জি ধাতুর প্রয়োগে অসহ্যবিষয় অপাদান কারক হয়। যথা ঃ—স অধ্যয়নাৎ পরাজয়তে—He finds study unbearable. ধর্ম্মাৎ পরাজয়তে—ধর্ম্মঃ ক্লেশসাধ্য ইতি ততো নিবর্ত্ততে।

(g) **অন্তর্দ্ধৌ যেনাদর্শনমিচ্ছতি**—যাহার অদর্শন ইচ্ছা করা যায় অর্থাৎ সে যেন না দেখিতে পায় এরূপ ইচ্ছা করা যায় তাহার অপাদানসংজ্ঞা হয়। যথা—মাতুর্নিলীয়তে কৃষ্ণঃ—Krishna hides himself from his mother. উপাধ্যায়াদন্তর্দ্ধত্তে শিষ্যঃ—The pupil hides himself from his preceptor.

N. B.—ইচ্ছতিগ্রহণং কিমদর্শনেচ্ছায়াং সত্যাং দর্শনে যথা স্যাদিতি-

সূত্রে 'ইচ্ছতি' এই পদটি থাকায়—"অন্যে দর্শন না করুক এরূপ ইচ্ছা থাকিলে দর্শন করিলেও অপাদান হইবে ইহাই বুঝিতে হইবে।

(h) **আখ্যাতোপযোগে** (১।৪।২৯)।

উপযোগ অর্থাৎ নিয়মপূর্ব্বক বিদ্যাগ্রহণ করা বুঝাইলে আখ্যাতার (বক্তার, উপদেষ্টার) অপাদানসংজ্ঞা হয়। যথা—

উপাধ্যায়াদধীতে—He learns from the teacher.

Cf. "ধ্রুবমধীতবতীয়মধীরতাম্ দয়িতদূতপতদ্গতবেগতঃ" (নৈ)।

উপযোগ না হইলে হয় না। যথা—নটস্য গাথাং শৃণোতি।

"আখ্যায়িকেভ্যঃ শ্রুতসূনুবৃত্তিঃ"—(ভ)

## Exercise 10

1. Compose short sentences to illustrate :—

(a) Thd ablative with words denoting refraining (বিরাম)।
(b) The ablative with a verb meaning "to be afraid."
(c) পঞ্চমী with the root পরা—জি। (d) 'আখ্যাতোপযোগে'।

2. Correct :—

(a) নাস্তি মে মরণস্য ভয়ম্ (1915)। (b) ন সাধুঃ মরণং বিভেতি (1918)। (c) স ব্যাঘ্রস্য ভয়াৎ গৃহায় প্রবিষ্টঃ (1922)। (d) নাহং ব্যাঘ্রং বিভেমি (1925)। (e) শ্বানাং নাস্তি লজ্জা (1929)। (f) ইন্দ্রাগ্ন্যপস্থিতৌ (1629)। ইদং মহ্যং রোচতে। (h) ন কোঽপি অযশসি স্পৃহয়তি। (i) রাজা নির্ধনে ধনং প্রত্যশৃণোৎ।

3. Translate into Sanskrit :—

(a) My brother has come to the village. A scorpion is produced from cow-dung. I am anxious to hear the story from the very begining. Trees grow from seeds. The king protects his subjects from all dangers. The boy is afraid of his father. You find study unbearable. My friend has heard this from me.

God saves you from vice. We do not fear death. Parvati was born of the Himalaya. The pious man shrinks from sin.

(b) That virtuous king did not abstain from doing acts of piety. Who can save me from this danger except (ঋতে) my friend? An old man is coming with his only son from a distant town. O God! save me from this great danger. The naughty pupil of that venerable preceptor was unable to bear the study of grammar. Even the powerful man got frightened and hid himself from the gang of robbers. Rama was not afraid of Ravana. The good-looking prince began to learn from learned teacher.

(c) বিড়াল বাঘ হইতে ভয় পায়। মেঘ হইতে জল পড়িতেছে। আমি তাহার নিকট হইতে ইহা শুনিলাম। দুষ্ট বালকটি পিতাকে দেখিয়া পলায়ন করিল। তোমার এই কার্য্য হইতে বিরত হওয়া উচিত নহে। ভগবন্! আমাকে বিপদ্ হইতে রক্ষা করুন। পুত্র পিতার সম্মুখে লজ্জা প্রাপ্ত হইতেছে।

Learn :—1. A block head—মৃৎপিণ্ডবুদ্ধিঃ। 2. To be brief and in short—কিং বহুনা। 3. Such being the case—এবং গতে সতি। 4. By hundreds—শতশঃ। 5. In the declining years—পশ্চিমে বয়সি।

## LESSON 7

### Possessive Case—( সম্বন্ধ পদ )

§ 49. (a) **ষষ্ঠী সম্বন্ধে।**—সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—

মম বন্ধু—My friend.

(b) কখন কখন সম্বন্ধ পদ ব্যবহার না করিয়া ষষ্ঠী তৎপুরুষ সমাস করিয়া পদ ব্যবহার করা হয়। যথা—তব গৃহম্ or ত্বদ্গৃহম্।

(c) সংস্কৃতে বক্তার বলিবার ইচ্ছানুসারে সম্প্রদান বা অন্য কারকের অর্থ বুঝাইতে সম্বন্ধপদ ব্যবহৃত হয়। উহাদিগকে বিবক্ষয়া ষষ্ঠী বলে, যথা—

( রজকস্য বস্ত্রং দেহি রজকায় ); তাবত্তয়স্য ভেতব্যম্ ( ভয়াৎ ) "অজ্ঞাত-কুলশীলস্য বাসো দেয়ো ন কস্যচিৎ"—( হি ) ( অজ্ঞাতকুলশীলায় )।

(d) ইংরাজীর 'It seems to me,' It appears to me,' প্রভৃতি বাক্যে— 'to me' এই অংশটিকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে ষষ্ঠী বিভক্তির প্রয়োগ করিতে হয়। যথা—He seems to me to te a fool :—মূর্খঃ স মে প্রতিভাতি।

The world appears to be void to me :—শূন্যমেব মে প্রতিভাতি জগৎ।

(e) ইংরাজীতে Objective Case-এর পূর্ব্বে of প্রযুক্ত হইয়া adjective কিংবা apposition-এর অর্থ প্রকাশ করিলে সংস্কৃতে সেই স্থলে সম্বন্ধপদ ব্যবহৃত হয়। যথা :—A pot of gold—স্বর্ণপাত্রম্। In the month of Falgun—ফাল্গুনে মাসি। A boy of merit—প্রতিভাবান্ বালকঃ।

## Lesson 8

### Vocative Case ( সম্বোধন পদ )

§ 50. (a) সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। Oh mother! মাতঃ!

(b) সংস্কৃতে ভোঃ, হে, অয়ি প্রভৃতি সম্বোধনবোধক অব্যয়গুলি সম্বোধন পদের পূর্ব্বে বসে। যথা—হে রাজন্! অয়ি মাতঃ! ভোঃ জ্ঞানিন্।

## Lesson 9

### Locative Case ( অধিকরণ কারক )

§ 51. (a) **আধারোঽধিকরণম্।**

কর্ত্তা ও কর্ম্মের আধারকে অধিকরণ কারক বলে।

"সপ্তম্যধিকরণে"—অধিকরণকারকে সপ্তমী বিভক্তি হয়। যথা—There is no cloud in the blue sky—নীলে নভসি মেঘো ন বিদ্যতে।

"ক্রিয়াশ্রয়স্য কর্ত্তুর্বা ধারণাৎ কর্মণোঽথবা।
আধারভূতং যদ্বস্তু তত্রাধিকরণং মতম্ ॥"

ক্রিয়াবিশিষ্ট কর্তা ও কর্ম্ম যাহাতে থাকে তাহাই ক্রিয়ার আধার।

(b) আধার তিন প্রকার—(i) **ঐকদেশিক,** (ii) **বৈষয়িক,** (iii) **অভিব্যাপক।**

(i) **ঐকদেশিক**—একদেশের সম্বন্ধ থাকিলে যথা—বনে, ঋষিঃ বসতি।

(ii) **বৈষয়িক যথা**—মোক্ষে ইচ্ছাঽস্তি। মোক্ষ বিষয়ে ইত্যর্থঃ।

(iii) **অভিব্যাপক যথা**—দুগ্ধে মাধুর্য্যমস্তি; দুগ্ধের সকল স্থান ব্যাপিয়া মাধুর্য্য আছে।

ইহা ছাড়া কেহ কেহ কাল ও সামীপ্য অধিকরণ স্বীকার করেন। তাঁহাদের মতে আধার পাঁচ প্রকার।

কাল—'শরদি' নভো নির্ম্মলং জায়তে।

সামীপ্য—গঙ্গায়াং ঘোষো বসতি; গঙ্গাসমীপে ইত্যর্থঃ।

(c) ইংরাজীতে যেখানে 'towards' 'about', প্রভৃতি অর্থ প্রকাশিত হয় সংস্কৃতে সেখানে অধিকরণকারক ব্যবহৃত হয়। যথা—Be not unkind towards me—ময়ি নিষ্করুণো মা ভব।

He became free from desires about worldly objects—স বিষয়েষু বীতস্পৃহঃ সঞ্জাতঃ।

(d) **বিবক্ষাবশাৎ কারকানি।** কর্তার ইচ্ছানুসারে সংস্কৃতে বিহিত কারকগুলির অন্যথা ভাব দৃষ্ট হয়। যথা—গ্রামে গচ্ছতি, স্থাল্যাং পচতি।

(e) অপাদান-সম্প্রদান-করণাধারকর্ম্মণাম্।
কর্ত্তুশ্চায্যোঽন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে॥

অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম ও কর্তা —ইহাদের মধ্যে এক পদে দুই তিনটি কারকের সম্ভাবনা থাকিলে পূর্ব্ববর্ত্তী কারক না হইয়া পরবর্ত্তী কারক হইবে। যথা—বরমাহূয় কন্যাং দদাতি—এই বাক্যে 'বরম্' পদটি

'আহূয়' ক্রিয়ার কর্ম্ম হইতে পারে এবং কন্যাদান করা অর্থ বুঝাইতেছে বলিয়া সম্প্রদান কারকেরও সম্ভাবনা আছে। অতএব উপরের শ্লোকে কর্ম্মকারকের নাম সম্প্রদান কারকের পরে থাকায় কর্ম্মকারকই হইবে, সম্প্রদান কারক হইবে না। এরূপ ধাবতি মৃগঃ শশ্য, গৃহং প্রবেশ্য নির্গচ্ছতি, গঙ্গাং গত্বা স্নাতি ইত্যাদি প্রয়োগ সিদ্ধ হয়।

## Exercise 11

1. (a) Define কারক। (b) How many kinds of কারক are there? (c) What are called কর্ত্তা and কর্ম্মকারক?

A. (a) ক্রিয়ানিমিত্তভূতং যৎ তৎসর্ব্বং কারকং ভবেৎ।

(b) কর্ত্তা চ কর্ম্ম করণং সম্প্রদানং তথৈব চ।
অপাদানাধিকরণে কারকানীতি ষড় বিদুঃ॥

(c) ক্রিয়াহেতুষু ষট্স্বত্র স্বতন্ত্রো যো বিবক্ষিতঃ।
স স্যাৎ কর্ত্তাহত্র কর্ম্মাদি-কারকানামধীশ্বরঃ॥
যদীপ্সিততমং কর্ত্তুস্তত্তু স্যাৎ কর্ম্মকারকম্।

2. Account for the exclusion of সম্বন্ধবিহিতা ষষ্ঠী from the categories of কারক।

Now many kinds of আধার are there? Give an example of each.

3. Determine the roots with double accusatives, Illustrate them by examples.

4. Explain—'বিবক্ষাবশাৎ কারকানি"।

5. Correct or justify—রজকস্য বস্ত্রং দদাতি।

6. Translate into Sanskrit :—

(a) Then the great sage became regardless of pleasure or

pain. The vernal season does not appear splendid without the presence of mango shrouts, ( আম্রমুকুলোদ্গমং বিনা )। The moon gives us light. Let us turn our valuable time into account. Dear child, wait a bit ; here comes your affectionate mother with fruits in her hand. A good man should forget the faults of other but should always remember their meirts. The king is the guardian ( রক্ষকঃ ) of religion. War is the offspring of anger ( ক্রোধস্য মূলম্ )।

(b) এই নগরে রামের গৃহ। তাহাকে পণ্ডিত বলিয়া মনে হইয়াছিল। সরোবরের নির্ম্মল জলে পদ্মসকল শোভা পাইতেছে। গহন বনে একটি ভীষণ সিংহ বাস করিতেছিল। বর্ষাকালে আকাশ মেঘের দ্বারা আবৃত হয়। আমার প্রতি নির্দ্দয় হইবেন না।

Bearn :—1. Even at the cost of our own life—প্রাণব্যয়েনাপি 2. In detail—সবিস্তরম্। 3. It is about sun-set—পরিণতঃ প্রায়মহঃ। 4. At one's case—প্রকামম্। 5. Don't give way to grief—শুচো বশং মা গম।

## Miscellaneous Exercise 2

1. Explain the following sutras with examples :—

(a) সার্থকতমং করণম্। (b) অধিশীঙ্স্থাসাংকর্ম্মধারেয়ওমর্ণঃ। (c) ক্রিয়ান্বয়ি কারকম্। (d) উদ্দেশ্য-বিধেয়য়ো র্নাস্তি বচন-লিঙ্গ-তন্ত্রতা।

2. Decline :—

(i) মতি in the dative case ; জরা in the genitive case ; তির্য্যচ in the genitive case ; অদস্ (fem.) in the genitive case ; অক্ষি in the locative case ; বৃত্রহন in the locative case (1915)।

(ii) সখি in the dative case ; জরা in the objective case ;

অক্ষি in the locative case ; পূর্ব্ব in the ablative case ; অদস্ in the genitive case and অস্মদ্ in the dative case (1916).

(iii) অদস্ in the nominative and accusative cases masculine and neuter (1917).

(iv) নির্জ্জর, নিশা, বারিবাহ, মঘবৎ and বৃত্রহন্ in the third case-ending singular and plural (1918).

(v) দ্বি in all cases ; গো in third and sixth case-ending. শ্রী in the 4th and 5th case-endings ; সুধী in the nominative and vocative cases and বিদ্বস্ in the 3rd and 7th case-ending (1920).

(vi) মাস in the locative দিব্ in the accusative, অদস্ in the nominative, অস্থি in the locative, নৃ in the genitive, ইদম্ ( fem. ) in the instrumental ( 1921 ).

(vii) গো in দ্বিতীয়া, বিদ্বস্ in তৃতীয়া, বিশ্ in চতুর্থী, যুস্মদ্ in ৫মী, সর্ব্বা in ৬ষ্ঠী and নৃ in ৭মী ( 1922 ).

3. Give the rules for the correct use of the পঞ্চমী বিভক্তি with an example to illustrate each of the rules ( 1915 ).

4. Frame sentences to illustrate the use of :—সুতরাম্, অলম্ and খলু ( 1915 ).

5. Give the various snitances in which a word takes the second case-ending.

6. Frame sentence to illustrate the use of পরিতঃ, স্বস্তি and অলম্ ( 1920 )।

7. Account for the case-ending in the following underlined words :—(i) স ইন্দ্রস্যার্দ্ধাসনমধিতস্থৌ। (ii) স রাজর্ষিরিমানি দিবসানি প্রজাগরকৃশো লক্ষতে ( শকু )। (iii) কৃতমতিপ্রসাদেন ( কাদ )।

(iv) দূরীকৃতাঃ খলু গুণৈরুদ্যানলতা বনলতাভিঃ ( শকু )। (v) ন খলু তামভিক্রুদ্ধোগুরুঃ ( বেণী )।

9. Correct :—

শ্যামেণ চন্দ্রং দৃশ্যতে। স গিরৌ অধিশেতে। যৎ ভবতি রোচতে তৎ কুরু। হিমবতি গঙ্গা প্রবহতি। ভ্রমরাঃ মধুং পিবন্তি। কস্মিন্ দিশি গতো মে মিত্রঃ। দানবা কেশবাৎ দ্রুহ্যন্তি। নগরে নরা অধিবসন্তি।

10. Translate into Sanskrit :—

(a) Sit by me. It is a mad dog. She had a red cap. Why is she so sad? Go to bed. Who has got my top? He can dig. The sun is set. My net is wet. He had a fat nag. Do so to me. You do so. She has a pet cat. It is a tin box. He is to go. Do as we do. The cup is not hot. Get a bat for me.

(b) I am hungry. You are angry. He is diligent. He wants a knife. Jadu is a shop-keeper. The egg is fresh. The roses are red. My maternal uncle has much money. His money is in his iron chest. My father eats bread at night. The Governor of Bengal leaves Calcutta to-day.

(c) I have just taken my bath. Jadu has taken his lunch. The carpenter is sawing a plank. The Head Master is teaching us Mathematics. The old man is recovering from his illness. The child is cutting its teeth. The boy is turning over the pages of a book.

Vidyasagar has written many books. He has created a scene. He has got a horse to his liking. The English founded the British Empire in India.

(d) রণজিৎ সিং ইংলণ্ডে বা ফ্রান্সে বাস করিতেন। আন্দামান দ্বীপপুঞ্জ বঙ্গোপসাগরে অবস্থিত। তুমি অবশ্য সময়ের সদ্ব্যবহার করিবে। প্রায় সকল

গৃহস্থের বাটীতেই বিড়াল আছে। বিড়ালের সমস্ত শরীরে ঘন লোম আছে। আমরা আজ রাত্রিতে মেদিনীপুর যাইব। বানরেরা গাছে চড়ে। ছেলেরা আমোদপ্রিয়। আমার পিতা হুগলিতে চিকিৎসা করিতেছেন। অনেক স্ত্রীলোক নদীতে স্নান করিতেছে।

## Chapter V

## Case-endings—বিভক্তি

§ 52. (a) **সংখ্যাকারকবোধয়িত্রী বিভক্তিঃ।—**

যাহা দ্বারা সংখ্যা ও কারকের বোধ হয় তাহাকে বিভক্তি বলে। যথা—ঘটঃ, ঘটৌ, ঘটাঃ, ঘটম্, ঘটান্ ইত্যাদি। এই সকল স্থানে ঘট শব্দে একবচন, দ্বিবচন ও বহুবচনের বিভক্তির প্রয়োগ থাকাতে একটি ঘট, দুইটি ঘট এবং বহু ঘট এরূপ সংখ্যার প্রতীতি হয়। চন্দ্রং পশ্যতি এস্থলে চন্দ্রে দ্বিতীয়া বিভক্তি থাকায় চন্দ্র কর্ম্মকারক, এরূপ প্রতীতি হয়।

(b) **বিভক্তয়ঃ সপ্ত।**

বিভক্তি সাতটি। যথা :—প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী।

### Lesson I

### First Class (প্রথমা বিভক্তি)

§ 53. (a) **অভিধেয়মাত্রে প্রথমা।**

অভিধেয় (শব্দার্থ) বুঝাইলে প্রথমা বিভক্তি হয়। যে শব্দে যাহা বুঝায় তাহাই সেই শব্দের অভিধেয়। যথা—অশ্বঃ, কুসুমম্, ঋষিঃ, জলম্, নদী।

(b) **কর্ত্তরি।** কর্তৃবাচ্যে কর্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। যথা—গৌঃ ধাবতি, শিশুঃ হসতি, বালকো ক্রীড়তি।

(c) সম্বোধনে চ ( ২।৩।৪৭ )

সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা—ভোঃ কৃষ্ণ ! রক্ষ মাম্—O Krishna ! protect me.

(d) অব্যয়যোগে চ।

ইতি, অপি প্রভৃতি অব্যয় শব্দের যোগে প্রথমা বিভক্তি হয়। যথা—আসীদ্রাজা চিন্তামণিরিতি—There was a king Chintamoni by name. বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্—Even a poisonous tree should not be cut down by one who has fostered its growth.

(e) উক্তকর্ম্মণি।

উক্ত কর্ম্মে ( কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে ) প্রথমা বিভক্তি হয়। যথা—ময়া চন্দ্রো দৃশ্যতে—The moon is seen by me.

## Exercise 12

1. On what occasions is the first case used ? Give examples in each case.

2. Correct :—বালকং ধাবতি। চন্দ্রেণ উদেতি। রামো গম্যতে। বীরসেনং ইতি খ্যাতো নৃপতিরাসীৎ। মূর্খাণাং সংসর্গং পরিত্যক্তুং সাম্প্রতম্। ভোঃ হরঃ ! মাং রক্ষ।

3. Translate into Sanskrit :—

(a) In the market. By a kind man. The sun shines. The moon rises in the sky. There was a king Nala by name. The dog barks.

(b) The child is seeing the moon. You should study your books. The king is giving wealth to the poor. It is raining, so you should not go out. Why are you getting angry with me ? The king fought bravely with his enemies. Then he

came to a dense forest where he came across a spring of clear water. The princess entered the pleasure garden with her husband. Milk is being drunk by the girl. The lion is roaming in the forest. Cows are running in the street. Your father will come in the evening. Even a poisonous plant having been nursed should not be cut down by the planter himself.

(c) নগরে লোক বাস করে। হে বন্ধু! আমাকে রক্ষা কর। কৃষ্ণ রজনীতে। মেঘ গর্জ্জন করিতেছে। সরোবরে পদ্ম শোভা পাইতেছে।

Learn :—

(1) Sun-stroke—আতপলঙ্ঘনম্। (2) Thanks—মহানয়ং প্রসাদঃ। (3) It is no wonder—কিমত্র চিত্রম্। (4) Something is better than nothing—বধিরান্মন্দকর্ণঃ শ্রেয়ান্। (5) With an eye overflowing with joy—আনন্দপরিবাহিণা চক্ষুষা।

## Lesson 2

### Second Class (দ্বিতীয়া বিভক্তি)

§. 54. (a) **কর্ম্মণি দ্বিতীয়া** (২।৩।২)

কর্ত্তৃবাচ্যে কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা :—রামঃ চন্দ্রং পশ্যতি—Ram is seeing the moon. সঃ অন্নং ভুঙ্‌ক্তে—He is taking his food.

(b) **ক্রিয়াবিশেষণে চ।**

ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বিভক্তি হয়। উহার একবচনে ও ক্লীবলিঙ্গে প্রয়োগ হইয়া থাকে। যথা—স সত্বরং ধাবতি; চৌরঃ দ্রুতং পলায়তে; বালকো মৃদু হসতি।

(c) **উভসর্ব্বতসোঃ কার্য্যা ধিগুপর্য্যাদিষু ত্রিষু।**
**দ্বিতীয়াম্রেড়িতান্তেষু ততোঽন্যত্রাপি দৃশ্যতে॥**

দ্বিরুক্তের পরভাগকে আম্রেড়িত বলে। তস্ প্রত্যয়ান্ত সর্ব্ব ও উভ শব্দের যোগে, ধিক্ শব্দের যোগে, দ্বিরুক্ত, উপরি, অধি ও অধস্ শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। এতদ্ভিন্ন শব্দের যোগেও দ্বিতীয়া দৃষ্ট হয়। যথা—কৃষ্ণমুভয়তো গোপাঃ—Cowherds are on both sides of Krishna. গ্রামং সর্ব্বতঃ—On all sides of the village. ধিক্ জাল্মান্—Fie upon the rogues. উপর্য্যুপরি লোকং হরিঃ—Hari is over the world.

উপর্য্যুপরি পর্ব্বতং শৃঙ্গাণি—The cliffs on the top of a mountain.

অধ্যধি শিখরং ঘনাগমঃ।

অধ্যধি বৃক্ষং কিশলয়ানি শোভন্তে।

cf. "নবানধোঽধো বৃহতঃ পয়োধরান্" (মাঘ)

—Near the big pieces of new clouds.

"ধিগস্তু তৃষ্ণাতরলং ভবন্মনঃ" (নৈষধ)

"অন্যত্রাপি দৃশ্যতে"—এই অংশদ্বারা যাবৎ ও ঋতে যোগেও দ্বিতীয়া হয় ইহা সূচিত হইতেছে। যথা—বনং যাবদরণ্যানী বিদ্যতে। শ্রমম্ ঋতে বিদ্যা ন ভবতি।

(d) **অভিতঃ পরিতঃ সময়া নিকষা হা প্রতিযোগেঽপি।**

অভিতঃ, পরিতঃ, সময়া, হা এবং প্রতি যোগেও দ্বিতীয়া বিভক্তি হইয়া থাকে। যথা—পতঙ্গাঃ অনলমভিতো গচ্ছন্তি।

পরিজনাঃ নৃপতেরভিতঃ স্থিতাঃ (মহা)—The attendants stood round the king.

মাহেন্দ্রং নগমভিতঃ (কিরাত)—Towards the Mahendra mountain.

নদীমভিতঃ পাদপাঃ—The trees are on either side of the river.

cf. "অনন্তমিদ্ধমভিতো গুরুমংশুজালম্"।

নগরমভিতো নদী। রক্ষাংসি বেদীং পরিতো নিরাকৃতবান্—He expelled all the evil spirits from around the alter.

সূর্য্যং পরিতঃ পৃথিবী ভ্রমতি—The earth moves round the sun.

পৃথিবীং পরিতঃ সাগরাঃ—The oceans surround the earth.

রামঃ কাননং সময়া নিকষা বা তিষ্ঠতি।

উদ্যানং সময়া নিকষা বা নদী—There is a river near the garden.

হা ঈশ্বরাভক্তম্—Woe be to a non-worshipper of god.

কখন কখন সম্বোধনের সহিত 'হা' ব্যবহৃত হয়। যথা—হা ঈশ্বরাভক্ত! Alas! oh you, non-worshipper of god. দীনং প্রতি দয়া উচিতা—Mercy should be shown to the poor.

( e ) **অন্তরান্তরেণ যুক্তে** ( ৪।৪।৪ )

অন্তরা এবং অন্তরেণ শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—হরিঃ ত্বাঞ্চ মাঞ্চান্তরা উপবিশতি—Hari sits between you and me.

শ্রমমন্তরেণ বিদ্যা ন ভবতি—Learning cannot be had without labour.

বিদ্যামন্তরেণ ন সুখম্—There is no happiness without learning.

( f ) **কর্ম্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া** ( ২।৩।৮ )

কর্ম্মপ্রবচনীয় যোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

N. B.—উপসর্গ ধাতুর সহিত যুক্ত না হইয়া উপপদের ন্যায় ব্যবহৃত হইলে তাহাকে কর্ম্মপ্রবচনীয় বলে।

( g ) **অনুর্লক্ষণে** ( ১।৪।৮৪ )

লক্ষণ বুঝাইলে 'অনু' কর্ম্মপ্রবচনীয় সংজ্ঞা প্রাপ্ত হয়।

যথা—জপমনু প্রাবর্ষৎ—It rained just after the muttering of prayers.

জপজ্ঞানেন কালবিশেষবিশিষ্টাঃ বৃষ্টির্জ্ঞাপ্যতে ইত্যর্থঃ।

(h) **তৃতীয়ার্থে** (১।৪।৮৫)

তৃতীয়ার্থ অর্থাৎ সহার্থ বুঝাইলে অনু কর্ম্মপ্রবচনীয় হয়। যথা—নদীমন্ববসিতা সেনা—Army lie on by the side of the river. নদ্যা সহ সম্বদ্ধা ইত্যর্থঃ।

(i) **হীনে** (১।৪।৮৬)

হীন অর্থে অনু কর্ম্মপ্রবচনীয় হয়। যথা—অনুদেবান্ নরাঃ—Men are inferior to gods.

(j) **উপোঽধিকে চ** (১।৪।৮৭)

অধিক ও হীন অর্থে উপ কর্ম্মপ্রবচনীয় হয়। যথা—(অধিকার্থে) উপ পরার্দ্ধে হরেগুণাঃ

(হীনার্থে) উপ হরিং সুরাঃ—Gods are inferior to Hari.

(k) **লক্ষণেত্থম্ভূতাখ্যানভাগবীপ্সাসু প্রতিপর্য্যনবঃ** (১।৪।৯০)

লক্ষণ (জ্ঞাপক), ইত্থম্ভূতাখ্যান (কোন একটি প্রকার বিশেষ্যের অবধারক অর্থ), ভাগ ও বীপ্সা অর্থে প্রতি, পরি, এবং অনু কর্ম্মপ্রবচনীয় হয়। যথা—(লক্ষণে) বৃক্ষং প্রতি, পরি, অনু বা বিদ্যোততে বিদ্যুৎ—বৃক্ষকে পাইয়া প্রকাশিত হইতেছে; এখানে বৃক্ষ লক্ষণ, বিদ্যুৎ লক্ষ্য; কারণ বৃক্ষদ্বারা বিদ্যুৎ জ্ঞাপিত হইয়াছে। বৃক্ষ না থাকিলে বিদ্যুৎ প্রকাশিত হইত না।

(ইত্থম্ভূতাখ্যানে)—ভক্তঃ বিষ্ণুং প্রতি, পরি অনু—ভক্ত বিষ্ণু বিষয়ে কোন একটি প্রকার প্রাপ্ত।

(ভাগে) লক্ষ্মীঃ বিষ্ণুং প্রতি, পরি অনু বা—লক্ষ্মী বিষ্ণুর ভাগে। (বীপ্সার্থে) বৃক্ষং প্রতি, পরি অনু বা সিঞ্চতি—বৃক্ষে বৃক্ষে জলসেচন করিতেছে।

(l) **অতিরতিক্রমণে চ—**

অতিক্রম ও পূজার্থে অতি কর্ম্মপ্রবচনীয় হয়। যথা অতিদেবান্ কৃষ্ণঃ—Krishna is superior to gods.

(m) **কালাধ্বনোরত্যন্তসংযোগে** ( ২।৩।৫ )

অত্যন্ত সংযোগ শব্দের অর্থ নিরন্তর সম্বন্ধ। অর্থাৎ ব্যাপ্তি অর্থ বুঝাইলে কালবাচক ও অধ্ববাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—( কালবাচক ) স মাসমধীতে—He has been reading for a month. ( অধ্ববাচক ) ক্রোশং গিরিঃ তিষ্ঠতি—The hill stretches over two miles.

## Exercise 13

Show the use of :—

(a) Words denoting duration of time and space are put in the accusative. (b) The preposition 'অনু' taking the accusative in the sense of 'after'. (c) A কর্ম্মপ্রবচনীয়। (d) উপর্য্যুপরি and অধোঽধঃ with appropriate case word. (1926)

2. Explain grammatically the underlined words :—

(a) ক্রোশং কুটিলা নদী। (b) লক্ষ্মীর্হরিং প্রতি। (1926)

3. Correct :—(i) অস্য গিরেরভিতো বহবেঽশ্মানঃ সন্তি। (1922) (ii) ধিক্ তস্য। (1924) (iii) মাতা মে প্রতি ন সন্তুষ্টঃ। (iv) স তং নগরস্য যাবদনুসসার। (v) দেবা বিষ্ণোরনু। (vi) কৃষ্ণস্য অন্তরেণ শোচ্যা মথুরা।

4. Translate into Sanskrit :—

(a) My brother stayed here for a year. The garden is near the town. The young man followed the thief up to the dense forest. Rama lay down on the slab of peare stone. It rained just after the muttering of prayers, and people shouted ( উচ্চৈর্জগদুঃ ) "Without Hari there is no happiness." The son of Subala was the prime cause for the banishment of the son of Pandu for thirteen years ( ত্রয়োদশবর্ষাণি যাবৎ )। A wife should always follow the will of her husband. Woe to those who

follow immoral paths. Knowledge cannot be had without labour ( শ্রমং বিনা )। For two miles from Abanti are to be seen beautiful gardens on all sides ( সর্ব্বতঃ ). There are high rocks ( নগাঃ ) on both sides ( উভয়তঃ ) of the river.

(b) সৈনিকেরা বন পর্য্যন্ত রাজার অনুসরণ করিল। লক্ষ্মণ রামের পর জন্মগ্রহণ করিয়াছিলেন। মাতা চলিয়া যাইবার পর যদু বলিল। নগরের নিকটে একটি নদী আছে। ধর্ম্ম বিনা সুখ নাই। ভগবন্! আমার প্রতি সদয় হউন্। বৃদ্ধ জীর্ণ শয্যায় শয়ন করিয়া আছে। মহাদেব হিমালয়ে বাস করেন। শ্যাম গোপালের প্রতি ক্রুদ্ধ হইয়াছিল।

Learn :—1. Why are you late ?—কিমিতি চিরায়িতং ত্বয়া ? 2. It is a day's journey—অহোগম্যোঽধ্বা। 3. In the eyes of the public—লোকদৃষ্ট্যা। 4. He is equal to his task—কার্য্যং সাধয়িতুমলং হি সঃ। 5. He incurs blame—স বাচ্যতাং যাতি।

## LESSON 3

## Third Class—( তৃতীয়া বিভক্তি )

§ 55. (a) **কর্ত্তৃকরণয়োস্তৃতীয়া** ( ২।৩।১৮ )

অনুক্ত কর্ত্তায় ( কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যের কর্ত্তৃকারকে ) এবং করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—রাঘবেণ বাণেন হতো রাবণঃ—Ravana was slain by Raghava with an arrow.

তামেব দিব্যযোষিতং চক্ষুষা পুনর্নিরূপয়ামাস ( কাদ )—He again looked at that very celestial woman with his eye.

(b) **সহযুক্তেঽপ্রধানে** ( ২।৩।১৯ )

"সাকং সার্দ্ধং সম যোগেঽপি"—( ভট্টোজি )।

সহার্থেন যুক্তে অপ্রধানে তৃতীয়া স্যাৎ। বিনাপি তদ্‌যোগং তৃতীয়া। বৃদ্ধোযূনা ইত্যাদি নির্দ্দেশাৎ—( ভট্টোজি )।

সহার্থ শব্দের যোগে অপ্রধানে তৃতীয়া বিভক্তি হয়। যথা—পিতা পুত্রেণ সহাগত—The father came with his son. এখানে ক্রিয়ার সহিত পিতারই সম্বন্ধ। অতএব পিতাই প্রধান আর ক্রিয়ার সহিত পুত্রের সম্বন্ধ অর্থবশতঃ জানা যাইতেছে। অতএব পুত্র অপ্রধান। এজন্য পুত্র শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হইয়াছে। সহার্থকশব্দ—সাকম্, সার্দ্দম্ ও সমম্ শব্দের যোগেও তৃতীয়া বিভক্তি হয়। যথা—কেনাপি সাকং কলহো ন কর্ত্তব্যঃ। রামেণ সার্দ্ধং সীতা বনং জগাম। ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জ্জনেন সমং ক্বচিৎ ( হিতো)—Never live or walk with the wicked.

cf. "নিবসন্তি পরাক্রমাশ্রয়া ন বিষাদেন সমং সমৃদ্ধয়ঃ" ( ভারবি )। সহার্থ শব্দের অপ্রয়োগেও তৃতীয়া বিভক্তি হয়। যথা—বৃদ্ধো যূনা গচ্ছতি।

N. B.. 'সহেন অপ্রধানে' ইত্যেব বাচ্যে যুক্তগ্রহণাদর্থগ্রহণম্, 'সহেন অপ্রধানে' এরূপ সূত্র করিলেই উদ্দেশ্য সিদ্ধ হইতে পারিত। কিন্তু সহ শব্দের দ্বারা সহার্থের ও গ্রহণ বুঝাইবার জন্য—'যুক্ত' শব্দের উল্লেখ করা হইয়াছে।

(c) **বারণার্থার্থৈশ্চ**—( **ভট্টোজিঃ** )

'উনবারণপ্রয়োজনার্থৈশ্চ'—উনার্থ (উন, হীন, রহিত, শূন্য), বারণার্থ ( কিম্, অলম্, কৃতম্ ) ও প্রয়োজনার্থ ( কার্য্য, অর্থ ) শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা—উনার্থ—একেন উনঃ—Less by one. বিদ্যয়া হীনঃ—One is without learning. অহংকারেণ শূন্য—One is without pride.

বারণার্থ—অলং বিবাদেন কলহেন কিম্—No need of quarrel.

কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ভক্তিমান্—( প ) What is the good of the birth of a son who is neither learned nor devoted.

প্রয়োজনার্থ—ধান্যেন প্রয়োজনম্, কোঽর্থঃ কলহেন।

অপ্রয়োজনার্থ—অপ্রাজ্ঞেন সানুরাগেন ভৃত্যেন কো গুণঃ ( ম )—What is the use of a devoted but foolish servant ?

(d) **অপবর্গে তৃতীয়া।** অপবর্গঃ ফলপ্রাপ্তিঃ, তস্যাং দ্যোত্যায়াং কালাধ্বনোরত্যন্তসংযোগে তৃতীয়া স্যাৎ।

অপবর্গ-শব্দের অর্থ ফলপ্রাপ্তি। ফলপ্রাপ্তি বুঝাইলে কাল ও অধ্ববাচক শব্দের উত্তর অত্যন্তসংযোগে ( ব্যাপ্তি অর্থে ) তৃতীয়া বিভক্তি হয়। যথা—মাসেন ব্যাকরণমধীতম্—He learnt grammar in a month. দ্বাদশবর্ষৈর্ব্যাকরণং শ্রূয়তে ( প )—Grammar is learnt in twelve years. অহং ক্রোশেন ইদং পুস্তকম্ অপঠম্—I learnt this book in a journey of two miles. ক্রোশেন পাঠস্তেনাধীতঃ ( সি. কৌ )—The lesson was learnt by him in a krosa.

N. B.—ফলপ্রাপ্তি না বুঝাইলে অপবর্গে তৃতীয়া না হইয়া অত্যন্তসংযোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—মাসং ব্যাকরণমধীতম্—He learnt grammar in a month but could not master it.

ফল পাওয়ার সম্ভাবনা থাকিলে তৃতীয়া বিভক্তি হয়।—যথা—মাসেন আম্রানি পক্কানি ভবিষ্যন্তি—The mangoes will ripen in a month.

(e) **যেনাঙ্গবিকারঃ** ( ২।৩।২০ )

যে অঙ্গ বিকৃত হইলে অঙ্গীর বিকার লক্ষিত হয় সে অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—অক্ষ্ণা কাণঃ—Blind of one eye. পাদেন খঞ্জঃ—Lame of one leg.

N. B.—হানিবদাধিক্যমপি বিকারঃ—অঙ্গের হানির ন্যায় আধিক্য বুঝাইলেও তৃতীয়া বিভক্তি হয়। যথা—স বালে আসীৎ বপুষা চতুর্ভুজঃ।

(f) **ইত্থম্ভূতলক্ষণে** ( ২।৩।২১ )

যে লক্ষণ অর্থাৎ চিহ্ন দ্বারা কোন ব্যক্তি সূচিত হয় সেই লক্ষণবোধক

শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—জটাভিস্তাপসমহমপশ্যম্—I recognised a man to be an ascetic by his matted hair.

শ্রিয়া মহিম্না চ পুরুষঃ সমাগতঃ—There has come a man marked by beauty and nobility.

cf. মুখেন সা লক্ষ্যতে লোধ্রপাণ্ডুনা—( রঘু )।

(g) **প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্** ( বা )

স্থলবিশেষে প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা :—

প্রকৃত্যা মধুরম্—Sweet by nature. জাত্যা ব্রাহ্মণঃ—Brahmin by caste. গোত্রেণ ভরদ্বাজঃ—A Bharadwaja by family. নাম্না দেবদত্তঃ—Devadutta by name. সে সুখেন স্বপিতি—He is sleeping with ease. শ্যামো যত্নেন লিখতি—**Shyama** writes with care. এইরূপ প্রায়েণ দুঃখিতঃ—Sad now and then. বেগেন গচ্ছতি—He is going swiftly. আকৃত্যা সুন্দরঃ—Agreeable in appearance. স্বভাবেন সরলঃ ইত্যাদি—Simple by nature. আত্মানুরূপাং বিধিনোপযেমে ( কুমার )—He married (her) worthy of himself according to the rite.

'ধান্যেন ধনবান্' ইত্যাদি স্থানে অভেদে তৃতীয়া।

(h) **বিনাযোগেঽপি**—বিনা শব্দের যোগেও তৃতীয়া বিভক্তি হয়। 'ন হি সুখং দুঃখৈর্বিনা লভ্যতে'—There is no happiness without pain.

(i) **হেতৌ** ( ২।৩।২৩ )

হেত্বর্থে তৃতীয়া বিভক্তি হয়। যথা—দুঃখেন রোদিতি—He is crying through grief. অর্থেন বলবান্ সর্ব্বঃ অর্থাৎ ভবতি পণ্ডিতঃ—All are powerful with wealth and man becomes learned from wealth.

ফলমপীহ হেতুঃ ইতি—( ভট্টোজি )।

ফলও হেতু হয়। যথা—অধ্যয়নেন বসতি, ( সিঃ কৌ )—Dwells with the view of studying.

তাদর্থ্যবিবক্ষয়াং চতুর্থ্যপি ভবতীতি চতুর্থ্যা সহেয়ং তৃতীয়া বিকল্প্যতে ইতি তত্ত্ববোধিন্যাম্।

তাদর্থ্য বিবক্ষা করিলে চতুর্থীও হয়। যথা—অধ্যয়নায় বসতি।

## Exercise 14

1. Frame sentences to illustrate the use of :—

(a) The instrumental to denote object of purpose. (b) The instrumental signifying "defective limb". (c) কৃতম্—Taking the instrumental case. (d) A word with an instrumental to imply "separation".

2. What do you mean by উপলক্ষণে তৃতীয়া? Cite some of its examples.

3. Account for the case-endings in the underlined words :—(e) কাকেন গৃহমজানম্। (A) 'ভেদকলক্ষণাৎ' তৃতীয়া। (b) স মুখেন ত্রিলোচনঃ। (c) দ্বাদশবর্ষৈঃ ব্যাকরণং শ্রূয়তে। (d) লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি?

4. Distinguish between—(i) মাসেন ব্যাকরণমধীতম্। (ii) মাসং ব্যাকরণমধীতম্।

5. Correct :—(i) রে নৃশংস! ধিক্ তব (1910). (ii) রামঃ রাবণং হতঃ (1910). (iii) ধনস্য হীনো জনঃ প্রায়েণ দুঃখভাজনো ভবতি (1923). (iv) ক্রীড়নকস্য কিং মে প্রয়োজনম্ (1926). (v) মম রক্ষিতং কথং হরসি? (1929)।

6. Translate into Sanskrit :—

(a) One should not quarrel with another. The learned man was Brahmin by caste. Rama went to the forest of Dandak with his beloved wife Sita and his half-brother

Lakshman. Oh sister! what will be the use of these dry flowers to you? He has completed the study of iterature in three years. I have never come across a man so sweet by nature and so beautiful in appearance. A man is known by the company he keeps. A king should protect his subjects according to the rules laid down by Manu. What is the use of walking with this man? He is lame of his right leg and cannot walk swiftly. He is blind of one eye and cannot see clearly. I knew the penance grove by the calmness of that place. There was a king Birasen by name. He is devoid of intellect. What is the good of seeing her who is within the grasp of death?

(b) সাবিত্রী সত্যবানের সহিত বনে গিয়াছিলেন। কাটা নাক দেখিয়া তাহাকে চিনিলাম। অন্য কোন পাণ্ডবই যুধিষ্ঠিরের সহিত স্বর্গে যাইতে পারিলেন না। বৃথা বাক্যব্যয়ে প্রয়োজন কি? তিনি সাত বৎসর ন্যায়শাস্ত্র অধ্যয়ন করিলেন। নিত্য উৎসব ছাড়া মন্দির সুন্দর দেখায় না।

Learn:—(1) The more the better—অধিকন্তু ন দোষায়। (2) Might is right—বীরভোগ্যা বসুন্ধরা। (3) Set your heart on religious matters—আধীয়তাম্ ধর্ম্মে ধীঃ। (4) I shall deliver the letter to his hand—লেখং তস্য করে প্রাপয়িষ্যামি। (5) Not heard of before—অশ্রুতপূর্ব্বম্।

## LESSON 4.

### Fourth Class ( চতুর্থী বিভক্তি )

§ 56. (a) **চতুর্থী সম্প্রদানে** ( ২।৩।১৩ )

সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা—ধনী ভিক্ষবে ভিক্ষাং দদাতি—The rich man gives alms to the beggar. রাজা দরিদ্রায় ধনং দদাতি—The King is giving riches to the poor.

(b) তাদর্থ্যে চতুর্থী বাচ্যা ( বা )

তাদর্থ্য ( নিমিত্তার্থ ) বুঝাইলে অথবা যাহার নিমিত্ত কোন বস্তু অথবা ক্রিয়া অভিপ্রেত হয়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—যূপায় দারু—The log for Yupa. রন্ধনায় স্থালী—A plate for cooking. কুণ্ডলায় হিরণ্যম্—Gold for an earring. মশকায় ধূমঃ—Smoke for preventing mosquito.

( c ) ক্লৃপি সম্পদ্যমানে চ।

ক্লৃপি প্রভৃতি ( ক্লৃপি, জন্, ভূ ও সম্+পদ্ to be adequate to, to bring about, to tend to ) ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—ভক্তির্জ্ঞানায় কল্পতে, সম্পদ্যতে, জায়তে, ভবতির্বা—Devotion conduces to knowledge. জ্ঞানং সুখায় সম্পদ্যতে—Knowledge conduces to happiness. পুণ্যং সুখায়, পাপং দুঃখায় চ ভবতি—Virtue begets happiness, and sin begets sorrow. ধর্ম্মঃ স্বর্গায় ভবতি—Virtue leads to heaven.

Cf. "প্রতিকারবিধানমায়ুষঃ সতি শেষে ন হি ফলায় কল্পতে"—( র )। বিদ্যা বিনয়ায় কল্পতে—**Learning brings about modesty.**

N. B.—প্রকৃতি ও বিকৃতির ভেদ বিবক্ষা করিলে বিকৃতি বাচক শব্দের উত্তর চতুর্থী হয়। কিন্তু অভেদ বিবক্ষা করিলে পরত্ব নিবন্ধন প্রথমাই হয়। যথা—ভক্তির্জ্ঞানং কল্পতে।

(d) হিতযোগে চ ( বা )।

হিতশব্দের যোগে চতুর্থী হয়। যথা—ব্রাহ্মণায় হিতম্—Good to the Brahmin. "সুখযোগে চ"—সুখশব্দের যোগেও চতুর্থী বিভক্তি হয়। যথা—সুখং শিষ্যায়—Good for a disciple.

( e) ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ ( ২।৩।১৪ )

ক্রিয়ার্থা ক্রিয়া উপপদং যস্য, তস্য স্থানিনঃ অপ্রযুজ্যমানস্য তুমুনঃ কর্ম্মণি চতুর্থী স্যাৎ।

ক্রিয়ার্থা ক্রিয়া উপপদ থাকে এরূপ তুমুন্ প্রত্যয়ান্ত পদ অপ্রযুজ্যমান ( উহ্য ) থাকিলে তাহার কর্ম্মে চতুর্থী বিভক্তি হয়। যথা—স ফলেভ্যো যাতি—ফলানি আহর্ত্তুং যাতীত্যর্থঃ—He goes for fruits. নমস্কুর্ম্মো নৃসিংহায়, নৃসিংহমনুকূলয়িতুমিত্যর্থঃ। স্বয়ম্ভুবে নমস্কৃত্য।

Cf. 'শস্যায় মঘবা দিবম্'—( র )।

N. B.—বৃত্তিতে তুমুন্ পদটি ণ্বুল্ প্রত্যয়ের উপলক্ষণ, অর্থাৎ ণ্বুল্ প্রত্যয় উহ্য থাকিলেও চতুর্থী বিভক্তি হয়। যথা—ফলেভ্যো যাতি—ফলান্যাহরকো যাতীত্যর্থঃ।

( f ) **তুমর্থাচ্চ ভাববনাৎ** ( ২।৩।১৫ )।

তুমর্থে ভাববাচ্য নিষ্পন্ন শব্দ প্রযুক্ত হইলে তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—যাগায় যাতি (যষ্টুং যাতীত্যর্থঃ)—He is going to perform a sacrifice. ব্রাহ্মণাঃ ভোজনায় গচ্ছন্তি—The Branmins are going to feast.

Cf. "আদানং হি বিসর্গায় সতাং বারিমুচামিব"।

( g ) **নমঃ স্বস্তিস্বাহাস্বধালংবষড়্ যোগাচ্চ** ( ২।৩।১৬ )।

নমস, স্বস্তি, স্বাহা, স্বধা, অলম্ অর্থাৎ সমর্থকশব্দ ও বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—গণেশায় নমঃ—Reverence be to Ganesh. ব্রহ্মণে নমঃ—I bow to Brahma. স্বস্তি তুভ্যং মহীপাল! Good-bye to you. O king. অগ্নয়ে স্বাহা—This offering is to fire. পিতৃভ্যঃ স্বধা—This offering is to the ancestors. ইন্দ্রায় বষট্—This offering is to Indra.

"অলমিতি পর্য্যাপ্ত্যর্থগ্রহণম্—( ভট্টোজি )।

'অলম্' এই শব্দের অর্থ যখন 'a match fos,' 'sufficient for' এবং 'able to do' বুঝাইবে তখন ইহাদের যোগে চতুর্থী বিভক্তি হইবে। যথা—দৈত্যেভ্যো হরিবলম্ প্রভুঃ সমর্থঃ—He is a match for the demons. অলং মল্লো মল্লায়—A wrestler is a match for a wrestler.

Cf. অলমেষাং ক্ষুধিতস্য তৃপ্ত্যৈ—( রঘু )—This (cow) is sufficient to tatisfy me who am hungry.

N. B. (i) **প্রভ্বাদিয়োগে ষষ্ঠী অপি সাধুঃ 'তস্মৈ প্রভবতি'**—"স এষাং গ্রামণী, ইতি নির্দ্দেশাৎ। তেন 'প্রভুর্বভূবুর্ভুবনত্রয়স্য—' ( মা ) ইতি সিদ্ধম্।"

Both ষষ্ঠী and চতুর্থী are correct here, as for example—"তস্মৈ প্রভবতি"—Here তস্মৈ takes চতুর্থী in connection with the verb প্রভবতি। Again ষষ্ঠী is also admissible in connection with প্রভু etc. as 'স এষাং গ্রামণী'। Here গ্রামণী marns প্রভু and as such ষষ্ঠী is used to এষাম্। This defends the ষষ্ঠী in 'ভুবনত্রয়স্য in 'প্রভর্বভূবুঃ.।

(ii) **উপপদবিভক্তেঃ কারকবিভক্তির্বলীয়সী**—( ভট্টোজিঃ )—উপপদ-বিভক্তি অপেক্ষায় কারক বিভক্তির অধিকতর বল বিদ্যমান।

কোন শব্দের যোগে যে বিভক্তি হয়, তাহাকে উপপদবিভক্তি বলে। যথা— 'নমস্করোতি দেবান্', 'নারায়ণং নমস্কৃত্য—ইত্যাদি স্থলে 'কৃ' ধাতুর যোগে কর্ম্মে দ্বিতীয়া হইয়াছে। কোনস্থলে চতুর্থীও দৃষ্ট হয়। যথা—নমস্কুর্ম্মো নৃসিংহায়, স্বয়ম্ভুবে নমস্কৃত্য ইত্যাদি। ঐ সকল স্থলে "নৃসিংহমনুকুলয়িতুম্, স্বয়ম্ভবমনু-কুলয়িতুম্" এরূপ অর্থ করিয়া "ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ" ইত্যাদি সূত্র দ্বারা চতুর্থী বিহিত হইয়াছে। ইহা ভট্টোজি দীক্ষিতের মত। পরন্ত নমস+কৃ ধাতুর যোগে বিকল্পে চতুর্থী বিভক্তি হয় ইহাই অনেকের অভিমত। এই সম্বন্ধে প্রাচীন একটি কারিকা প্রচলিত আছে। যথা—

**"নমোযোগে ক্রিয়াশূন্যে চতুর্থী সম্মতা বুধৈঃ।**
**করোত্যর্থবিবক্ষায়াং দ্বিতীয়া তত্র নিশ্চলা॥"**

প্রসিদ্ধ বৈয়াকরণ কুলচন্দ্রের "নমঃ কৃঞ্ যোগে বিভাষয়া" এই সূত্রানুসারে "নমস্কুর্ম্মো নৃসিংহায়, এই প্রয়োগ সাধু।"

৬

(iii) Roots meaning 'to salute' snch as প্রণিপত্, প্রণম্ are construed with the dative or accusative, as ধাতরং প্রণিপত্য (কু) —Saluting the creator. তস্মৈ প্রণিপত্য নন্দী (কু)—Nandi prostrating at his feet.

তাং ভক্তিপ্রণবেন চেতসা প্রণনাম (কা)। তাং কুলদেবতাভ্যঃ প্রণময্য (কু)। মূর্দ্ধ্না প্রণামং বৃষভধ্বজায় চকার (কু)।

(h) **মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষাঽপ্রাণিষু** (২।৩।১৭)।

নৌকাকান্নশুকশৃগালবর্জ্যেষ্বিতি বাচ্যম্ (বা)

অবজ্ঞা বুঝাইলে দিবাদিগণীয় মন্ ধাতুর প্রাণিভিন্ন অবজ্ঞাবোধক কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়।

N. B. When no negation and contempt are meant, but mere comparison, the accusative alone is used as :—

ন ত্বাং তৃণং/তৃণায় বা মন্যে—I do not consider thee to be worth a straw.

ক্রুদ্ধোঽপি জনো জগৎ তৃণায়াপি ন মন্যতে—A angry man dces not care a straw for the world.

Cf. 'তৃণায় মত্বা রঘুনন্দনোঽথ (ভ)

But অহং ত্বাং তৃণং মন্যে—I consider thee as a straw.

The dative will not be used even when the terms of contempt are নৌ, কাক, অন্ন, শুক and শৃগাল, as, ন ত্বাং নাবং, কাকং, শৃগালং বা মন্যে।

(i) **গত্যর্থ-কর্ম্মণি দ্বিতীয়াচতুর্থ্যৌ চেষ্টায়ামনধ্বনি** (২।৩।১২)।

চেষ্টা (শারীরিক চেষ্টা) বুঝাইলে গত্যর্থ ধাতুব অধ্ব (পথ) বাচক ভিন্ন কর্ম্মে দ্বিতীযা ও চতুর্থী বিভক্তি হয়।

গ্রামং গ্রামায় বা গচ্ছতি কিন্তু মনসা হরিং ব্রজতি—Goes to Hari mentally ( contemplates him ). অধ্ববাচক। যথা—পন্থানং গচ্ছতি।

N. B. যদা তু উৎপথাৎ পন্থা এব অতিক্রমিতুমিষ্যতে তদা চতুর্থী ভবত্যেব।

The road will take চতুর্থী when one is moving for it from a wrong track. কোন উৎপথ হইতে পথে গমন বুঝাইলে চতুর্থী বিভক্তি হয়। যথা—উৎপথাৎ পথে গচ্ছতি।

(i) **কথনার্থপ্রেরণার্থৈশ্চ**

কথনার্থ এবং প্রেরণার্থ ( to send or to despatch ) ধাতুর যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—ভোজেন দূতো রঘবে বিসৃষ্টঃ ( র )—A messenger was sent to Roghu by Bhoja. আর্য্যে! কথয়ামি তে ভূতার্থম্—O worthy lady ! I tell you the truth.

## Exercise 15

1. Construct short sentences in sanskrit illustrating the use of :—

(a) The dative the root ক্লৃপ্ denoting "to be adequate." (b) The dative of indirect object. ( ক্রিয়াযোগে চতুর্থী )। (c) The use of dative in connection with অলম্ in the serse of 'sufficient for', or 'able to do'. (d) A vorb denoting 'to send or to despatch' governs the dative. (o) The use of the fourth case-ending in the accusative case. (1929)

2. Account for the case-endings underlined words :—

(a) স মুক্তয়ে নারায়ণং ভজতি। (b) বিদ্যা বিনয়ায় কল্পতে। (c) স মার্গং যাতি। (d) ষড়্ ঋতুংশ্চ নমস্কুর্য্যাৎ। (e) প্রণম্য শিতিকণ্ঠায় বিবুধাস্ত-

দনন্তরম্। (f) স রাজ্ঞে সর্ব্বং নিবেদিতবান্। (g) নালং তস্য ঋণশোধনায়।

2. Correct the following :—

(a) স হি ভিক্ষুকং বস্ত্রমেকং দত্তম্ (1924)। (b) কিং বস্তু বিদ্বন্! গুরোঃ প্রদেয়ম্। (c) ভক্তির্জ্ঞানে চ কল্পতে। (d) স যুদ্ধেষু সংবহতে। (e) আকল্পয় রামস্য কুশলম্। (f) অধ্বনে স গচ্ছতি।

4. Translate into Sanskrit :—

(a) He is going for water. The old lady is worshipping God for salvation. Arjuna is a match for Karna. I do not care a straw for you. May good be unto your majesty. Money leads to happiness. I am going to Baneras mentally.

(b) My father gave a lame man a new cloth. Prava's mother sent her a plate for cooking. The sight of this young hermit brings about ( কৃপ্ ) a change of mind. Even my vast kingdom does not conduce to my happiness. The great sage Valmiki went to the river Tamasa with his disciple in order to have his bath. The King Dasaratha brought Rishyasringha to his place to perform a sacrifice. A bow to the three-eyed God, who reduced Cupid to ashes with the fire of his third eye. A man named Mangalaka came, bowed at the King's feet and told him that a son was born to the revered ( তত্রভবতঃ ) Sukanasha. When a man is doomed by fate, even a trifling cause is sufficient ( অলম্ ) to bring about his ruin.

(e) ভিক্ষুককে ভিক্ষা দাও। স্ত্রীলোকগণ নদীতে জল আনিতে যাইতেছে। তিনি জ্ঞানের জন্য বিদ্যা অর্জ্জন করিতেছেন। ব্রহ্মাকে প্রণাম। রোগ নিবারণের জন্য ঔষধ ব্যবহার করা উচিত। সাধুর শিক্ষা সুখের নিমিত্ত

হইয়া থাকে। এই কাজে আমি একাকীই যথেষ্ট। জ্ঞান সুখের নিমিত্ত হইয়া থাকে।

Learn :—1. Taking advantage of my weak point—মম ছিদ্রেণ লব্ধাবকাশঃ। 2. My words affected his heart—মম বচস্তস্য হৃদয়ে দৃঢ়ং পদং লেভে। 3. In the agony of death—মৃত্যুবেদনাভিভূতঃ। 4. I do not agree with you—নৈবাহং মন্যে। 5. Sharp agony—তীব্রবেদনা।

## LESSON 5

## Fifth Class—( পঞ্চমী বিভক্তি )

§ 57. (a) **অপাদানে পঞ্চমী** ( ২।৩।২৮ )

অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা—স গ্রামাদাগতঃ—He has returned from the village.

(b) **ল্যাব্‌লোপে কর্ম্মণ্যধিকরণে চ** ( বা )

ল্যপ্‌ প্রত্যয়ান্ত ক্রিয়াপদের অপ্রয়োগে তাহার কর্ম্ম ও অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি হয়। কর্ম্মে যথা—নরাঃ প্রাসাদাৎ প্রেক্ষন্তে—Men are seeing from the palace ( প্রাসাদমারুহ্য ইত্যর্থঃ ) অধিকরণে। যথা—স আসনাৎ পশ্যতি—He sees from his seat. ( আসনে উপবিশ্য ইত্যর্থঃ ) সেইরূপ—শ্বশুরাৎ লজ্জতে ( শ্বশুরং বীক্ষ্য )।

Cf. ক্রমাদমুং নারদ ইত্যবোধি সঃ—( মা )।

(The omniscient Lord) gradually knew him as Narada.

(c) **"যতশ্চাধ্বকালনির্ম্মাণং তত্র পঞ্চমী"**

যাহা হইতে অধ্ব ( পথ ) ও কালের পরিমাণ বুঝায় তাহার উত্তর পঞ্চমী হয়। যথা—কাল পরিমাণ—অগ্রহায়ণাৎ তৃতীয়ে মাসে—In the third month from Agrahayana.

বিবাহাৎ পঞ্চমী দিনে—On the fifth day of the wedding. অধ্ব-পরিমাণ—পাটলিপুত্রাৎ শতং ক্রোশাঃ—Hundred krosas from Pataliputra.

(d) **তদ্‌যুক্তাদধ্বনঃ প্রথমাসপ্তম্যৌ ( বা )**

তেন পঞ্চম্যন্তার্থেন অর্থদ্বারা নির্ণীয় অধ্ববাচিনঃ প্রথমাসপ্তম্যৌ স্তঃ ( তত্ত্ববোধিনী )।

যতশ্চ ইত্যাদি সূত্র দ্বারা যেখানে পঞ্চমী বিহিত হইয়াছে তথায় অধ্ববাচক শব্দের উত্তর প্রথমা ও সপ্তমী হয়। যথা—বনাৎ গ্রামে যোজনং যোজনে বা।

(e) **পঞ্চমী বিভক্তেঃ** ( ২।৩।৪২ )

ভেদপ্রতীতৌ অপেক্ষাবোধকাৎ পঞ্চমী স্যাৎ।

একের দুই অথবা বহুর মধ্যে একত্র উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে যাহা হইতে একের বিভাগ অর্থাৎ ভেদ বুঝায়, তদুত্তর পঞ্চমী হয়। ইহাকেই অপেক্ষার্থে পঞ্চমী বলে। যথা—ধনাৎ বিদ্যা গরীয়সী—Learning is superior to wealth.

ন চ দৈবাৎ পরং বলম্—There is no power superior to that of the gods. প্রক্ষালনাৎ হি পঙ্কস্য দূরাৎ স্পর্শনং বরম্—Prevention is better than cure.

(f) **পঞ্চম্যপাঙ্‌পরিভিঃ** ( ২।৩।১০ )

বর্জ্জনার্থ অপ ও পরি শব্দের যোগে এবং সীমা ( মর্য্যাদা ) ও অভিবিধি ( ব্যাপ্তি ) অর্থে আঙ্ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—বর্জ্জনার্থে —অপ হরেঃ, পরি হরেঃ দুঃখম্—হরিং বর্জ্জয়িত্বা দুঃখমিত্যর্থঃ। মর্য্যাদা—আ মুক্তেঃ সংসারঃ—The sansara extends up to the final release.

ব্যাপ্তি—আ সকলাৎ ব্রহ্ম—Bramha extends as far as and comprehends everything.

cf. আ জন্মনঃ শাঠ্যমশিক্ষিতো যঃ ( শ )

(g) **অন্যারাদিতরর্ত্তেদিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে** ( ২।৩।২৮ )

অন্যার্থ (other than), আরাৎ (near, remote), ইতর (different from), ঋতে (without), দিক্ বাচক পূর্ব্বাদি শব্দ, অঞ্চূত্তরশব্দ (অঞ্চ্ ধাতু যাহার পরে আছে, এরূপ শব্দ) অর্থাৎ উপসর্গের পর অঞ্চ্ ধাতুর যোগে এবং আচ্ ও আহি প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—রামাদন্যঃ—Different from Rama. হরিঃ হরাৎ নান্যঃ—Hari is no other than Hara. সুবর্ণং রজতাদ্ভিন্নম্—Gold is other than silver. মিত্রাদন্যঃ কঃ পরিত্রাতুং সমর্থঃ—Who can save me excepting a friend. এরূপ—ঘটঃ পটাদিতরঃ। অন্যার্থ ক্রিয়াযোগে; যথা—স্বর্ণং রজতাদ্ভিদ্যতে।

cf. "পরৈস্তদন্যঃ কঃ ইবাপহারয়েৎ"—(ভা)

আরাৎ বন্যাৎ নদী প্রবহতি।

শ্রমাদৃতে বিদ্যা ন ভবতি—Learning cannot be had without labour.

*ঋতে রবেঃ ক্ষালয়িতুং ক্ষমেত কঃ—(মা)

দিগ্বাচক—ইয়মস্যাঃ পূর্ব্বদিক্; পূর্ব্বো গ্রামাৎ; উত্তরো গৃহাৎ।

"দেশকালবৃত্তিনা যোগেঽপি"—(ভট্টোজি)।

দেশবাচক ও কালবাচক পূর্ব্বাদি শব্দের যোগেও পঞ্চমী হয়।

দেশবাচক—চৈত্রো মৈত্রাৎ পূর্ব্বদেশে। পূর্ব্বো গ্রামাদ্ দেবালয়ঃ।

কালবাচক—চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ। "আরাদ্দূরসমীপয়োঃ" রিত্যমরঃ।

অঞ্চূত্তর পদযোগে চ—ভোজনাৎ প্রাক্; শয়নাৎ পূর্ব্বম্; উত্থানাৎ পরতঃ; প্রস্থানাদনন্তরম্—After departure.

---

*অত্র তত্ত্ববোধিনী—'কথং তর্হি' 'ফলতি পুরুষারাধনমৃতে' ইতি প্রয়োগ ইতি চেৎ? প্রমাদোঽয়মিতি হরদত্তঃ। অন্যে-তু "ততোঽন্যত্রাপি দৃশ্যতে" ইতি দৃশিগ্রহণাচ্ছত্রং যাবচ্ছীতমিত্যাদাদ্যৌ ঋতে যোগে দ্বিতীয়াপি সাধুরিত্যাহুঃ। অস্মিন্ ব্যাখ্যানে "ঋতে দ্বিতীয়া চ" "ইতি চান্দ্রসূত্রানুকূলম্"।

অবয়ববাচিযোগে তু ন—( ভট্টোজি )

অবয়ববাচক পূর্ব্বাদি শব্দের যোগে পঞ্চমী হয় না। যথা—পূর্ব্বং কায়স্য।

আচ্‌প্রত্যয়ান্ত—গ্রামাৎ দক্ষিণা বিদ্যালয়ঃ—The school is to the south of the village.

আহিপ্রত্যয়ান্ত—দক্ষিণাহি গ্রামাৎ সরঃ—The lake is to the south of the village.

"অপাদানে পঞ্চমীতি সূত্রে কার্ত্তিক্যাঃ প্রভৃতীতি ভাষ্যপ্রয়োগাৎ প্রভৃত্যর্থযোগে পঞ্চমী"—( ভট্টোজি )। "কার্ত্তিক্যাঃ প্রভৃতি" এই প্রয়োগানুসারে প্রভৃত্যর্থ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়।

শৈশবাৎ প্রভৃতি সেব্যো হরিঃ—Hari should be served from boyhood.

রামঃ জন্মনঃ প্রভৃতি বধিরঃ আসীৎ—Rama was deaf from his birth.

"অপপরিবহিরিতি—সমাসবিধানাজ্‌ জ্ঞাপকাদ্‌' বহির্যোগে পঞ্চমী"—(ভট্টোজি)

"অপপরিবহিঃ ইত্যাদি সূত্র দ্বারা পঞ্চম্যন্ত পদের সহিত বহিস্‌ শব্দের সমাস বিধান করায় জানা যাইতেছে যে বহিস্‌ শব্দযোগেও পঞ্চমী বিভক্তি হয়। যথা—গ্রামাদ্বহির্বনং বিদ্যতে—There is a forest outside the village.

(h) **"পৃথগ্বিনানানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্‌"** ( ২৷৩৷৪২ )।

এভির্যোগে তৃতীয়া স্যাৎ, পঞ্চমী দ্বিতীয়া চ—( ভট্টোজি )।

পৃথক্‌, বিনা ও নানা শব্দের যোগে তৃতীয়া, পঞ্চমী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—রামাৎ রামেণ রামং বা শ্যামঃ পৃথক্‌—Shyama is other than Rama.

নহি সুখং দুঃখাৎ দুঃখেন দুঃখং বিনা লভ্যতে—No pleasure is obtained without pain.

cf. "অস্মদ্বিনা স ভৃশমুন্মনীভূঃ"—( ভা )

এরূপ নানা ( বিনা ) নারীং নিষ্ফলা লোকযাত্রা—

(i) **করণে স্তোকাল্পকৃচ্ছ্র কতিপয়স্যাসত্ত্ববচনস্য** ( ২৷৩৷৩৩ )

অদ্রব্যবাচী অর্থাৎ যাহা দ্রব্যের বিশেষণ নহে, এরূপ স্তোক, অল্প (A little), কৃচ্ছ্র (hardship), কতিপয় (Some) শব্দের উত্তর করণে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—স্তোকেন স্তোকাদ্বা মুক্তঃ—Released by a little. কৃচ্ছ্রেন কৃচ্ছ্রাৎ বা আগতঃ—Come with great difficulty.

অল্পেন অল্পাৎ বা লব্ধঃ—Acquired with very little difficulty.

কতিপয়েন কতিপয়াৎ বা নষ্টঃ—Killed by several.

দ্রব্যের বিশেষণ হইলে হয় না, যথা—স্তোকেন বিষেণ হতঃ।

(j) **দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ** ( ২।৩।৩৫ )

দূরার্থ ও অন্তিকার্থ ( সমীপার্থ ) শব্দের উত্তর প্রাতিপদিকার্থে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। কিন্তু কোন দ্রব্যের বিশেষণ হইলে হয় না। যথা—নগরস্য দূরম্, দূরেণ দূরাদ্বা—Far from the town.

গ্রামস্য অন্তিকম্ অন্তিকেন অন্তিকাদ্বা—Near the village. বিশেষণ হইলে, যথা—দূরঃ পন্থাঃ। কোন কোন বৈয়াকরণের মতে সপ্তমীও হয়।

(k) **বিভাষাঽগুণেঽস্ত্রিয়াম্** ( ২।৩।২৫ )

হেত্বর্থে গুণবাচক শব্দের উত্তর বিকল্পে পঞ্চমী বিভক্তি হয়। কিন্তু স্ত্রীলিঙ্গে হয় না। যথা—আলস্যাৎ আলস্যেন বা দুঃখং প্রাপ্নোতি—He is suffering from misery owing to idleness.

cf. **"ঈপ্সিতং তদজ্ঞানাৎ বিদ্ধি সার্গলমাত্মনঃ"**—( র )

গুণবাচক না হইলে হয় না, যথা—ধনেন কুলম্।

ক্রিয়া ও জাতি প্রভৃতি ভিন্ন যাহা দ্রব্যাশ্রিত অর্থাৎ দ্রব্যে বর্ত্তমান তাহাকে গুণ বলে। স্ত্রীলিঙ্গ হইলে হয় না। যথা—বুদ্ধ্যা মুক্তঃ "অগুণে স্ত্রিয়াঞ্চ ক্বচিৎ"—( ভট্টোজি )।

গুণবাচক ভিন্ন স্থলে এবং স্ত্রীলিঙ্গে ও কোন স্থলে পঞ্চমী বিভক্তি হয়। যথা—পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ—The mountain has fire in it because there is smoke.

cf. **নাস্তি ঘটঃ অনুপলব্ধেঃ** ( সি. কৌ )

(h) **হেতৌ চ** ( ২।৩।২৩ )

হেতু বুঝাইলে হেতুবোধক শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—ধনাৎ কুলম্, ধনেন কুলম্, হর্ষাৎ হর্ষেণ বা নৃত্যতি।

cf. **ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি** ( গী )

(m) **প্রতিনিধিপ্রতিদানে চ যস্মাৎ** ( ২।৩।১১ )

যাহার প্রতিনিধি (representative) বা প্রতিদানে (exchange) বুঝায়, তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। প্রতিনিধি—যথা – প্রদ্যুম্নঃ কেশবাৎ প্রতি—Prodyumna is the representative of Keshava.

প্রতিদান—যথা-তিলেভ্যঃ প্রতিযচ্ছতি মাষান্—He exchanges massasas for sesamum.

N. B.—পূর্ব্বে 'যস্মাৎ' এই পঞ্চমী বিভক্তির নির্দ্দেশ থাকায় বুঝিতে হইবে প্রতিনিধি ও প্রতিদান শব্দের যোগেও পঞ্চমী বিভক্তি হয়। তথাহি পরিব্রাজকাচার্য্য :—"অস্মাদেব নির্দ্দেশাৎ লিঙ্গাৎ আভ্যাং যোগে পঞ্চমী।

জ্ঞাপকসিদ্ধং ন সর্ব্বত্র ইতি কৃষ্ণস্য প্রতিনিধিরিত্যপি সিদ্ধম্।

জ্ঞাপকানুযায়ী কার্য্য সর্ব্বত্র হয় না। অতএব 'কৃষ্ণস্য প্রতিনিধিঃ' এরূপ ষষ্ঠী বিভক্তিরও প্রয়োগ হইবে।

## Exercise 16

1. Show the use of :—

(a) The ablative with the preposition প্রতি meaning 'representative of, or 'in exchange for'. (b) দূরার্থশব্দযোগে পঞ্চমী। (c) হেত্বর্থে পঞ্চমী। (d) প্রভৃতিশব্দযোগে পঞ্চমী।

2. What do you mean by "পঞ্চম্যপাঙ্পরিভিঃ" ?

3. In what different senses is the fifth case used in connection with word আ? Discuss the question fully.

4. Account for the case-endings in the underlined words :—

(a) গৃহাদারাৎ বৃক্ষবাটিকা বর্ত্ততে। (b) ভ্রাতৃমরণাৎ নবমে দিনে স গ্রামমগচ্ছৎ। (c) হিরণ্যকো বিবরাভ্যন্তরাৎ প্রাহ। (d) কাকাৎ কোকিলঃ কৃষ্ণতরঃ। (e) আ সকলাৎ ব্রহ্ম অস্তি। (f) জ্যৈষ্ঠাৎ পূর্ব্বো বৈশাখঃ। (g) বৎসে মালতি! জন্মনঃ প্রভৃতি বল্লভা তে লবঙ্গিকা।

5. Correct the following :—

(i) নাস্তি জীবিতায় অন্যদভিমততরং ইহ জগতি সর্ব্বজন্তূনাম্। (ii) পর্ব্বতো বহ্নিমান্ ধূমস্য। (iii) হরেঃ ঋতে কঃ এতৎ কর্ম্ম করিষ্যতি। (iv) গমনায় প্রাক্ স ইদমুবাচ। (v) নগরস্য দক্ষিণা নদী। (vl) দশরথঃ পুত্রশোকায় মমার। (vii) নহি দুঃখায় বিনা সুখং লভ্যতে।

5. Translate into Sanskrit :—

(a) He fell down from the horse. My brother is afraid of the tiger. This river issues from the Himalayas. He is unable to bear with study of Nayaya. You should not be afraid of death. Rama saw the beauty of the city from the palace. All men are born from Brahman. The month of Ashara is prior to the month of Sravana. Gold is more precious than all other metals. I have been ill since monday last. The poor man comes from the town.

(b) Who but Arjuna will protect me? To the north of this lake is a beautiful garden. Many men died of starvation. The cat did not come out of the house through fear of dogs. The master is beating the servant through anger. Don't go to school before 10 A. M. Jadu is my friend from my infancy. My father has gone outside the village.

(c) He has come from the town accompanied by his dear brother. This cow is different from that. Jadu is going outside the town. Rama saw the beauty of Ajodhya from the palace. You should come to me before sun set. On the fifteenth day of his father's death the eldest son of that poor Brahmin went to Baneres to worship Siva. I shall remember this till (আ) my death. Go to the southern direction of this mountain and I shall meet you in no time. My mother-land lies at a distance of eight miles from calcutta. Falgoon precedes Chaitra. The king worshipped none other than Siva. A house without a house-wife surpasses a forest in dreariness. Relate everything from the beginning. Sita was dearer to Rama than his very life. Nearly ten years ago I saw the beautiful scenery of this charming forest, but now it has undergone a vast change. Before his departure the great sage conferred blessing upon me saying—"May you have a son worthy of your ownself." Who can save me from this snare which is like the snare of death (কালপাশাদিব) excepting my friend ?

(d) মাতা ভিন্ন আর কে শিশুকে যত্ন করিবে? শ্রম ব্যতীত বিদ্যালাভ হয় না। তিনি কালীকে ছাড়া কাহাকেও ভজনা করেন না। আমি বৃক্ষ হইতে তাহাকে দেখিয়াছিলাম। আজ হইতে তিন দিনের মধ্যে তিনি এখানে আসিবেন। হ্রদের পূর্ব্বদিকে একটি বটবৃক্ষ আছে। সহরের বহির্ভাগে একটি খাল আছে।

Learn :—1. What actually took place—যদ্ যদ্ বৃত্তম্। 2. They all agree on this point—অস্মিন্ বিষয়ে সর্ব্বেষাং তেষামৈকমত্যম্। 3. I appeal to your lordship in this case—অত্র বিষয়ে অত্রভবন্তং প্রমাণীকরোমি। 4. He is taking the air—স বাতমাসেবতে। 5. I shall be master of myself—প্রভবিষ্যাম্যাত্মনঃ 6. Honesty is the best policy—সাধুতৈব অভীষ্টলাভস্য প্রধানতম উপায়ঃ।

## LESSON 6

## Sixth Class—ষষ্ঠী বিভক্তি

§ 58. (a) **ষষ্ঠী শেষে** ( ২।৩।৫০ )

**কারকপ্রাতিপদিকার্থব্যতিরিক্তঃ স্বস্বামিভাবাদিসম্বন্ধঃ শেষঃ।**

কারক ও প্রাতিপদিকার্থের অতিরিক্ত স্বস্বামিভাবাদি অর্থাৎ স্বত্ব, স্বামিত্ব প্রভৃতি সম্বন্ধ বুঝাইতে শেষ শব্দের প্রয়োগ হয়। শেষ ( অর্থাৎ স্বত্ব, স্বামিত্ব প্রভৃতি সম্বন্ধ ) বুঝাইলে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—রামস্য পুত্রঃ—The son of Rama. রাজ্ঞঃ পুরুষঃ—The king's man. অগ্নেঃ শিখা—The flame of the fire.

(b) **কর্তৃকর্ম্মণোঃ কৃতিঃ** ( ২।৩।৬৫ )

**কৃদন্তক্রিয়ায়াঃ কর্ম্মণি কর্ত্তরি চ ষষ্ঠী স্যাৎ।**

কৃদন্ত ক্রিয়ার কর্তৃকারকে ও কর্ম্মকারকে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**কর্ত্তায়**—শিশোঃ শয়নম্; অশ্বস্য গতিঃ। **কর্ম্মে**—অন্নস্য পাকঃ—The cooking of rice. পয়সঃ পানম্—The drinking of water.

Cf. "ত্রিসপ্তকৃত্বো জগতীপতীনাং হন্তা গুরুর্যস্য স জামদগ্ন্যঃ"—( ভা )

N. B.—"গুণকর্ম্মণি বেষ্যতে" ( বা )

কর্তৃবাচ্যে ক্রিয়ার কর্ম্মে ও কর্ম্মবাচ্যে ক্রিয়ার কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয়। দ্বিকর্ম্মক ধাতুর গৌণকর্ম্মে বিকল্পে ষষ্ঠী হয়। যথা—নেতা অশ্বস্য গৃহস্য গৃহং বা।

( c ) **উভয়প্রাপ্তৌ কর্ম্মণি** ( ২।৩।৬৬ )

একদা কর্ম্মণি **কর্ত্তরি** চ প্রাপ্তৌ, কর্ম্মণ্যেব ভবতি ন তু কর্ত্তরি। কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র ষষ্ঠী প্রাপ্তির সম্ভাবনা থাকিলে কেবল কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—আশ্চর্য্যো গবাং দোহো গোপেন—Wonderful is the milking of the cow by a milk-man. অর্থস্য হরণং চৌরেণ—The stealing of wealth

by a thief. ধনস্য দানং নৃপেন—The gift of wealth by the king.

"স্ত্রীপ্রত্যয়য়োরকাকারয়োর্নায়ং নিয়মঃ"

স্ত্রীলিঙ্গে বিহিত 'অক' ও 'অ' এই দুই প্রত্যয়ের প্রয়োগে এই নিয়ম চলিবে না। অর্থাৎ কর্ত্তা ও কর্ম্ম উভয়েতেই ষষ্ঠী হইবে। যথা—ভেদিকা বিভৎসা বা জগতঃ রুদ্রস্য—Rudra destroys or desires to destroy the universe.

(d) (i) **'ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃণাম্'** (২।৩।৬৯)

(ii) **অকেনোর্ভবিষ্যদাধমর্ণ্যয়োঃ** (পা ২।৩।৭০)

ল (শতৃ, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ, স্যমান), উকারান্ত প্রত্যয়, উক, অব্যয় ক্ত্বাচ্ তুম্, যপ্, ণমুল্), নিষ্ঠা (ক্ত, ক্তবতু), খলর্থ (খল্, অন); তৃন্ প্রত্যয়ের যোগে ষষ্ঠী বিভক্তি হয় না।

যথা—ল—বিষ্ণুং ভজন্ ভজমানো বা শুধ্যতি—While worshipping Vishnu a man becomes purified.

আত্মনির্ভরং কুর্ব্বতামীশ্বরঃ সহায়ো ভবতি—God helps those who help themselves.

**ক্বসু**—ধনং দদিবান্ দরিদ্রায়;

**কানচ্**—গুরুং ববন্দানঃ;

**স্যতৃ**—গৃহং গমিষ্যন্—Before going.

**স্যমান**—ধনং দাস্যমানঃ—About to bestow wealth.

**উকারান্ত**—কটং চিকীর্ষুঃ—Wishing to make a mat.

**উক**—দৈত্যান্ ঘাতুকো হরিঃ—Hari is killer of Daitas.

**অব্যয়**—গৃহং গন্তুম্—To go home.

জলং পীত্বা—Having drunk water.

**ণমুল্**—জলং পায়ং পায়ং গচ্ছতি—He goes having drunk water repeatedly.

**নিষ্ঠা**—গৃহং গতবান্—He went home.

বিষ্ণুনা হতা দৈত্যাঃ—The Duitas were killed by Vishu.

**খলর্থ**—জগৎপ্রপঞ্চঃ ঈষৎকরঃ ঈশ্বরেণ।

Cf. "সুরকরস্তরুবৎ সহিষ্ণুনা রিপুরুন্মূলয়িতুং মহানপি"—(ভা)।

**শীলার্থ তৃন্**—ধনং দাতা, অন্নং ভোক্তা।

**ভবিষ্যদর্থণিন্**—ধনং দায়ী, গৃহং গামী।

"সর্ব্বোঽয়ং কারকষষ্ঠ্যা প্রতিষেধঃ শেষে ষষ্ঠী তু স্যাদেব"—(ভট্টোজি)।

কারক ষষ্ঠী সম্বন্ধে এই সকল প্রতিষেধ, সম্বন্ধ বিবক্ষায় ষষ্ঠী সর্ব্বত্রই এই হইবে। যথা—ব্রাহ্মণস্য কুর্ব্বন্—Who does work for a Brahmin. নরকস্য জিষ্ণুঃ—Conqueror of hell.

Cf. "ইক্ষ্বাকূণাং দুরাপেঽর্থে ত্বদধীনা হি সিদ্ধয়ঃ (র)

(e) **দ্বিষঃ শতুর্ব্বা** (বা)

শতৃ প্রত্যয়ান্ত দ্বিষ্ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**শত্রো** শত্রুং বা দ্বিষন্ আস্তে।

(f) **ক্তস্য চ বর্ত্তমানে** (২।৩৬৭)

বর্ত্তমানে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—রাজ্ঞাং মতঃ, রাজভির্মন্যতে ইত্যর্থঃ; স রাজ্ঞাং পূজিতঃ—He is honoured by the kings.

Cf. অহমেব মতো মহীপতেঃ—I alone am regarded by the king.

(g) **অধিকরণবাচিনশ্চ** (২।৩।৭৮)

অধিকরণ-বাচ্যে ক্ত প্রত্যয় হইলেও ষষ্ঠী বিভক্তি হয়। যথা—ইদমেষামা-

---

* সু, দুর্ ও ঈষৎ শব্দের যোগে ধাতুর উত্তর যে অ ও অন হয় তাহাদিগকে 'খলর্থ' প্রত্যয় বলে।

সিতম্। ইদমেষাং শয়িতম্। (আস্তে অস্মিন্ ইতি আস্ অধিকরণবাচ্যে ক্ত॥ শেতে অস্মিন্ ইতি শী অধিকরণবাচ্যে ক্ত)

(h) **নপুংসকে ভাবে উপসংখ্যানম্।**

ভাববাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—মম স্নাতম্, ছাত্রস্য হসিতম্, ময়ূরস্য নৃত্যম্, কোকিলস্য ব্যাহৃতম্।

"শেষবিজ্ঞানাৎ সিদ্ধম্" তথাচ "কর্তৃবিবক্ষয়াং তৃতীয়াপি ভবতি"—কর্তৃবিবক্ষায় তৃতীয়াও হয়। যথা—ছাত্রেণ হসিতম্। (কাশিকা ২।৩।৬৭)

(i) **কৃত্যানাং কর্ত্তরি** বা (২।৩।৭১)

তব্যাদীনং প্রয়োগে কর্ত্তরি ষষ্ঠী বা ভবতি।

কৃত্য (তব্য, অনীয়, যৎ, ণ্যৎ ও ক্যপ্) প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী হয়। যথা—মম/ময়া সেব্যো হরিঃ—Hari ought to be served by me.

Cf. মান্যঃ স মে স্থাবরজঙ্গমানান্—(র)

অস্তি মে কিঞ্চিদ্বক্তব্যম্—I have something to say.

অত্র যোগো বিভজ্যতে—"কৃত্যনাম্"। "উভয়প্রাপ্তৌ ইতি ন" ইতি চানুবর্ত্ততে। তেন নেতব্যা ব্রজং গাবঃ কৃষ্ণেণ কৃষ্ণস্য বা।

"কৃত্যানাম্" এরূপ যোগবিভাগ করায় কৃত্যপ্রত্যয়ের প্রয়োগে "উভয়প্রাপ্তৌ কর্ম্মণি" এই সূত্রদ্বারা উভয়প্রাপ্তি স্থলে কর্ম্মে বিহিত ষষ্ঠীকে বাধা দিয়া কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী হইবে।

(j) **জাসিনিপ্রহণনাটক্রাথপিষাং হিংসায়াম্।**

জাসিপ্রভৃতীনাং কর্ম্মণি ষষ্ঠী ভবতি হিংসার্থজাসি (to strike) নি ও প্র পূর্ব্বক হন্ (to strike), নাট্ (to injure), ক্রাথ্ (to give pain) ও

---

* ল শব্দের অর্থ লকার যুক্ত ত্যাদি বিভক্তি। লটের অর্থে শতৃ—শানচ্, লিটের অর্থে ক্বসু—কানচ্। লৃটের অর্থে স্যতৃ,—স্যমান।

পিষ্ ( to grind ) ধাতুর কর্ম্মে ষষ্ঠী হয়। শেষত্ব বিবক্ষা না থাকিলে দ্বিতীয়া হয়। যথা—চৌরস্য উজ্জাসয়তি—He is striking the thief.

শত্রোঃ নিহন্তি, প্রহন্তি, নিপ্রহন্তি বা।

N. B.—"নিপ্রৌ সংহতৌ বিপর্য্যস্তৌ ব্যস্তৌ বা"—( ভট্টোজি )।

Cf. "নিজৌজসোজ্জাসয়িতুং জগদ্দ্রুহাম্"—( মাঘ )

( k ) অধীগর্থদয়েশাং কর্ম্মণি (২।৩।৫২)

শেষত্ব বিবক্ষা করিলে অধীগর্থ ( স্মরণার্থ ) ধাতু এবং দয়্ ও ঈশ্ ধাতুর কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—পিতা পুত্রস্য স্মরতি—The father remembers his son.

Cf. "'সসীতয়োরাঘবয়োরধীয়ন্—( ভ )

"অন্তর্বাষ্পচিরমনুচরো রাজরাজস্য দধ্যৌ" ( মে )

দরিদ্রস্য দয়তে—He takes pity on the poor man. ভৃত্যস্য ঈষ্টে—He rules his servant. শেষ বিবক্ষা না হইলে ষষ্ঠী হয় না, যথা—মাতরং স্মরতি।

(1) **তৃপ্ত্যর্থানাং বিভাষা করণে** ( বিদ্যাসাগর )

তৃপ্ত্যর্থ ধাতুর করণ কারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাং কাষ্ঠৈর্বা—Fire is not appeased with fuel.

Cf. "অপাং হি তৃপ্তায় ন বারিধারা
স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা"—( নৈ )

( m ) **ষষ্ঠীতসর্থপ্রত্যয়েন** ( ২।৩।৩০ )

অতস্ প্রত্যয় এবং তাহার তুল্যার্থ প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী হয়। যথা—গ্রামস্য দক্ষিণতঃ—To the south of the village. পুরস্তাৎ উদ্যানস্য—Before the garden. পুরো নগরস্য—Before the town. হিমালয়স্য উত্তরাৎ—To the north of the Himalaya.

cf. "প্রসাধনং মাতৃভিরাদৃতাভির্ন্যস্তং পুরস্তাৎ পুরশাসনস্য"—( কু )

(n) **কৃত্বোঽর্থপ্রয়োগে কালেঽধিকরণে** ( ২।৩।৬৭ )

শেষত্ববিবক্ষা থাকিলে কৃত্বস্ প্রত্যয় ও তদর্থক প্রত্যয়ান্ত শব্দের যোগে কাল-বাচক অধিকরণের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা—

পঞ্চকৃত্বো দিবসস্যাধীতে—He reads five times a day.

দিনস্য ত্রিঃ ভক্ষয়তি—He eats three times a day.

শেষত্ববিবক্ষা না থাকিলে সপ্তমী হয়। যথা—দ্বিরহন্যধীতে।

(o) **এনপা দ্বিতীয়া চ** ( ২।৩।৩১ )

এনপ্ প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—দক্ষিণেন বৃক্ষবাটিকায়াঃ বৃক্ষবাটিকাং সরঃ।

Cf. উত্তরেণ ধনপতিগৃহান্ ( মে )

দক্ষিণেন বৃক্ষবাটিকায়া আলাপ ইব শ্রূয়তে ( শ )

(p) **তুলার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়ান্যতরস্যাম্** ( ২।৩।৭২ )

তুল্য ও উপমাভিন্ন তুল্যার্থক শব্দের যোগে বিকল্পে তৃতীয়া বিভক্তি হয়। অর্থাৎ ষষ্ঠী বিভক্তিও হয়। যথা রামেণ রামস্য বা তুল্য সদৃশঃ সমো বা—Equal to Rama. তুলা ও উপমাশব্দের যোগে তৃতীয়া হয় না। যথা—তুলাং যদারোহতি দন্তবাসসা—( কু )

Cf. "উপমা শ্রীমুখস্যেন্দুঃ চন্দ্রস্য স্ত্রীমুখং তুলা"

(q) **চতুর্থী চাশিষ্যায়ুষ্যমদ্রভদ্রকুশলসুখার্থহিতৈঃ** ( ২।৩।৭৩ )

আশীর্ব্বাদ বুঝাইলে আয়ুষ্যার্থ ( abundance of life ), মদ্রার্থ ( মঙ্গলার্থ—welfare ), ভদ্রার্থ ( good ), কুশলার্থ ( prosperity ), সুখার্থ (happiness), হিতার্থ (benefit ) ও প্রয়োজনার্থ ( necessity ) শব্দের বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। পক্ষে ষষ্ঠী। যথা—আয়ুষ্যং শিষ্যায় বা ভূয়াৎ—Long life to pupil.

মদ্রং, ভদ্রং কুশলং, সুখং, হিতং, পথ্যং বা দেবদত্তস্য দেবদত্তায় বা ভূয়াৎ।

(r) **দূরান্তিকার্থৈঃ ষষ্ঠ্যন্যতরস্যাম্** ( ২।৩।৩৮ )

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—নগরস্য নগরাৎ বা দূরম্—Far from the town.

গ্রামস্য গ্রামাদ্বা অন্তিকম্—Near the village.

( s ) **ষষ্ঠীহেতুপ্রয়োগে** ( ২।৩।২৩ )

হেতু শব্দের প্রয়োগে নিমিত্তবোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা—অন্নস্য হেতোর্বসতি—He lives for food.

Cf. অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্—( র )

—Wishing to sacrifice much for the sake of a little.

( t ) **সর্ব্বনাম্নস্তৃতীয়া চ**।

হেতু শব্দের প্রয়োগে নিমিত্তবোধক সর্ব্বনাম শব্দের উত্তর ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—কস্য হেতোঃ, কেন হেতুনা বা স গতঃ—For what reason has he gone ?

( u ) **নিমিত্তপর্য্যায়প্রয়োগে সর্ব্বাসাং প্রয়োদর্শনম্** ( বা )

নিমিত্তবোধক শব্দের প্রয়োগে সর্ব্বনামের উত্তর প্রায় সমস্ত বিভক্তি দৃষ্ট হয়। যথা—কঃ হেতুঃ, কং হেতুং, কেন হেতুনা, কস্মৈ হেতবে, কস্মাৎ হেতোঃ, কস্য হেতোঃ, কস্মিন্ হেতৌ বা স গতঃ।

Cf. নিমিত্তেন কেন দীনো ভবদধীনো জাতঃ—( দ )

'প্রায়গ্রহণাদসর্ব্বনাম্নঃ প্রথমাদ্বিতীয়ে ন স্তঃ'—( ভ )

সূত্রে 'প্রায়ঃ' শব্দের প্রয়োগ থাকাতে বুঝিতে হইবে যে সর্ব্বনাম ভিন্নের উত্তর প্রথমা ও দ্বিতীয়া বিভক্তি হয় না। যথা—জ্ঞানেন নিমিত্তেন, জ্ঞানায় নিমিত্তায় বা হরিঃ সেব্যঃ—Hari is to be adored for the purpose of knowledge.

### Exercise 17

1. Frame sentences to illustrate the use of :—

(a) Passive construction in the present tense ( বর্ত্তমানে ক্ত ) taking the genitive case in the agent. (b) দ্বিতীয়া with the

suffix এনপ্। (c) The use of the sixth case-affix in the accusative with স্মৃ ( to remember).

2. Explain the following with reference to the sutras :—

(a) গুণকর্ম্মণি বেষ্যতে। (b) সর্ব্বোঽয়ং কারকষষ্ঠ্যাঃ প্রতিষেধঃ শেষে ষষ্ঠী তু স্যাদেব ; (c) প্রায়গ্রহণাদসর্ব্বনাম্নঃ প্রথমাদ্বিতীয়ে ন স্তঃ।

3. Account for the case-endings in the following underlined words :—(a) অন্নস্য হেতোর্বসতি। (b) পুরো নগরস্য। (c) রাজ্ঞা প্রজানামীষ্টে। (d) পয়সঃ পানম্। (e) নৈতৎ সুকরং ভবতা। (f) অনেন সদৃশো ন ভূতঃ। (g) তব পাঠ্যমিদং পুস্তকম্ (h) মিত্রং দিদৃক্ষুঃ।

4. Correct :—

(a) স হি দরিদ্রেভ্যো দয়তে, অত ইদানীং স সর্ব্বৈঃ পূজিতো ভবতি। (1923) (b) নেতব্যঃ অজাং গ্রামো দেবদত্তেন। (c) ইদং মে সুকরম্। (d) পয়ঃ পানং কুরু। (e) রামেণ উপমা নাস্তি। (f) পণ্ডিতানাং শাস্ত্রাণাং চর্চ্চা। (g) ধনস্য দাতারঃ স ন কৃপণঃ।

5. Translate into Sanskrit :—

(a) He has taken my books. The ministers sat before the King. You should take pity on the poor. He may take tea thrice a day. There was no hero like Arjuna. Mother, do you remember those happy days ? My garden is near the lake. Killing of Ravana was not difficult for Rama.

(b) These sons of mine are devoid of commonsense. Wonderful is the creation of this world by the creator. They are showing mercy ( দয়তে ) to those hermits. They saw the dancing of the peacock on the mountain. What difference is there between men and beasts if the former imitate ( কৃ

with অনু ) the latter in their actions ? Be thou worthy of thy father ( তব পিতরনুরূপম্ ) by reason of the quality liked by the people. A master is fit to be waited upon ( সেব্য ) by his servants. That man ought to be seen by you. The king Sudraka was a performer of sacrifices. For what reason has he gone to the village ? To the north ( উত্তরতঃ ) of this mountain is an extensive plain ( সুবিস্তীর্ণক্ষেত্রম্ ) covered all over with verdant grass, which almost ( প্রায়েণ ) enchants the beholder's eye ( দর্শকস্য চক্ষুঃ ). The garden is to the south of the river. A lion used to sleep under a large tree. The mighty Ravana killed many monkeys in the battle. The old man came to me with the object of getting money. The king kills ( উজ্জাসয়তি ) his enemies. The weary traveller was refreshed with the gentle breeze of the river. You will see a horse near the lake. There is nothing in this world like friendship with the good.

(c) আমার বাড়ীর নিকট মহাদেবের মন্দির। এই মুনিকুমার সকলের প্রতি দয়া প্রকাশ করিয়া থাকেন। আপনার কুশল হউক। তাহার মুখ চন্দ্রের তুল্য। ইহাই তাঁহার অভিমত। সরোবরের উত্তরে বটবৃক্ষ। দরিদ্রের প্রতি দয়া কর। ব্রাহ্মণের দিনে তিনবার সন্ধ্যা করা উচিত।

Learn :—

1. He answered in the affirmative—তথেতি স প্রত্যুবাচ।
2. He thus passes anxious nights—এবমুদ্বিগ্নস্য যান্তি রাজন্যঃ।
3. I do not approve of your speech—নাহং তে বচোঽভিনন্দামি

## LESSON 7

### Seventh Class—সপ্তমী বিভক্তি

§. 59. (a) **সপ্তম্যধিকরণে** ( ২।৩।৩৬ )

অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা—রামো গৃহে বর্ত্ততে—Ram is staying in the house. শ্যামঃ শয্যায়াং শেতে—Shyama is lying on the bed.

(b) **যস্য চ ভাবেন ভাবলক্ষণম্** ( ২।৩।৩৭ )

ভাব শব্দের অর্থ ক্রিয়া। যস্য ভাবেন ক্রিয়য়া ক্রিয়ান্তরং লক্ষ্যতে ততঃ সপ্তমী স্যাৎ।

যাহার ক্রিয়ার কালদ্বারা অন্য ক্রিয়ার কাল নিরূপিত হয় তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—রবাবস্তং গতে গতঃ—রবেরস্তগমনসমকালং গত ইত্যর্থঃ—The sun having gone down I went away.

বিধাবুদিতে সমাগতঃ—বিধূদয়সমকালং সমাগত ইত্যর্থঃ—The moon having risen he returned.

cf. গতেঽথ পত্যৌ বনসন্নিবাসিনাম্—( ভা )

N. B.—ইহাকে 'Locative absolute' বলে।

(c) **সাধুনিপুণাভ্যামর্চ্চায়াং সপ্তম্যপ্রতেঃ** ( ২।৩।৪৩ )

অর্চ্চা ( পূজা ) বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়। কিন্তু প্রতি, পরি ও অনু শব্দের প্রয়োগ থাকিলে হয় না। যথা—ব্যাকরণে সাধুঃ—Proficient in grammar. শাস্ত্রে নিপুণঃ—Quite at home in Sastras. অর্চ্চা না বুঝাইলে ষষ্ঠী হয়। যথা—নিপুণো রাজ্ঞো ভৃত্যঃ। অপ্রত্যাদিভিরিতি বক্তব্যম্ ( বা ) প্রতি প্রভৃতি শব্দের যোগে হয় না। যথা—মাতরং প্রতি সাধুঃ নিপুণো বা।

(d) **তত্ত্বেন্বিষয়স্য কর্ম্মণ্যুপসংখ্যানম্ ( বা )**

ক্ত প্রত্যয়ান্তের পর ইন্ প্রত্যয় হইলে উহার কর্ম্মে সপ্তমী বিভক্তি হয়।
যথা—অধীত মনেন অধীতী ব্যাকরণে—Strong in grammar.
অবকীর্ণমনেন অবকীর্ণী ব্রতে।
গৃহীতী ষট্স্বঙ্গেষু—He has mastered the six angas.

(e) **প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ** ( ২।৩।৪৪ )

প্রসিত ও উৎসুক শব্দের যোগে সপ্তমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—ধনেন ধনেষু বা প্রসিতঃ—A miser is greatly desirous of wealth. বিদ্যয়া বিদ্যায়াং বা উৎসুকঃ—Eager for learning.

(f) **অধিকশব্দযোগে সপ্তমীপঞ্চম্যাবেষ্যেতে**—( ভট্টোজি )

অধিক শব্দযোগে সপ্তমী ও পঞ্চমী হয়। যথা—লোকে লোকাদ্বা অধিকো হরিঃ—Hari is superior to this earth. অধীন শব্দের যোগেও সপ্তমী বিভক্তি হয়। যথা—প্রজাঃ রাজনি অধীনাঃ—Subjects are dependent on the king.

(g) **যতশ্চ নির্দ্ধারণম্** ( ২।৩।৪১ )

জাতিগুণক্রিয়াসংজ্ঞাভিঃ সমুদায়াদেকদেশস্য পৃথক্করণং নির্দ্ধারণম্। ততঃ ষষ্ঠীসপ্তম্যৌ স্তঃ—( ভট্টোজি )।

জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞা দ্বারা সমুদায় হইতে একের পৃথক্ করণের নাম নির্দ্ধারণ। যাহা হইতে নির্দ্ধারণ করা যায় তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—

**জাতি**—মনুষ্যাণাং মনুষ্যেষু বা ব্রাহ্মণঃ শ্রেষ্ঠঃ—Brahmin is the noblest of all men.

**গুণ**—গোষু গবাং বা কৃষ্ণা বহুক্ষীরা—Among cows the black one gives much milk.

**ক্রিয়া**—অধ্বগেষু অধ্বগানাং বা, ধাবন্তঃ শীঘ্রগামিন :—Of all who are going 'one who is running' is the faster.

**সংজ্ঞা**—নগানাং নগেষু বা হিমালয়ঃ উচ্চতমঃ—The Himalaya is the highest of all mountains.

N. B.—ইংরাজীর Superlative degreeকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে নির্দ্ধারে ষষ্ঠী অথবা সপ্তমী বিভক্তির প্রয়োগ করিতে হইবে। আর ইংরাজীর Comparative degreeকে সংস্কৃতে "নিকৃষ্টাদেকোৎকর্ষে" এই স্থত্রানুসারে পঞ্চমী বিভক্তির প্রয়োগ করিতে হইবে।

(h) **নিমিত্তাৎ কর্ম্মযোগে ( বা ) নিমিত্তমিহ ফলম্**। যোগঃ সংযোগঃ সমবায়াত্মকঃ—( ভট্টোজি )।

Here নিমিত্ত is the object, the reward etc. যোগ is contact or সমবায়।

কর্ম্মের সহিত নিমিত্তের যোগ ( সংযোগ অথবা সমবায় রূপ সম্বন্ধ ) বুঝাইলে নিমিত্তবোধক শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—

"চর্ম্মণি দ্বীপিনং হন্তি, দন্তয়োর্হন্তি কুঞ্জরম্।
কেশেষু চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো হতঃ॥

One kills the tiger for skin, the elephant for tusks, the chamari for hair, and musk-deer for musk. "মুক্তাফলায় করিণং হরিণং পলায়" ইত্যাদেস্তু 'ক্রিয়ার্থোপপদস্যেত্যাদিনা চতুর্থীতি জয়কৃষ্ণঃ।

N. B.—(i) about, towards ও as to বুঝাইলে সপ্তমী বিভক্তি হয়। যথা—Be not ruthless towards me—ময়ি মাভূরকরুণা।

(ii) ক্ষিপ্, মুচ্ ও অস্ ( throwing or darting ) ধাতুর প্রয়োগে যাহার প্রতি নিক্ষেপ* করা যায়, তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—He wished to throw at him—স শরান্ তস্মিন্ মুমুক্ষতি।

---

বিশ্বাস নিক্ষেপ স্নেহ যার প্রতি ভক্তি।
তথায় জানিবে বৎস সপ্তমী বিভক্তি॥

An arrow should not be discharged at the body of this deer —ন বাণঃ সন্নিপাত্যোঽস্মিন্ মৃগশরীরে।

(iii) Belief এবং confidence অর্থে সপ্তমী বিভক্তি হয়। যথা—When does a virgin ever believe in man ?—পুংসি বিশ্বসিতি কুত্র কুমারী ? (নৈ)।

Cf. মা কৌলিন্যাদ্ অসিতবদনে মথ্যবিশ্বাসিনী ভূঃ (মে)।

(iv) যোগ্যতা (fitness) বুঝাইলে সপ্তমী বিভক্তি হয়। যথা—ত্রৈলোক্যস্যাপি প্রভুত্বং ত্বয়ি যুজ্যতে—The sovereignty of even the three worlds suits you.

(v) যুজ্, স্নিহ্, অভিলাষ, অনুরঞ্জ্ (love or attachment) প্রভৃতি ধাতুর প্রয়োগে সপ্তমী বিভক্তি হয়। যথা—অসাধুদর্শী খলু তত্রভবান্ কাশ্যপো য ইমামাশ্রমধর্মে নিযুঙ্‌ক্তে (শ)—Truly, his holiness Kasyapa is not a good judge—Kasyapa who commands this one to the course of 'ife in a hermitage.

Cf. কিং নু খলু বালেঽস্মিন্ স্নিহ্যতি মে মনঃ (শ)

ন তাপসকন্যায়াং শকুন্তলায়াং মমাভিলাষঃ (শকুন্তলা)। দেবে চন্দ্রগুপ্তে দৃঢ়ানুরক্তাঃ প্রকৃতয়ঃ—The subjects are firmly attached to His Majesty Chandragupta.

(vi) যাহা হইতে বিচ্ছেদ না হয় তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। ইহাকে "অবিচ্ছেদে" সপ্তমী বলে। যথা—Seizing by the ears—কর্ণেষু গৃহীত্বা।

(vii) অপ্—রাধ্ (to offend) ধাতুর প্রয়োগে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—কস্মিন্নপি পূজার্হেঽপরাদ্ধা শকুন্তলা (শ)—Sakuntala offended some one deserving respect.

## Exercise 18

1. Show the use of :—

(a) The use of the locative to distinguish a part from a whole ( নির্দ্ধারে সপ্তমী ) । (b) An example of ভাবে সপ্তমী । (c) দ্বিকর্ম্মক ধাতু ( 1910 ) । (d) A নির্দ্ধারণ বিভক্তি ( 1911 ) । (e) An অজহল্লিঙ্গ বিশেষণ পদ with its বিশেষ্য ( 1911 ) (f) The preposition ( কর্ম্মপ্রবচনীয় ) বহিস্ ( outside ) and অন্তরা ( between ) (1920).

2. Use the following words in short Sanskrit sentences :— ধিক্, বিনা, মাসেন, ফলায়, বহিস্, পৃথক্, নমঃ, অলম্ ( 1913 ).

3. Correctly use মাসমধীতম্ and মাসেনাধীতম্ in different sentences of your own. ( 1915 )

